ৰা দ্বিত দুবোর ব্যবস্থা বন্ধ করার কোন বাবস্থা এর মধ্যে নাই যেমন আছে দিল্লী বা বোদেবতে। একটা উদাহরণ দিচ্ছি, বেলেঘাটায় সি আই টি বিল্ডিং-এর কাছে ঝিনকে পর্টিড়য়ে চূণে করা হয়. তাতে সেখানে এমন দুর্গান্ধ হয় যে সেখান দিয়ে হাটা যায় না চারদিক ধোঁরায় ভতি হয়ে যায়। এর থেকে হাপানি বা সেরকম অন্যান্য রোগ হতে পারে। এই আইনসভায়ও এই সম্পর্কে আমি প্রশন উত্থাপন করেছি, কিল্ড এ সম্বন্ধেও এই আইনে কোন বাবস্থা দেখতে পাচ্ছি না। তার-পর, ভেজাল নিরোধ যেটা সকলেই চায়, এই ব্যাপারেও দেখছি গভর্নমেন্ট-এর আইন নাই. কপোরেশন-এরও আইন নাই, ভেজালকারীকে শাস্তি দেবার মতো কোন আইন নাই। তবে তাঁরা বলছেন তাঁরা কেন্দ্রের কাছে চিঠি লিখবেন যাতে আইন সংশোধন করে ভেজালকারীকে শাস্তি ধরনের একটা প্রভিসন থাকবে। তারপর, বহু বংসর আগে একটা আইন করার কথা হয়েছিল যে, যেসমুহত অহ্বাহ্থাকর ও নোংরা জায়গা আছে সেগালির উর্গাত করতে হবে, যেমন কাশীপুর, টালিগঞ্জ। এগালি আইন করে পৌরসভার অন্তর্ভুক্ত করা হয়েছে, কিন্তু সেগালি আজো তেমনি নোংরা রয়েছে, আজ পর্যণত কোন আইন এল না। তাছাড়া এই বিষয়ে যে সরকারের কোন দায়িত্ব আছে বা কপোরেশনের কোন দায়িত্ব আছে তার কোন লক্ষণ এই বিলের মধ্যে দেখতে পাচিচ না। জমিদারী দখল আইন কলকাতার উপর প্রযোজ্য নয়। কিল্ড যেসমুস্ত অস্বাস্থাকর জায়গা বা বৃহত রয়েছে সেই জুমি বা বৃহতর মালিকদের সেইগুনিল পরিম্কার করা বা উন্নতি করার জনা কোন কথাও এর মধ্যে দেখতে পাচ্ছি না। তারপরে অস্বাস্থাকর অগুলে বাড়ি ও ক্ষতীর মালিক এবং লিজ হোল্ডারদের খবে বাধ্য করা যাচ্ছে না এমন কোন আইন নেই যে সে শমস্ত জারগা তারা উন্নত করতে পারে। অথচ কলকাতার উন্নতি হোক, কলকাতা শহরের উর্নাত হোক একথা সকলেই বলেছেন অথচ এটাকে উন্নতি করার কোন বাবস্থা এখানে নেই। তাছাডা কলেরা বসহত বা এই সমহত মহামারী রোধ করার মত যে সামানতেম আইন আছে দেখছি সেটা অতানত দূর্বল। সেটাকে যে জোর করে একেবারেই যাতে দতব্ধ করে দেওয়া যায় সেরকম কোন জোরালো আইন হয় নি. বিলেও নেই এবং তার কারণ হিসাবে ১৯৬০ সালে যেভাবে লোকেরা অকাবণ মাতাবরণ করেছে অন্তত সেদিকে দাগিট রেখে মন্তিমহাশয় এটাকে সংশোধন করবেন বলে আমি আশা করি। আর একটা জিনিস হচ্ছে প্রত্যেক শিশরে জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা। এটা তাদের জন্মগত অধিকার। এখন এ কথাটা বললেই হয়তো বলবেন যে এটা হচ্ছে গভর্নমেণ্টের দায়িত্ব প্রথমিক শিক্ষার বাকত্থা করা। এর আগে পর্বত্ত আমাদের বলে এসেছেন যে প্রাথমিক শিক্ষার বাবস্থা কলকাতায় কেন হয় না তার কারণ হচ্ছে কর্পোরেশনের উপর দায়িত্ব কর্পোরেশন সেটা দেখে না। এখন এইভাবে টালবাহানা করে গভর্নমেন্ট বলেন কর্পোরেশন করছে না বলে এটা হচ্ছে না আর কর্পোরেশন বলে এটা গভর্নমেন্টের দায়িত্ব এইজন্য হচ্ছে না। অথচ এখানেও যে শিশুদের প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হতে পারে সেই ধরণের কোন আইন বা সে সম্পর্কে কপোরেশনেরই বা কি দায়িত্ব বা সেখানে সরকারের কিছ্ব করবার আছে কিনা কপোরেশনের এই শিক্ষা ব্যাপারে সে ধরনের এখানে কিছু নেই। কাজেই এই গরে, ছপার্গ দিকগালি আমি উল্লেখ করলাম আরো বহু ব্যাপারেই বলার ইচ্ছা ছিল কিল্ড আমি বেশী বলতে চাই না। সর্বশেষে মন্দ্রিমহাশয়কে আমি এই অন্-রোধই করবো যে, বে আশ্বাস এতদিন ধরে সাধারণ মানুষের কাছে দিয়ে এসেছেন যে এই বিলের পরিবর্তন হবে এবং সাধারণ মানুষের সূত্র-সূবিধার কিছু, পরিবর্তন হবে কিল্ড সে ধরনের কোন কিছু ব্যবস্থা এর মধ্যে নেই। শুধু যেটা রয়েছে সেটা নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা হরণ করার কথা অতানত ভালভাবে রয়েছে এবং গভর্নমেন্টের হস্তক্ষেপ পুরোপ্রারভাবে রয়েছে · সব চেরে আব একটি কথা শেষের দিতে বলতে চাই যে মন্ত্রিমহাশয় বললেন যে বৈশ্ববিক পরি-কর্তনের মধ্যে একটা পরিবর্তন হচ্ছে ক্রিটিল্লাল্ডের ১০০ টাকা দেওয়া হচ্ছে। কিল্ড এই দৃষ্টিভগ্গীকে আমি অতাস্ত নিন্দা করছি। কারণ কাউন্সিলারদের সমস্ত ক্ষমতা হরণ করে নি**রে** এই যে ১০০ টাকা ঘাষ্ট দেবার বাবস্থা করে তাদের মূর্খটি চাপা দিয়ে রাখা এটা অতাস্ত ঘাণাভরে আমরা প্রত্যাখ্যান করছি। কাজেই মন্দ্রিমহাশর যে বলেছেন যে বৈন্দরিক দ্রন্টিভগাী তাঁর সঙ্গে আমি মোটেই একমত নই। এই যে নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতা হরণ করে নিয়ে ১০০ টাকা শ্ব দেওয়া এই দৃষ্টিভগ্গী আমরা ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি এবং সর্বদেষে স্বাধীন ভারতের

পৌরসভার জন্মভূমি কলকাতা যাতে আবার সসম্মানে প্রতিষ্ঠিত হতে পারে, সেই চোরের রাজস্ব আর না হয় সেদিকে দ্বিট রেথে আমি মন্ত্রমহাশয়কে অন্বোধ করবো এই সংশোধনী আর্পনি পুনর্বার বিবেচনা করে আর্পনি এটা পাশ কর্ন।

Shri Nepal Chandra Roy:

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি এই মিউনিসিপ্যাল আমেন্ডমেন্ট বিলচা সম্পান করে দু:'-একটি কথা বলতে চাই। আমার বিরোধী দলের বন্ধরো অনেক কথাই বললেন, আমাদের ভতপরে মেয়র শ্রীবজয় ব্যানাজী তিনি তার অতীতের অভিজ্ঞতা নিয়ে অনেক কিছরে অবতারণা করলেন তাঁর কিছু, কিছু, কথার সংগ্রে নিশ্চয়ই আমরা একমত হবো, আবার কিছু, কিছু, কথার নিশ্চয়ই বিরোধিত। করবো। প্রথমে এরা যে কথাগুলি বলেছেন, অর্থাং যে কয়েকজন বন্ধতা দিলেন সকলেই कार्जेन्সनातरपत्र স্যাनोति अन्तर्भ, प्यानाजेन्স अन्तर्भ विद्याधिका कत्रलेत। प्राप्ति ফিল্ড:সা করি ও'রা কোন নীতির ভিত্তিতে এই স্যালারি বা আলাউন্সের বিরোধিতা করলেন। ক্ষেউ কেউ অলপ দেওয়া হয়েছে বলে বিরোধিতা করলেন আবার কেউ কেউ বলেছেন যে এক পয়সাও দিও না। অস্ততঃ আমি মনে করি এককালে দেশ যখন পরাধীন ছিল তখন সামাজিক कन्गार्ग शिक्तर परमात्र किंच, मान्य धवर निरात, रामन तार्ष्मेगात, मात्रमाथ, प्रभावन्य, চিত্তরঞ্জন. এই কপোরেশন-এ ঢুকেছিলেন দেশের মানুষের মঞ্গল করবার জনা। তখন টাকাকডি বা আলাউন্স নেবার প্রশ্ন ছিল না। যাঁরা বিরোধিতা করেছেন মাইনে না দেবার তাদের আমি একথা সমরণ করিয়ে দিই যে কপোরেশন রামকৃষ্ণ মিশন নয়। দেশের স্বাধীনতারী जना जत्नरक रजन रथर्फेर्डन এবং जत्नरक जत्नक किंडू वीनमान करत्रह्म। कार्क्सरे आणि **এरे** জিনিষ সমর্থন করি যে প্রত্যেক কাউন্সিলারকে ভাতা দেওয়া দরকার। তারা পকেট থেকে পয়সা খরচ করে রোজ কর্পোরেশনে যাবেন এবং লোকের উপকার করবেন এটা হতে পারে না। তবে আলাউন্স সম্বন্ধে ১০০ টাকা যা বলৈছেন তাতে আমি মনে করি এট অত্যন্ত অলপ আৰ একটা বেশী অ্যালাউন্স দেওয়া দরকার।

[4-50-5 p.m.]

मि अनारतवन रेगलकुमात भाषाङ्गीः एएएम होका कता शरारह।

শ্রীনেপালচন্দ্র রায়ঃ আমি বলি ২০০ টাকা করা দরকার। তারপর আমি শ্রনলাম বিবো**ধী** দলের সকলে একথা বলেছেন যে, এই আইনটি কংগ্রেসী মন্ত্রীরা নাকি এনেছেন বিরোধী দলকে এলিমিনেট করবার জন্য--এর্থাৎ কপ্রেমিনেশন থেকে তাদের বিদায় করবার জন্য। তাছাড়া আরও বলেছেন এই বিলে সবই নাকি কংগ্রেস কাউন্সিলাররা লুটেপুটে নিয়ে যাচেছ। একটা আ**নে** হেমান্তবাব, বললেন এমনভাবে কাউন্সিলার নিয়োগ করা হচ্ছে যাতে অপঞ্জিশন একটি সিট-ও না পান। এত ভয় কিসের: কর্নাস্টাট্টয়োস্সী ভাগ করা হয়েছে এবং জনসাধারণ ভোট দেবে এবং আডালট ফুনচাইজ যথন হয়েছে তথন এই এলাকায় কংগ্রেস, এই এলাকায় কমিউনিস্ট পার্টি এবং এই এলাকায় পি এস পি এটা হবে না। রাস্তা ভাগ করা হয়েছে এবং ১৫ হাজার থেকে ১৯।২০ হাজার করা হয়েছে। সারে একদিন এ'রা চীংকার করোছলেন দেশের গণতন্দ্র শেষ হয়ে গেল, কপোরেশন-এ, হিউনিসিপ্যালিটিতে আডোল্ট ফ্রানচাইজ হোল ন । আরু আজকে গভর্মান্ড যথন আডেন্টে ফুনচাইড করছেন তথন এবা বলছেন রাস্ডা ভাগ করে ওবা সব নিষ্টে যাক্তেন। আমি মনে করি দেশের মান্য য'দের উপর বিশ্বাস রাখেন তারাই গভনমেন্ট চালাবেন, क्टर्भारतमान हाल दन। आश्रनात्मत छेशत त्मरभात भानास विम्वाम तार्थ गा ठाइ आश्रनाता গভর্মমেন্ট-এও নেই, কপেরিশনেও নেই। আপনাদের মাধার এক চিম্তা চক্রেছে সব কেন্তে নেবে, কিন্তু মনে রাথবেন দেশের মান,যের উপকার করতে না পারলে তারা আপনাদের চিরাদন বিশ্বাস করবেন না। এই কোলকাতায় কত ভাঁওতা আপনারা দিয়েছেন—কপ্রেশানে আমাদের র্যদি ভোট দাও তাহলে। আমরঃ সমসত টাক্সমকুব করে দেব, রাস্তা সোনা দিয়ে মুড়ে দেব। লোককে আপনারা এক, দুই, তিনবার ঠকাতে পারেন, কিন্তু বারবার পারবেন না। এইসব কারণে क्लिकारा भरतित कनमाधातप भाषना हिन्द विश्वाम करते नो अवश हिन्देव ना । उतिश्व মাননীয়া সদস্যা ইলা মিত্র যে কথা বলেছেন অমি তাঁকে সমর্থন করি। তিনি কতীর উল্লেখ্য সম্পর্কে বলেছেন, আমি তাকে সমর্থন করি। আমার মনে হয় কোলকাতা শহরে যতগালে[।] পাকা

বাডী আছে তার চেয়ে বস্তীতে বেশী সংখ্যক অধিবাসী রয়েছে। এই বস্তীর অধিবাসীদের কথ। আমি বরাবরই বলে আসছি এবং আজকেও আবার গভর্নমেন্টের কাছে একথা বলছি বে. কোলকাতার উন্নয়ন না করার জন্য সমুহত বৃহতীবাসীরা আমাদের বিরোধিতা করছে। তারা দেখছে কংগ্রেস পাওয়ার-এ রয়েছে, কপোরেশনও কংগ্রেসের হস্তগত অথচ এই দরিদ্র ক্তবীবাসীরা কোন বেনিফিট-ই পাচ্ছে না।

আমি সরকারের কাছে প্রস্তাব করি যে, তাদের জন্য বড় বড় পাড়া বাড়া সি আই টি বিলিডং করে তাদের সেখানে সিফট করার আগে যদি ত দের ইণ্টারিম রিলিফ দেবার বাবস্থা করেন তাহলে খবে ভাল হবে। কোন বৃহতীতে কপোরেশন ঝাঁট দেয় না। কোন বৃহতীতে কপোরেশন থেকে वा एक्क्य िक्पार्टियाने एथरक विकेव अराम ना. राम भाराभामा कर्पारतभारत तारे राम বস্তীতে জমিদার পায়খানা দেয় না বস্তীওয়ালাদের যেতে হয় গণ্গার ধারে নয়ত অন্য জায়গায়। হয়ত কোন কতীতে লোক আছে পাঁচ হাজার, সেখানে হয়ত ১টা কি দু'টো পায়খানা আছে কলকাতার বৃকে এই অব্যবস্থা আছে। আইনে অনেক কথাই হয়ত লেখা আছে, বস্তী উন্নয়নের হয়ত অনেক পরিকল্পনা করেছেন, কয়েকশত টাকা খরচ করে বস্তী উল্লয়নের পরিকল্পনা করবেন কিন্তু তার আগে ইণ্টারিম রিলিফ দেবার ব্যবস্থা কর্ন, কলের জল, পায়খানা, আলো এগুলি प्रवात वावन्था कत्रान। कनकः ठाग्र भाका वाफ़ौरंट नारें । আছে किन्छु वन्टीरंट नारें । एत्वन ना। আমি বলি এই ব্যবস্থাগনলৈ ইমিডিয়েটলি চাল, কর্ন, তবে তো ও'দের (বিরোধীপক্ষের) থোতা মুখ ভোতা করে দেওয়া হবে! কারণ আজকে ও'রা তো এই অবাকম্পারই আ ডভানটেজ নিচ্ছে এই বলে যে কপোরেশন কংগ্রেসী মেম্বারদেরই, যেহেত প্রাধানা সেজনাই ও'রা এ বিষয়ে নজর দিচ্ছেন না এবং সরকারের যে আইন আছে তাতে বস্তী এলেকায় পায়খানা করে দেওয়ার এবং জল নিম্কাশনের বা ঝাঁট দেবার ব্যবস্থা নাই। আজকে কলকাতা শহরে এপিডেমিক লাগলে আমরা কি দেখতে পাই? দেখতে পাই বস্তী এলেকায়ই কলেরা বেশী হয় এবং ঐ এলাকা থেকেই হাসপাতালে রোগী বেশী যায়। বসনত হলেও আমরা দেখতে পাই বস্তী থেকেই রোগী বেশী আসে হাসপাতালে। সেজনা কলকাতার এম এল এ-দের সঙ্গে আমি আলোচনা করে দেখেছি--তাঁরা বামপন্থীই হউন আর দক্ষিণপন্থীই হউন সকলের সন্পোই আলোচনা করে দেখেছি সকলেই চান যে কলকাতার বস্তীতে ইন্টারিম রিলিফ দেওয়া হোক। আমি কে'ন রাজনীতির কথা বলছি না যার: পাকা বাড়ীতে বাস করছে আর যারা পাশে বস্তীতে বাস করছে কুকুরের মত, তাদের অবস্থাটা जुलना करत एउटर एम्थ्रन। स्माञ्जना ध्रम ध्रम ध्र, विरमय करत कलकाजात यात्रा প্रতिनिधिष कत्रह्म তারা প্রতি মুহাতে বস্তীর মানুষদের এই অসহায় আবস্থার জন্য দায়ী, তারা কিছুই করতে পाচ्ছেন না, একদিকে হেলথ ডিপার্টমেল্ট বলছে ওটা কপোরেশন দেখবে, আমাদের কিছুই নর ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট বলছে ওটা কর্পোরেশন দেখবে, এই অবস্থায় কলকাতার 🚎 🕬 🚉 যায় কোথায়? খালি যদি বড় বড় সি আই টি বিশ্ডিং করেন সারা বছরে হয়ত ৫০০ লোকের ৰাবন্ধা হবে কিন্ত খবর নিশেই জানতে পারবেন যে বন্তীতে ২২।২৩ লক্ষ লোক বাস করে। সেদিকটা বিবেচনা করে সরকারের তরফ থেকে নিশ্চয়ই বিরোধী পক্ষের সদস্যরা আমার সংগ একমত হবেন, বৃহতীতে ইন্টারিম রিলিফ দেওয়া উচিত। যদি তা না হয় তা**হলে কলকা**তার বসন্ত, কলেরা কোর্নদিন বন্ধ করা যাবে না, এই বলেই আমার বন্তবা শেষ করছি।

Dr. Kanai Lai Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে সংশোধনী বিল আমাদের সামনে আনা হয়েছে সে সম্বন্ধে দ:-চারটা বন্তবা হাউসের সামনে আমি রাখবো। অবশ্য মাননীয় মন্দ্রিমহাশয় এখানে নেই, তাঁকে দেখতেও পাচ্ছি না। ১৯২৩ সালে ক্যালকাটা কর্পোরেশন-এর যে আইন, ক্যালকাটা মিউনিসি-প্যালিটি আইন রচিত হরেছিল সেই আইনে দীর্ঘদিন ধরে ক্যালকাটা কর্পোরেশন পরিচালনার পর আবার ১৯৫১ সালে এই আইনকে সম্পূর্ণর্পে পবিরর্তন করা হল।

[5-5-10 p.m.]

অর্থাৎ আমরা দেখতে পেলাম যে কাউন্সিলারদের হাত থেকে ক্ষমতা নিয়ে সরকার কিছুটা ক্ষমতা নিজের হাতে রাখবার চেন্টা করলেন এবং রাইটার্স বিল্ডিংস থেকে এই কলকাতা কর্পোরেশনকে পারচালনা করার একটা প্রচেষ্টা এই আইনের ভেতর দিয়ে দেখা গেল। ১৯৫১ সালের ক্যালকাটা

মিউনিসিপ্যাল আইনে ক্ষমতা তিন ভাগ করে দেওয়া হল-কাউন্সিলরকে. ক্মিশনারকে-ক্মিশনার সরকার কর্তৃক নিযুক্ত হবে, এবং স্ট্যান্ডিং কমিটির হাতে কিছু, কিছু, ক্ষমতা দেওয়া হল। সেই আইন অনুযায়ী ১৩ বছর ধরে এই কালকাটা কপোরেশন চলেছে। এই ১৩ বছরের মধো অনেক অবনতি এই কলকাতা শহরের হয়েছে। তার প্রধান এবং প্রথম কারণ হচ্ছে কলকাতা কপোরেশন পরিচালনার জনা যে আইন তার ব্রুটি-বিচাতি। আমার মনে হয় এটা অনেকেই ম্বাকার করেন, পরে ক্ষভাবে সরকারও এটা স্বাকার করেন এবং তারই জনা আমরা খবরের কাগজে দেখেছিলাম যে এই কলকাতা কপোরেশনকে ঠিকমত চালনার জনা ১৯৫১ সালের আইন:ক পরিবর্তন করতে হবে। কিন্তু সেই পরিবর্তনের নাম করে যে আমেন্ডমেন্ট বিল আমাদের কাছে এল সেটা দেখে অত্তঃ আমার এইটুকু মনে হয়েছে যে এর স্বারা কলকতা কর্পোরেশনে ক্ষমতার যে লডাই চলেছে তিন পক্ষের মধ্যে সেই ক্ষমতার লড়াই বন্ধ হবে না এবং কর্পোরেশনের কাজ যেভাবে চলছে তার বিশেষ কিছু, উন্নতি হবে না। স্যার, আমি অন্ততঃ একটা জিনিস এর ভেতর দিয়ে লক্ষ্য কর্মছ যে যত স্বায়ন্ত্রশাসনমূলক প্রতিষ্ঠান আছে, স্ট্যাট্টেরী বডি আছে সমস্ত জ্যাগাতে সরকারের একটা টেন্ডেন্সি এসে গেছে কিছু, ক্ষমতা নিজের হাতে রেখে দেওয়ার যাতে नांकि এই প্রতিষ্ঠানগুলিকে কলকাঠি নেডে পরিচালনা করা যায়, অর্থাৎ রাইটার্স বিলিডংসে র্ঘাফসার যাঁরা আছেন তাঁরা মনে করেন আইনে যেন এই রকম মারপাচে থাকে যাতে বাংলাদেশের সমুহত স্বায়ক্তশাসনমূলক প্রতিষ্ঠানের উপর তাঁরা সাম্বেসফুর্নল হস্তক্ষেপ করতে পারেন। সারে, আমরা এর আগে দেখিয়ে দিয়েছি যে কালকাটা ইউনিভাসিটি আইন পাশ করার পর আমাদের বাংলাদেশে যতগুলি ইউনিভাসিটি হয়েছে সমস্ত ইউনিভাসিটি আইনের মধ্যে ঐ শিক্ষা বিভাগ থেকে কিছুটা কলকাটি নাডার জন্য ক্ষমতা রেখে দেওয়া হয়েছে। আমরা দেখেছি যে কলকাতা কপোরেশন আইনকে নাকচ করে দিয়ে ১৯৫১ শালে যে আইন রাচত হল তার ম্বারা সরকার অনেকথানি ক্ষমতা রেখে দিলেন—স.পারসেশানের ক্ষমতা আগে ছিল তা তো আছেই. তা ছাডা অনেক ক্ষমতা রেখে দিলেন যাতে রাইটার্স বিলিডংস থেকে অফিসাররা কলকাতা কর্পোরেশনের মাঝে মাঝে কানমলা দিতে পারেন। এইভাবে কাউন্সিলারদের ক্ষমতা আম্ভে আন্তে তাঁরা সম্কুচিত করে নিয়ে এলেন। স্যার, বেণ্গল মিউনিসিপ্যাল আইন ১৯৫৬ সালে বোধ হয় সংশোধন করা হল, তার ভেতর দিয়েও আমরা দেখলাম সরকার কিছুটা ক্ষমতা কমিশনারদের কাছ थिक करफ निरम्न निरक्षत्र शास्त्र ताथलन। रेमनवाद् यच्डे वन्नन ना रून य कर्पारतमस्त्र मस्य যাতে এই ক্ষমতার মারামারি না হয় সেটা যাতে আরো ডিফাইণ্ড হয় সেজনা এই বিল তিনি এনেছেন, সেটা আমি বিশ্বাস করি না। তিনি ব্রথিয়ে দিতে পারবেন না যে এই বিলের মধ্যে প্ট্যাণিডং কমিটির যে ক্ষমতা আছে কমিশনারের যে ক্ষমতা আছে কর্পোরেশনের যে ক্ষমতা আছে সেটা কি করে ওয়েল ডিফাইন্ড হচ্ছে যাতে নাকি কপোরেশনের মধ্যে এই ক্ষমতার বন্দ যার জন্য কর্পোরেশনের প্রশাসন বাবস্থা ঠিকমত পরিচালনা করা যাচ্চে না, সেটার উন্নতি এই বিলের ভেতর দিয়ে কোন জারগায় হচ্ছে। সেটা শৈলবাব, দেখাতে পারবেন না। একটা জিনিস এই বিলের মধ্য দিয়ে দেখতে পাচ্চি সেটা হচ্ছে আরো কিছু, ক্ষমতা যেটা নাকি ১৯৫১ সালের আইনে ছিল তার চেয়েও অারো কিছাটা ক্ষমতা সরকার গ্রহণ করে নিয়েছেন। স্যার, এই বিলের আগে ১৯৫১ সালের আইনে ছিল न्हेर्गान्छः क्यिहित्क यौता कार्डेन्जिनत अन्छात्रमान नन এই तक्य महस्त्रन বাইরের লে'ককে আসেসিয়েট মেম্বার করে নিতে পারবে। কিন্ত এই বিলের ভেতর দিরে শৈলবাব, সেটা নিয়ে নিলেন—এই যে আসে সিয়েট মেন্বার হবেন তাঁদের দাজনকে গভর্নমেন্ট নোমিনেট করে দেবেন। এই ক্ষমতা নির্বাচিত কাউন্সিলারদের হাত থেকে নিয়ে নেবার কারণ याहि। कार्र्याचे जर्मा जामार मत्न रह धरे रा कार्याम ध्रम मत्न कराह जाजाने सानारेख হয়ত বিরোধীপক্ষ জিতে যেতে পারে সেজনা অন্ততঃ ন্ট্যান্ডিং কমিটিতে যাতে কংগ্রেসের দুট্রন সরকারের ব্যাক্ডোর দিয়ে ঢুকতে পারেন তার জন্য একটা ব্যবস্থা এখানে করে রেখে দেওয়া হল। সারে তারপরে আমরা দেখতে পাচ্ছি ১৯৫১ সালের আইমেট্রেমার স্ট্রান্ডিং কমিটির যে সমস্ত ডিউটিজ এবং ফাংসনস ছিল সেগ্রলি সম্বদ্ধে রূল তৈরী করতো কপোরেশন। তার ভিতর এমন কিছু গোলতি কপোরেশন করেছে কি না জানি না হঠাং সেই ক্ষমতা এই বিলের ভিতর দিয়ে সরকার গ্রহণ করলেন-কেন করছেন তার কোন যাছি শৈলবাবা দেন নি তবে নেয়ার কোন প্রয়েজন নেই। আমার মনে হয় যে স্ট্যান্ডিং কমিটি যাতে ঠিক সরকারের মনোমত চলেন সেই-**घार जाता बाल टिवरी कतरवन अवश्यमबंद्र अमद्र वीम श्रांतालन इत्, बाल भानार्क मार्यन, वर्षने**

দেখবেন যে স্ট্যান্ডিং কমিটি রাইটার্স বিনিডংসের কথামত চলছে না। স্যার, তাছাড়া কমিশনার তার काक्रकर्भ किलाद करावन स्मिणे ১৯৫১ সালের আইন অনুযায়ী ছিল যে এটা কমিশনার করবেন এবং তার জন্য যে রূল করা হবে সেই রূল কপোরেশন তৈরী করবে—এই বিলে সেই ক্ষমতা সরকার নিজের হাতে গ্রহণ করছেন। এছাড়াও ১৯৫১ সালের আইনে ছিল যে একজন স্পেশাল ডেপর্টি কমিশনারকে যদি কর্পোরেশনের কাউন্সিলাররা রিকুইজিশন করেন তাহলে সরকার ज्याभराने कतरा भातरान-- अथात रमणे वनस्था ता ना जा जा तिक्टे जिमन-- मत्कात यि মনে করেন যে স্পেশাল ডেপ্রটি কমিশনার নিয়োগ করা উচিত তাহলে তারা করে দেবেন, অর্থাৎ কমিশনারের আরো খানিকটা ক্ষমতা তারা এর দ্বারা কেডে নেবার প্রেম্থা করলেন। এছাড। সব চেয়ে ইম্পর্টেণ্ট হচ্ছে যে কর্পোরেশনের সমস্ত অফিসাররা অ্যাপয়েন্টেড হতেন ১৯৫১ সালের আইনান্সারে কর্পোরেশন কর্তৃক, কর্পোরেশন কর্তৃক অ্যাপয়েণ্টমেণ্ট হবার পর সরকারের কাছ থেকে পার্মিশন নিতে হোত, এখানে এই আইনে করলেন যে ফাইনান্স অফিসার কপোরেশন অ্যাপয়েণ্ট করতে পারবে না. ফাইনান্স আফসার ন্টেট গভর্নমেণ্ট অ্যাপয়েণ্ট করবেন। এইভাবে আমার মনে হয় আরো ডিটেল্ড যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে এই আামেন্ড-মেন্টের ভেতর দিয়ে সরকার অতান্ত সাট্ললী নির্বাচিত কাউন্সিলারদের ক্ষমতা অপহরণ করেছেন এবং নিব্দের হাতে নিয়েছেন। এটাকুই করতে পেরেছেন, এ ভিন্ন তাদের যে অবক্ষেক্টিভ ছিল যে এই সংশোধনের ম্বারা পাওয়ারগর্নেল ডিফাইন্ড হবে সেই অবর্জেক্টিভ এই বিলের ম্বারা পালন হবে না। এ ছাড়া আর একটা আমি দেখাতে পারি যে লাস্ট সিড্লে হাওড়া মিউনিসিপ্যালিটিতে रवेंगे अञ्चरिर एफ रूप रमणे ১৯৫১ मार्लित आर्टेन अक्टो প্रভारेट्स कर्फ मिरारहिन ख হাওড়া মিউনিসিপ্যালিটির যেকোন এড়কেশনাল ইনস্টিটিউসনে তারা গ্রান্ট দিতে পারতেন— এখানে একটা প্রভিশন জড়ে দিলেন বে এর জন্য স্পেশাল পামিশন স্টেট গভর্নমেন্টের নিতে

[5-10-5-20 p.m.]

হাওডার মধ্যে যদি কোন কলেজকে গ্রান্ট দিতে হয় তাহলে সেই গ্রান্ট দিতে গেলে স্পেশাল পার্রমিশন গভর্নমেন্ট-এর কাছ থেকে নিতে হবে। কাজেই আমি মনে করি এই যে বিল সরকার এনেছেন এই বিলের ম্বারা তার। কর্পোরেশন-এর উন্নাত কিছাই করতে পারবেন না। একটা কথা সরকারের তরফ থেকে বলা থেতে পারে যে, সরকারের হাতে কিছু কিছু ক্ষমতা নেওয়া হয়েছে দ্রনীতি বন্ধ করবার জন্য এবং তাঁদের আডিমিনিস্ট্রেশন-এর এফিসিয়েন্সি বাডাবার জন্য। আমি মণ্ডিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই আজকে ওয়েন্ট বেল্যল-এ যে প্রশাসন চলছে তার মধ্যে কি দ্র্নীতি নেই। ১৭ বংসর কংগ্রেসী রাজত্বের পর সমস্ত মান্য এই কথাই আজকে জিজ্ঞাসা করছে সতাই এ'দের প্রশাসনিক ক্ষমতা আছে কি না। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যদি কেন্দ্র থেকে বলা হয় কর্নাস্টটিউশন আমেন্ড করে পশ্চিমবংগ সরকারের ক্ষমতা অপহরণ করা হবে তাহলে ত রা কি সম্মতি দেবেন। কিছু দিন আগে কাগভে দেখেছিলাম সমুস্ত ভারতবর্ষে এক রকম শিক্ষা প্রবর্তনের জন্য কেন্দ্র আরো ক্ষমতা চেয়েছিলেন এবং তার জন্য সংবিধান সংশোধনের জন্য স্পোরিশ করেছিলেন। সেজনা তিনি প্রত্যেক রাজ্যের শিক্ষামন্ত্রীদের ডেকে একটা কনফারেন্স করেছিলেন। আমি যতদরে জানি পশ্চিমবঞ্জের তরফ থেকে এবং অন্যান্য সমন্ত স্টেট থেকে আপত্তি করা হয়, তার কারণ ক্ষমতা কেন্দ্রীভূত হওয়া উচিত নয়। ক্ষমতা যদি কেন্দ্রীভত হয় গণতন্ত বাঁচবে না। এই কথা তাঁরা বোঝেন না তা নয় কিন্ত তৎসত্তেও পশ্চিমবংশে যত স্বারব্রণাসনমূলক প্রতিষ্ঠান আছে সেগ্রলির ক্ষমতা তাঁরা আইন করে নিজেদের হাতে নিয়ে নিচ্ছেন। এই করেই কি তারা দেশের ভিতর তারা সুস্থ গণতাশ্যিক পন্ধতি গড়ে ভলভেন? সেজনাই আমি সবিনয়ে মলিমহালয়কে সমর্গ করিয়ে দেব যে এই ধরণের বিল এনে শদি ভারা মনে করে থাকেন যে এর স্বাক্ত কলকাতা কপোরেশনের প্রশাসনিক বাবস্থার উল্লতি করবেন তাহলে তাঁরা দ্রান্ত। আমি আরেকটা কথা বলে আমার বস্তুবা শেষ করতে চাই—সেটা हरू स्य कथा तमानवाद, वनतनम, कार्छोन्मनातरमत प्राहितत श्रम्म। সाति, এতीमन कार्छोन्मनातरमत মাইনে ছিল না, কিন্তু তারা কি কোন কাজ করেন নি? নিন্চয়ই করেছেন। আমার মনে হয় কাউন্সিলারদের ১০০ টাকা মাইনে দিলে তাঁদের অপমান করা হবে। যদি মাইনে দিতে হয়— মাইনে দেওয়াই উচিত বলে মনে করি—যদিও তারা নির্বাচিত প্রতিনিধি, তাহলেও তাদের বেরকম

পরিশ্রম করতে হয় এবং আজকের দিনে যদি তাঁদের ঠিকমতো কাজ চালাতে হয় তাতে তাঁদের যদি অথের জন্য অনা কোন বাবপথা অবলন্দন করতে হয় তাহলে তাঁরা স্প্র্তৃত্বতে তাঁদের কার্য সম্পদন করতে পারবেন না। আজকের দিনে যে কোন মধাবিত্ত সংসার ৩০০ IS০০ টাকার কমে চলতে পারে না। লেজিসলেটিভ আংসেন্বলাঁর সদসালের ২০০ টাকা মাইনে, আমার মনে হয় মনে হয় এট না থাকাই ভাল ছিল। তাই আমি বলছিলাম কাউন্সিলারদের ১০০ টাকা মাইনে ঠেকিয়ে দেওয়া, এটা উচিত নয়, এতে তাঁদের অসম্মান হবে। আমাদের এখানে এই মাইনেটা যা দেওয়া হচ্ছে তা বহুদিন ধরে চলছে, তাই এটা আমাদের মেনে নিতে হয়েছে। ২০০ টাকা একটা মান্সেরও চলে না, চলা সম্ভব নয়, তৎসত্ত্বেও আমাদের এই অপমানজনক বাবস্থায় পড়ে থাকতে হছে, ১৯৩৭ সালে একটা আইন হয়েছিল, সেই আইনের মধ্যে আমাদের এখনো থাকতে হছে। কিন্তু আমরা নিশ্চমই জানি, আমরা যদি আইন রচনা করতাম তাহলে বলতাম যে ২০০ টাকার কম মাইনে না হওয়াই ভাল। সেই জনো আমি বলছি এই কার্টান্সলারদের মাত্র ১৫০ টাকা মাইনে দিয়ে অথবা একটা আালাউন্স দিয়ে তাঁদের অপমান করা উচিত নয়। যদি পারেন তাঁদের মাইনে অন্তত্তঃ ৪০০ টাকা কর্ন, যদি না পারেন তাহলে একেবারেই ওটা বাদ দিন। যদি মঙ্গে করেন যে ফিনান্সে এখন কুলাবে না তাহলে দেবেন না, কিন্তু এইভাবে তাঁদের অপমান করবেন না। আমি এই কয়েকটি কথা খলে আমার বন্ধবার্যেলি আপনার সামনে রাখলাম।

Shri Naresh Nath Mookerjee:

সভাপতি মহাশয়, আমি এই দ্বিতীয় সংশোধনী বিল যেটা আজ আমাদের সামনে সিলেক্ট কমিটির রিপোট সহ পেশ করা হয়েছে সেটা সমর্থন করতে উঠেছি। আমি জানি যে এই বিলের মধ্যে কলকাতার নাগরিকদের সকল সমস্যার সমাধানের বাবস্থা হর্মান এ বিষয় কোন সন্দেহ নেই। কিল্টু তথাপি আমি এটি সমর্থন করছি দ্টি কারণে। একটি কারণ হচ্ছে যে আজকে এই ১৯৬৪ সালে এখন প্রবিত্ত কলকাতায় প্রাণতবয়স্ক নাগরিকদের ভোটের অধিকার দেওয়া হয় নি এটা অভানত লক্ষ্য কর বিষয়। আমরা চিরকাল গর্ব করে এসোছ যে,

What Bengal thinks to day India will think tomorrow

আজকে ছোট ছোট সহরে, পাটনা, বেনারস এবং আরে। ছোট ছোট সহরে আমরা গেলে তাঁরা আমাদের অনেক সময় ডেবে অভার্থন করে নিয়ে যায়। সেখানে আমাদের বলতে লঙ্জা করে যে আমাদের সহরে এখনও আডালট ফ্রানচাইস্ হয়ান। এটা অতানত লঙ্জার কথা। এবং আজকে আমারে বন্ধরো এবং অনেকে ব ইরে বলেন যে কলকাতা কপোরিশনের কার্টান্সলাররা তাঁদের দারিছ পালন করতে পারেন না, তাঁরা উপযুক্ত নয়, নানা কথা সমালোচনা করেন। তার একটা বড় কারণ হচ্চে তাদের কোন দায়িছ দেওয়া হয়িন। আজকে সেই কারণের জনা এটা সমর্থন করিছ। দিবতীয় কারণ হচ্চে যে আমাদের শৈলবাব, প্রাভ্ন স্বায়ন্থশাসনমন্ত্রী, তিনি এই হাউসে আমাদের প্রতিশ্রন্তি দিয়েছিলেন যে একটি কমপ্রিহেনসিভ বিল আনরেন। এটা কমপ্রিহেনসিভ বিল নয় আমারও জানি, ওলিকের বন্ধরোও জানেন। আজকে এই হাউসে, অনেক কথা উঠেছে। বথা, আমাদের কাউনিসলারদের স্বাধানিতা থব করা হয়েছে, তাঁদের ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে, কমিশনারকে বেশী পাওয়ার দেওয়া হয়েছে ইত্যাদি।

[5-20-5-30 p.m.]

মাননীয় সভাপতি মহাশয়, আমার বন্ধ, এবং অগ্রন্ধত্তা হেমন্তদা যে কথা বলেছেন তাতে আমার দাংথ হচ্ছে। এই সিলেক্ট কমিটিতে আমি বার বার কমিশনারকে বেশী ক্ষমতা দেওয়া এবং কার্ডিন্সলারদের পাওয়ার কমানোর বির্দেধ প্রতিবাদ করেছি। কিন্তু তিনি কোন আপত্তি ভোলেননি।

Mr. Chairman: Mr. Mookerjee, proceedings of Scleet Committee are not discussed here.

শ্রীনরেশনাথ মুখাঞ্জীঃ আপনার অবগতিস জনা বলছিলাম। তবে আপনি যথন বলছেন তথন সেই সমালোচনা আর করছি না। সমস্ত দলের প্রতিনিধিরা মিলে আমরা যে সিন্ধান্ত করেছি আমি সেটা মেনে নিরেছি এবং এই বিলের মাধ্যমে আমরা যতট,কু পাচ্ছি ততট,কু সমর্থন করে। কাজেই এই বিল পাণ করা হোক এটাই আমার একমাত উদ্দেশ্য। তারপর সভাপতি

মহাশর, কোলকাতার বস্তীর উন্নতির কথা এবং কপে রেশন কোন কান্ত করেনি এই সকল কথা উঠেছে। আমার বন্দ্র নেপালবাব, বললেন, বস্তীতে আলো নেই, জল নেই। আমি আপনাদের এটুকু বলতে পারি এবং আপনারাও বোধহয় সমর্থন করবেন যে, কোলকাতা কর্পোরেশন সমস্ত বস্তীর মধ্যে যতটা পেরেছে টিউবওয়েল এবং যেখানে পেরেছে আলো দেবার চেন্টা করেছে। আমি একজন প্রতিনিধি হিসেবে একথা জানি এবং এসব কথা সত্য। কোলকাতা কপোরেশনের প্রতিনিধিরা বস্তীর উন্নতির জনা, বস্তীর স্বার্থের জন্য এবং বস্তীবাসীদের দুঃখ নিবারণের জন্য যথেষ্ট চেষ্টা করেছেন। তবে যেখানে পার্রোন তার কারণ হচ্ছে হয়ত জমিদার বা বাড়ীওয়া**লা** আপত্তি করেছে। এরকম অনেক কেস আছে যেখানে জমিদার এবং বাড়ীওয়ালার অ পত্তির জন্য টিউবওয়েল বসান যায়নি৷ এই কয়েক বছরের মধ্যে কয়েক হাজার টিউবওয়েল যে বস্তাতৈ দেওয়া হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি মনে করি কোলকাতা কপোরেশন এবং প্রতিনিধিদের অভিনন্দন জানান উচিত কারণ এখনও পর্যান্ত এই সামান্য আয়ে এবং এত বায় বৃদ্ধি হওয়া সত্বেও, প্রফিট মার্জিন কিছু না থাকা সত্তেও এখনও আমরা কলের জল পাচ্ছি, রাস্তা সাফ পাচ্ছি এবং আলো জনলছে। এই প্রসংগ্যে আমি গভর্নমেণ্টকে খানিকটা দোষ দেব কারণ এই ১২ বছরের মধ্যে কোলকাতা শহরের উন্নতির জন্য তাঁরা এমন কিছু অর্থ বায় এখন পর্যন্ত করেননি। সি, এম, পি, ও, হয়েছে জানি, কিন্তু এই অর্গানাইজেসনটা কি করছে ও কেন হয়েছে তা জানিনা। কবে তার রিপোর্ট পাওয়া যাবে कि তার স্পান এসব বিষয় আলেচনা না করলেও এটাকু বারেছি যে তার ফলাফল আমাদের জীবনে দেখতে পাব না। তারপর, ইম্প্রভমেন্ট ষ্টাল্টের উপর যে অভিযোগ আনা হয়েছে আমি মনে করি এটা অত্যন্ত অন্যায়ভাবে আনা হয়ে**ছে।** কারণ বদি কেউ কিছু উন্নতি করে থাকে কলকাতা সহরের এই ৪০ বছরের মধ্যে তাহলে ক্যালকাটা ইম্প্রভেমেণ্ট ট্রাস্ট করেছে। আমরা যখন ফেইল কর্রোছ তথন ইম্প্রভেমেণ্ট ট্রাস্ট রবীন্দ্র সরোবরে একটা স্টোডয়াম করে দিয়েছে এবং এছাড়া আরও অনেক উন্নতি করেছে। আজকে সাউধ ক্যা**লক**টোর **লেক** একটা মনোরম স্থান দেখবার মত যায়গা। আমাদের এমন কিছা নেই কলকাতা সহরে বিদেশী এলে আমরা দেখাতে পারি। আমাদের লেককে দেখাতে হয়। সেটা কিন্তু ক্যালকাটা ইম্প্রভমেন্ট ট্রাস্ট-এর করা, এবং বস্তীর কথা যখন উঠেছে তথন কিন্তু একটা কথা না বলে আমি থাকতে পারি না। আমাদের কলকাতার ক্রডাইনামার বা**শ্তবিকপক্ষে পাকা বাড়ীতে কেউ থাকতে** চায় না। (হাস্য) থাঁরা হাসছেন তাঁরাও এটাও জানেন, আমিও জানি। আমাকে প্রত্যেকবার ইলেকসন-এর সময় মুচলেকা দিতে হয়েছিল বস্তীবাসী বন্ধনের, তারা একথা বলেছিল-আপনি বলুন যে আপনারা কতী ভাণ্গবার বা ক্তা উন্নয়নের কোন চেণ্টা করবেন না। যে যাই বলনে না কেন এ সম্বন্ধে আমি প্রমাণ দেখিয়ে দেব। ক্ষতী থেকে ৫ মাইল দুরে নিয়ে গিয়ে পাকা বাড়ীতে রেখে তাদের জীবনের আমলে পরিবর্তন করার চেণ্টা তারা সহ্য করবেন না, তারা আজীবন সেখানে থেকেছে আজকে **দরকার হচ্ছে কলকাতার বাড়ীর উন্নয়ন। বৃদ্তীকে উন্নত করে পাকা করে আধর্নিক য়ার্মেনিটিস** তাদের দেওয়া দরকার। তা না করে যদি আপনারা মনে করেন যে বস্তীগুলিকে ভেগে বস্তী-বাসীদের সাততলা বাড়ী করে তাদের সেখানে রাখবেন তাহলে সেটা স্বংনই থাকবে। বাস্তবে কোর্নদিন পরিণত হবে না। সেজন্য আজকে কলকাতা সহরে যেখানে জায়গা নেই যেখানে বস্তী-বাসীদের কোন রকম কিছু করা যাছে না, এত বড আইডিয়াল নিয়ম, এ পরিকম্পনার কোন মানে হয় না। উল্টো করে বরং আমাদের উচিত হচ্চে বস্তীগুলিকে আইনের মাধ্যমে য্যাকোমার করে সরকার হাতে নিয়ে স্কার হেল্দি পরিবেশ স্থিত করা, তার উন্নতি করা। এ ছাড়া যারা ক্রমাগত বলে থাকে কিছু হচ্ছে না তারা শুধু ক্রোকোডাইল চিয়ার্স ফেলবেন কিল্ডু কোন উন্নতি হবে না। এ বিষয়ে আমরা ২০ বছর আগে যেখানে ছিল্ম এখনও সেখানেই পড়ে আছি এক পাও এগতে পারিনি। কতকগুলি ইনসারমাউনটেবল ডিফিকালটি আছে আজকে সেগুলির প্রাকটিকাল সলিউসন দরকার তা না করে শুধু বন্ধতা দিলে আর আদর্শের কথা বললে তার কোন সমাধান হবে না।

অধাই মহোদর, আমি আরও দুটো কথা বশবো জেনারেলভাবেই বলবো, পরে রুজ বাই রুজ বলবো। আজকে এই বিলে অনেক ভাল জিনিষ রয়েছে। এই যে ট্রাইব্নাল, যতই যে বল্ল না কেন একথা বিশ্বাস কর্ন যে কলকাতার বাড়ীওয়ালারা এত ক্রিভা লান লোক, শান পাল করার এত পম্পতি তাঁরা জানেন যে আমাদের প্রতিনিধিদেরও ক্ষমতা নেই যে তাঁদের বিরুদ্ধে দাঁড়াই। আজকে কলকাতাকে দেখলে কণ্ট হয়, বিশেষ করে যখন আমরা অন্য দেশ থেকে বাড়ী ফিরে আসি। ইচ্ছা করে না চোখ চেয়ে দেখতে কিরকম বিশ্রীভাবে কলকাতা গড়ে উঠেছে। এক একটা বসতি আড়াইতলা, কোন কোনটা ৫ তলা, কোনটা ১৪ তলা পাসাপাসি দাঁড়িয়ে আছে কোন সিসটেম নেই, কোন নিয়ম নেই, নাঁতি নেই, গড়ে উঠছে কলকাতা।

আরে একটা কথা, আজকে এটা সতাই যে ক্যালকাটা করপোরেশন-এর কাউনসিলরদের ক্ষমতা থানিকটা কেড়ে নেওরা হচ্ছে, কিন্তু সেই ক্ষমতা থাকলে হয়ত তাদের আরও বিপদ হ'ত। আপনারা সকলেই জানেন এই থবরের কাগজে এক বংসর পূর্বে কি জঘনাভাবে কর্পোরেশন কাউন্সিলারদের বিরুদ্ধে সমালোচনা হরেছিল, যথা করিডর প্রাক্টিস্ তারা নাতি করেন, মানে দালালী করে বেড়ান ইত্যাদি কথা উঠেছিল। এই করিডর প্রাক্টিস-এর মানে কি? কেন যেতে হয় তাদের অফিসারদের কাছে? যেতে হয় জনসাধারণের কাজ করতে তাগিদ দেবার জন্য। করম হোসেন সাহেব বসে আছেন, আশাকরি তিনি সমর্থন করবেন, অফিসাররা তা না করলে কোন কিছু কাজ করেন না বলে।

[5-30-5-40 p.m.]

কাছে হরনা বলে যেতে হয় এবং প্রতাহ আমাদের ভোটাররা তাঁদের কাজ হয়না বলে তাঁরা আমাদের কাছে এসে অভিযোগ করেন এবং তাঁদের কাজ করবার জনা কাউন্সিলরদের যেতে হয় আফসারদের কাছে। একবার নয় ১০ বার যেতে হয়। সেজনা সেটা যদি করিডোর প্রাাকটিস হয়ে থাকে তাহলে আমি বলব কোন কাজই তাঁদের করা উচিত নয়, তাঁদের বাড়ীতে বসে থাকা উচিত। কাউন্সিলারদে: মাইনে সম্বন্ধে অনেক কথা উঠেছে। কথাটা খ্ব সত্য। ডাঃ কানাই ভট্টাচার্য সেকথা বলেছেন। বাম্তবিক আজকের দিনে একজন কাউন্সিলরকে প্রায় ২৪ ঘণ্টা লেগে থাকতে হয়। কপোরেশানের কাজ মানে মান্যের দৈনন্দিন জীবনের সঞ্চো রোজ তাঁর সম্বন্ধে এবং ২৪ ঘণ্টা কপোরেশানের কাজনিসলারদের দ্বার খলে রাখতে হয়। তাঁদের মাইনে না দিন সেও ভাল, কিন্তু ১০০ টাকা একজন এল, ডি. ক্লাকের চেয়ে নিচে মাইনে এটা যেন না দেওয়া হয়। যবে থেকে স্বরেন্দ্রনাথ এই সাইন করে গেছেন সেই ৪০ বছর ধরে তাঁরা সকলেই বিনা বেতনে শহরবাসীদের স্বেছায় সেবা করে এসেছেন, তাঁরা এখনও করবেন। যদি তাঁদের সেবার দাম দিতে হয় তাহলে উপযুক্তভাবে সেটা দেওয়া উচিত, এরকমভাবে নয়। তাঁদের কত দেওয়া উচিত সেটা আমি বলতে চাই না। কিন্তু বাস্তবিক এই জিনিসটা আবার রি-থিবিকং করা প্রয়োজন।

Mr. Speaker's Ruling

Mr. Speaker: I will now give my ruling on the Point of Order raised by Shri Kashi Kanta Maitra.

On the 18th August last Shri Kashi Kanta Maitra raised a Point of Order to the effect that the Calcutta Municipal (Amendment) Bill, 1964, could not be considered at this stage, when the Bill had already been moved for being taken into consideration. He drew attention to the Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, which is pending in the House after report by the Joint Committee on that Bill.

First, it is argued that the Statements of Objects and Reasons of the two aforesaid Bills are identical. They are not so. The earlier Bill of 1963 did not at all touch upon the reconstitution of the municipal wards pursuant to adult franchise, which is the chief object of the Bill of 1964.

Secondly, it is argued that the preambles of the two Bills are identical. Preambles of all amending Bills are generally identical, as they are invariably set out in the same stereotyped formula.

Thirdly, it is contended that the two aforesaid Bills touch upon almost identical provisions and so the earlier Joint Committee Bill should be with drawn and the Bill of 1964 should be referred to the same Joint Committee. The provisions of the two Bills are completely different. The principal

object of the present Bill of 1964 is to amend sanctions 7 and 8 and, consequentially, schedule V of the Calcutta Municipal Act, 1961, with a view to increasing and reconstituting the number of municipal wards from 80 to 100 as a result of adult franchise. These provisions being new matters are absent in the earlier Bill of 1963. Section 7 of the Act was proposed to be amended in the earlier original Bill of 1963 but then the proposal was with regard to the creation of a new body, the Council, and had nothing to do with the increase or reconstitution of municipal wards. Even so, that proposal to amend section 7 has been completely dropped by the Joint Committee, and what is now pending before the House is not the original Bill of 1963 but the Bill of 1963 as reported by the Joint Committee without section 7. Moreover, the old Joint Committee is now functus officio after presentation of the report on the earlier Bill, and the present Bill of 1964, which is completely different, cannot be referred to it. This is not to say that the present Bill of 1964 cannot be referred to a new Joint Committee.

Shri Maitra has referred to rule 78(1)(b) of the rules of the House. It has no application to the instant case. It relates to a motion for recommittal of a Bill, reported on by a Select or Joint Committee, to the same Committee. If there is a motion to that effect and if it is adopted the same can be done with respect to the earlier Bill of 1963 already reported on by the Joint Committee.

Shri Maitra referred to page 570 of May's Parliamentary Practice to contend that new clauses and new schedules can be added in the House of Commons to a Bill after the report stage. Even new clauses and new schedules sought to be added are out of order if they are beyond the scope of the Bill. Reference may be had to pages 563 and 533. It is well settled that the procedure of the House of Commons has no application to the Legislatures of India if there are specific rules of procedure made under the Constitution. Rule 321 of our rules of the House provides that an amendment must be relevant to, and within the scope of, the motion to which it is proposed.

Shri Maitra referred to page 637 of May to say that the Joint Committee is competent to take up the matter if the House recommits the matter to it.

There is no doubt about it, but there is no motion before the House for recommittal. The old Joint Committee stands dissolved after the report, and it can only be revived or reconstituted after a motion for recommittal is adopted.

Shri Maitra referred to page 641 of May to contend that the Minister-in-charge cannot say that the Select Committee report be considered at a future day. I may refer to the following words appearing in the same page, "according to the present practice a motion for appointing the report of a committee for consideration on a future day requires notice." The Minister-in-charge has given this notice in respect of the motion for taking the Bill of 1963, as reported by the Joint Committee, into consideration, as provided in rule 78(1)(a) of our rules, and the motion is set down in our programme of business on the future day assigned to it.

In the circumstances, I do not think there is any substantial point in the point of order raised by Shri Maitra. The Calcutta Municipal (Amendment) Bill, 1964, the consideration of which has been already moved, will proceed.

On the 21st August last Shri Kashi Kanta Maitra raised a point of order as to whether, when a point of order is previously raised and the Speaker reserves his ruling thereon, the consideration of the matter subject to the previous point of order is suspended.

Notwithstanding that a ruling on a point of order involving the consideration of Bill is reserved, the discussion of the Bill may be continued but no question should be put.

Shri Kashi Kanta Maitra: Sir, my only point is this: this House by resuming consideration of the Second Amendment Bill, as reported by the Select Committee—by doing that—has not the Hon'ble Minister-in-charge by implication accepted the validity of my contention?

[5-40-5-51 p.m.]

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee

Shri Bhabani Mukhopadhyay:

মাননীর অধ্যক্ষ মহাশয়.

Calcutta Municipal Amendment Bill, 1963,

এখানে উপস্থাপিত করার সময় মাননীয় মন্তিমহাশয়, তাঁর ভাষণে যেসমুস্ত কথা বলেছেন আমরা এই বিলের ধারাগালি পর্যালোচনা করতে গিয়ে দেখতে পাচ্ছি তার সণ্গে বাস্তবের কোন সম্পর্ক নই। তারা মুখে স্বায়ন্তশাসনমূলক প্রতিষ্ঠানের বিস্তার এবং গণতন্দ্র প্রসারের অনেক কথা ালেন, কিন্ত আসলে তাঁদের নীতি মাননীয় সদস্য কানাইবাব, যে পথের কথা বল্লেন সেই **পথেই** লেছে, অর্থাৎ, স্বায়ন্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির ক্ষমতা হরণ করে সেগুলির বাবস্থা কি করে দরকারের হাতে আনা যায় তারই নীতি ও উপায় অবলম্বন করে চলেছেন। স্বায়ন্তশাসন গ্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিরা যাতে প্রকৃতই কাজ করতে পারেন আইনে সেই ব্যবস্থা **থাক**। গাঁচত। ক্যালকাটা করপোরেশন এবং বাংলাদেশে যেসমুহত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান আছে. ক পৌরসভা কি গ্রামপঞ্চায়েং কি অঞ্চলপঞ্চায়েং তাদের দায়িত্বপালনের জন্য এবং উপযুক্তভাবে গর্যপরিচালনার জন্য আর্থিক সংগতি তাদের হাতে থাকা উচিত। আজকে এখানে নরেশবাব, মত্রেস দলের প্রসংশা করে বল্লেন যে, কংগ্রেসই কলিকাতা পৌরপ্রতিষ্ঠানে প্রাণ্ডবয়ন্ত্র ভোটাধি-দরের ব্যবস্থা করেছেন। এটা তো জনসাধারণের বহু, দিনের দাবি, এটা কি বড় গলা করে বলার াতো : যাইহোক, আমি যে কথা বলছিলাম, অন্যান্য প্রদেশে যেখানে পৌরপ্রতিষ্ঠান আছে তাদের মর্থসংগতির বাবস্থা করা হয় বিভিন্ন বাবসা প্রতিষ্ঠান পরিচালনার দ্বারা যেমন বন্ধে মপোরেশন ইলেকট্রিসিটি সাম্লাই তাদের হাতে আছে এথাং ব্যবসাপ্রতিষ্ঠানের মা**লিকানা** মপারেশনকে দিয়ে অর্থসংগতির বাবস্থা করা হয়। তাছাড়া আথিক সংগতি ভা**লো** করবার নো সর্বভারতীয় যে কমিটি সরকার কর্তৃক নিযুক্ত হয়েছিল ডাঃ স্পারিশ অন্যানা প্রদেশে ার্যকরী হলেও পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এখনো সেসব কার্যকরী করা হর্মান ধার ফলে য়ামিউজমেণ্ট ান্ধ সেলস ট্যান্ধ-এর শেয়ার যা আইন করে এই সমস্ত প্রতিষ্ঠানের হাতে দেওয়ার কথা সেটাও ।থন পর্যন্ত এখনে হয়নি। ্রাহ্না এখানে এই সব প্রতিষ্ঠানকে নিজেদের সামানা আয়ের উ**পর** নর্ভার করতে হয় এবং সরকারের দয়ার উপর মুখাপেক্ষী হয়ে থাকতে হয়।

াখন আমরা দেখতে পাছি না কলকাতা কপোরেশনের ক্ষেত্রে সেইভাবে তাদের আর্থিক জ্গতি, তাদের নিজের পায়ে দাঁড়াবার মত কিছু, বাবস্থা করে দেওয়া হয়েছে। অপর দিকে মামি দেখতে পাছি এই সংশোধনী বিলের মধ্যে স্বায়ন্তশাসনের অধিকারকে সংকোচন করার বিশ্ব হয়েছে। যেজনা আগেকার ১৯৫১ সালের বিলে যেখানে কথা ছিল কপোরেশন নিজে নর্বাচিত সংস্থা হিসাবে তার যে ভার্যান্ডং কমিটি কিভাবে সেগলের পরিচালিত হবে, তার গণেনা, সেগলে কপোরেশন নিজে ঠিক করে দেবেন। সেখানে ঠিক ছিল যে সেখানে বে মিশানার থাকবেন কমিশানারের চলার যে কারদা, তার ফাংশন কপোরেশন ঠিক করে দেবে। মিশানার থাকবেন কমিশানারের চলার যে কারদা, তার ফাংশন কপোরেশন ঠিক করে দেবে। মিশানার থাকবেন কমিশানারের চলার যে কারদা, তার ফাংশন করেবে সেটা নির্ধারণ করে দেবে। মামরা বর্তমান বিজে দেখলাম যে আসলে ভার্যান্ডিং কিভাবে ফাংশন করবে সেটা নির্ধারণ করে বিনে পশ্চিমবঞ্চা সরকার। কমিশানার কিভাবে ফাংশন করবেন সেটাও নির্ধারণ করে দেবেন শিক্তমবঞ্চা সরকার। অর্থাং উপর থেকে সব সময় সেই রাইটার্স বিলিডংএর সরকারী দণতরের নর্দেশে এই পৌরপ্রতিষ্ঠানকে নিয়ে আসবার ব্যবস্থা করা হয়েছে। এর আগে কানাইবাব্

বেটা মেনশন করেছেন বে অ্যাসোসিয়েটেড মেন্বার ঠিক করার ব্যাপারে, পৌরপ্রতিষ্ঠান নির্বাচিত হলে প্রাশ্তবয়ন্দ্র ভোটাধিকারের ভিত্তিতে, এখানকার জনসাধারণের প্রতিনিধি তাঁরা হলেন, তাঁর এই সহরের যারা বিশিষ্ট লোক তাদের চেনেন না, যারা গণ্যমান্য লোক তাদের চেনেন না, তাদেরকে তাঁরা এ্যাসোসিয়েটেড মেম্বার হিসাবে নির্বাচন করবেন না, সেখানে সরকার হস্তক্ষেপ করে আসোসিয়েটেড মেন্বার ঠিক করে দেবেন। এইভাবেতে আঞ্চকে আমরা সাধারণভাবেতে এই হে সংশোধনী বিল আনা হয়েছে এই সংশোধনী বিল আনার ভিতর দিয়ে আমরা সত্য সতাই ব্রুত পারছি না যে কোথায় গণতন্ম প্রসারের কতটাকু ব্যবস্থা হয়েছে। গণতন্মকে একদিকে কেন্ডে নেওয়া হচ্ছে, বলা হচ্ছে সরকার সমস্ত কিছু, বাবস্থা করে দেবেন। তারপর আগে যতজ্ঞ অফিসার নিয়োগ করতো তার চেয়ে আরো বেশী অফিসার নিয়োগ করার ব্যবস্থা বর্তমান আইনে করে দেওয়া হয়েছে। তারপর, শুখু তাই নয়, যেটকু ছি'টে ফোঁটা গণতন্দ্র তাঁরা দেবার চেম্ট করেছেন, আমরা দেখতে পাচ্ছি যেখানেতে এন্টিমেট কর্মিটি করার বাবস্থা করা হয়েছে সেই কমিটিতে প্রোপরসনাল রিপ্রেজেন্টেশন দেবার কথা আছে। অর্থাৎ প্রোপরসনাল রিপ্রেজেন্টেশন গণতল্যকে ফাংশন করতে গেলে আজকে যথন বিভিন্ন দলের প্রতিনিধিকে জনসাধারণের স্বার নির্বাচিত হবে তথন সেখানে গণতন্দের কিছুটা মর্যাদা দ্বিতে গেলে সেখানে প্রোপরসনার রিপ্রেজেনটেশনের প্রয়োজনীয়তা আছে, সেটা কিছুটা নীতিগতভাবে স্বীকার করা হরেছে এই আইনের মধ্যে। যেমন দেখতে পাচ্চি এস্টিমেট কমিটির মধ্যে প্রোপ্রসনাল বিপ্রেক্তনটেশনের ভিত্তিতে নির্বাচনের বাবস্থা করা হয়েছে। কিন্ত অন্যান্য স্ট্যাণ্ডিং কমিটির ক্ষেত্রে সেই প্রোপরনাল রিপ্রেজেনটেশনের ব্যাপার নেই। সেইজন্য আজকে কলকাতাবাসী বার বার অভিযোগ करतरह रय रकन এकमनौत्र रनाक निराय चोर्पान्छः किमिछिश्चीन कता शर्व। काक्षकर्म कत्रवात सन যে সমস্ত কমিটি, বেগালির সপ্যে জনসাধারণের জীবনের প্রতাক্ষ যোগ, সেই কমিটিগালিবে शर्मन कता राष्ट्र मारामात य पन सार्व्यातिकि स्मर्थे पानत लाकरपत म्यात्। सर्थानच पान লোকেরা থাকবে না। করেক বংসর ধরে কলকাতা কর্পোরেশনের এই রকম একটা ভ্রঘন্য দলবাভ করার বাবস্থা হরেছে, তার বিরুদ্ধে সমস্ত গণতান্ত্রিক মানুষ তাঁদের মত প্রকাশ করেছেন আজকে যখন দেখতে পাচ্ছি একটা বা দুটি কমিটির ক্ষেত্রে, ফিনান্স কমিটি এবং এসটিমো কমিটির মধ্যে বলা হল যে প্রোপরসনাল রিপ্রেজেনটেশন সেখানে রাখা হবে সেখানে কেন অপ্র স্ট্যান্ডিং কমিটিগুলির ক্ষেত্রে সেই শোপরসনাল রিপ্রেজেনটেশন দেবার বাবস্থা হল না এটা একট তাম্প্রব ব্যাপার। সোজা কথা সম্ভবতঃ সরকারী দল ভেবেছেন যে দলীয় কর্তত্ব যেভাবে তাঁর রেখেছেন সেইভাবে রাখা প্রয়োজন, তাঁদের সেই দলীয় সংকীর্ণ দ্বার্থের জনাই গণতন্ত্রের নীতিট আংশিকভাবে স্বীকার করলেও অন্যান্য ক্ষেত্রে সেটা সম্প্রসারিত করছেন না। সেইজন্য আমা মনে হয় সাধারণভাবে যে নীতিটা এসটিমেট কমিটির ক্ষেত্রে হয়েছে সেই নীতিটা অন্যান্য দ্ট্যান্তি কমিটির ক্ষেত্রে প্রয়োগ করার কথাটা এই হাউসে বিবেচনা করবেন এবং মাননীয় মন্ত্রিমহাশা সেইভাবে একটা সংশোধনী এনে যাতে অন্যান্য ন্ট্যান্ডিং কমিটিগুলি এই প্রোপরস্নাল রিপ্রেক্তন টেশনের ভিনিতে হয় সেই ব্যবস্থা করবেন।

আজকে অনানা প্রসংগ আনতে পার্রাছ না কারণ হাউসের প্রোগ্রামে দের্ঘেছলাম ১৯৬। সালের বিলটার আলোচনা করা হবে। একথা বলে আজকে এখানেই বন্ধব্য শেষ কর্রাছ।

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 5-51 p.m. till 1 p.m. on Friday the 4th September, 1964, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 4th September, 1964, at 1 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble Keshab Chandra Basu) in the Chair, 9 Hon'ble Ministers, 4 Hon'ble Ministers of State, and 147 Members.

Starred questions

(to which oral answers were given)

[1-1-10 p.m.]

Messrs. Indian Aluminium Co. Ltd., Calcutta

- *313. (Admitted question No. *1242.) Shri Lakshmi Ranjan Josso: Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—
 - (a) whether the Government is aware that Messrs. Indian Aluminium Co. Ltd., Calcutta, are taking formal steps to transfer their Registered Office from Calcutta to Bangalore;
 - (b) if the answer to (a) he in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - how many employees of the said company are being affected by such transfer; and
 - (ii) whether the (lovernment considers the desirability of taking any steps to prevent such transfer?
 - Mr. Speaker: Let it be held over; the answer is not yet ready.

Hyro-electric project of the Ramam river

*314. (Admitted question No. *716.)

শ্রীভাষরেক্ষনাথ রায় প্রধানঃ শিলপ ও বাণিজ্য বিভাগের মাননীয় মক্তিমহাশয় অন্গ্রহপ্রিক জানাইবেন কি—

- (ক) দান্তি নিঙ জেলা ও সিকিমের সীমাশ্তবতী রমম নদীতে বাঁধ দিয়া বিদাং উৎপাদনের সরকারের কোন পরিকল্পনা আছে কিনা: এবং
- (খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হাাঁ' হয়, তবে কত মেগাওরাট বিদাং ইহার ফলে উৎপাদিড় ইইবে বলিয়া আশা করা যায়?

षि जनारत्रका जस्य कार्रभाव नक्कतः (क) हा।

(খ) চতুর্থ বার্ষিক পরিকল্পনার মধ্যে প্রকল্পটির প্রথম পর্যারের কার্য সম্পূর্ণ হইলে ৪০ মেগাওয়াট বিদাং উৎপাদনের সম্ভাবনা রহিয়াছে এবং উক্ত প্রকশ্যটির তৃত্যীয় পর্যারের কার্ষ সম্পূর্ণ হইলে সর্বমোট ১০০ মেগাওয়াট বিদাং উৎপাদিত হইবে বলিয়া আশা করা যার।

ক্ষেত্র-র ৯০ বাল প্রধানঃ মাননীয় মন্তিমহালয় জানাবেন কি, রমম নদীয় কোন্ স্থানে: বিদাং উৎপাদন কেন্দ্র স্থাপিত হবে?

দি জনারেবল জর্মেন্স্রেশ্বর নন্দর: দাজিলিং ও সিকিমের সীমান্তবতী জারগার।
জ্ঞান্ত-নাম বাব্যবানঃ কোন স্থানে বৈদ্যুতিক উৎপাদন কেন্দ্র স্থাপিত হবে?

দি অনারেবল অর্থেন্স,শেশর নন্দর: স্থানটা দার্জিলিং সিকিমের সীমান্তবতী জারগার আপাতত স্থির হয়েছে।

শ্রীক্ষমরেশ্রনাথ রায় প্রধানঃ কোনখানে, নদী থেকে অনেকদরে এগিয়ে গেছে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমার কাছে যা আছে তাতে খুব বেশী তথ্য বলতে পারব না, ঠিক জায়গাটা আমার পক্ষে বলা। সম্ভব নয়।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় মন্দ্রিমহাশয় জানাবেন কি এই প্রকল্পটির জনা কত টাকা খরচ হবে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সেটাও এখন সরকারের বিবেচনাধীন আছে।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় মন্দ্রিমহাশয় জানাবেন কি আগামী কতদিনের মধ্যে এই প্রকল্পটির কাজ আরম্ভ হবে?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আশা করা যায় প্রথম পর্যায় চতুর্থ পরিকল্পনার প্রথমে আরম্ভ হবে।

Anderson House, Calcutta

*315. (Admitted question No. *868.) Shri Amarendra Nath Roy Prodhan:

ভূমি ও ভূমিরাজম্ব বিভাগের মাননীয় মিল্টমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) ইন্যা কি সতা যে, পশ্চিমবঙ্গ সরকারের নিকট পাওনা টাকা আদারের দাবীতে পশ্চিমবঙ্গ সরকারের আলিপ্রকথ বিরাট অফিস ভবন এন্ডারসন হাউস বিচারকের আদেশবলে সম্প্রতি ক্রোক করা হইয়াছে; এবং
- (খ) যদি (ক) প্রশেনর উত্তর 'হাাঁ' হয়, মাননীয় মল্মিহাশয় অনুগ্রহপূর্ব ক জানাইবেন কি--
 - (১) পাওনা টাকার নোটিশ পাওয়া সত্ত্বেও পাওনাদারকে নিদির্ঘ্ট সময়ের মধ্যে টাকা দিবার ব্যবস্থা করা হয় নাই কেন; এবং
 - (২) এই ত্র্টির জন্য কে বা কাহারা দায়ী?

कि **जनारत्वक भागामात्र छहे।हार्यः** (क) शां।

(খ) (১) এবং (২) এল এ জজের রায়ের বির্দেধ হাইকোর্টে অ্যাপিল দায়ের করা হইরাছে। অ্যাপিলের নিষ্পত্তি না হওয়ায় নাাশনাল ইনস্ট্রেফট ফ্যাক্টরী—যাহার জন্য এই জমি
আয়েত্তীকৃত হইয়াছিল- টাকা দিতে বিলম্ব করে। উক্ত সংস্থার নিকট হইতে আদায় সাপক্ষে
রাজাসরকার নিজ খাত হইতে ডিকির টাকা সম্প্রতি মিটাইয়া দিয়ছেন।

Flood Control Scheme in the Torsa

*316. (Admitted question No. *894.)

ঞ্জিলৰী ভট্টাৰ্য: সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইতেন

- (ক) তোসা নদী নিয়ন্ত্রণের কোন পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কি:
- (খ) গ্রহণ করিয়া থাকিলে কোনা বংসরে গ্রহণ করিয়াছেন: এবং
- (গ) পরিকল্পনা কার্যকরী করার ব্যাপারে বিলম্বের কারণ কি?

रि जनारतनम **म्हामामान छड्डोडार्य**ः (क) ना।

(थ) ও (গ) প্রন্ন উঠে না।

Shri Amarendra Nath Roy Prodhan:

মহাশয় জানেন কি প্রতি বছর তোষা নদীর বন্যার ফলে প্রভূত ক্ষতি হচ্ছে ঐ এলাকার?

The Hon'ble Syamadas Bhattacharyya:

াীয় সদসাগণ জানেন যে তোষা নদী থেকে প্রতি বছর বন্যা হয়ে আমাদের যে ক্ষয়-ক্ষতি তা নিবারণ করতে গেলে আমাদের একটা মন্তবড় পরিকল্পনা গ্রহণ করতে হবে। তোষা র উৎপত্তিন্থল তিব্বতের মধ্যে ইয়াট্বং ভ্যালি এবং ভূটানের মধ্য দিয়ে তোষা নদী আমাদের চমবঙগ প্রবেশ করেছে। তোষা নদী সন্পর্কে অনেকগর্লি তথা সংগ্রহ করবার জন্য আমাএখান থেকে ইঞ্জিনীয়ারদের নিয়ে গঠিত অভিযাতীদল শীঘ্রই ভূটানে যাক্ষে। তোষা নদীতে মন্ত ক্ষয়ক্ষতি হচ্ছে সে সন্পর্কে একটা মান্টার স্ল্যান আমারা তৈরী করিছ এবং এ সন্পর্কে কথানি অগ্রসর হওয়া গেছে। তোষা নদীর বন্যা নিয়ন্দ্রণের জন্য আমরা ইতিমধ্যে কতক্র পরিকল্পনা গ্রহণ করেছি, তা মোটাম্বটি বর্ণনা হচ্ছে এই যে কোচবিহার টাউন প্রোটেকসন কাস তার জন্য খরচ হচ্ছে ৬১ লক্ষ ২৫ হাজার টাকা,

otection of the Right Bank or Char Torsa below N. H. 31, near Lafabari. জনা খরচ হচ্চে ১ পাক ৪১ হাজার টাকা

stection of the Right Bank of Char Torsa above N. H. 31, near Kadami Tea Estate.

জना थता राष्ट्र ৯ लक २४ राष्ट्रात होका.

nining river Torsa above Hashimara Railway bridge near Dalsingpara.

জন্য খরচ হচ্ছে ৯ লক্ষ ৭১ হাজার টাকা,

ension of Dalsingpara embankment.

জনা थत्रह रुट्छ २ लक्क ১৯ राজात होका.

stection of Hanskhowa and Rajarhat area near Cooch Behar town on the 't Bank of Hanskhowa (Torsa) from flood erosion,

জন্য খরচ হচ্ছে ১৫ লক্ষ ৬৯ হাজার টাকা।

Shri Jiban Krishna Dev:

ি নদীব ভাংগনে দু:-পাড়ের যেসমুহত লোকেরা, কৃষকেরা জুমি হারায় তাদের খাজনা দিয়ে ্বয়—এ সুস্বশ্বে কোন ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

থেকে এ প্রশ্ন উঠে না. তবে যেসব জমি বন্যায় সম্পূর্ণ ক্ষতিগ্রম্ভ হয় তার জন্য খাজনা বের নিশ্চয়ই ব্যবস্থা আছে।

Shrimati Biva Mitra:

্মণিত্রমহাশয়কে জিল্জাসা করছি, তোষ্য নদীতে গতনছর হাসিমারায় যে একটা বাঁধ দেয়া ছিল সেই বাঁধে কত লক্ষ টাকা খরচ হয়েছিল এবং সেটা কার্যকরী হয়েছিল কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

াতো এক্ষনি পড়লাম যে

ining river Torsa above Hashimara Railway bridge near Dalsingpara. জনা খরচ ১ লক্ষ ৭১ হাজার টাকা।

Shrimati Biva Mitra:

হাসিমারায় বন্যা নিবারণের জনা কোন বাঁধ দেয়া হরেছিল কিনা?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি যা খবর পেরেছি তাতে এই জিনিসটা আমার তো জানা আছে যে মাস্টার প্ল্যান তৈরী হচ্ছে এবং মাস্টার প্ল্যান তৈরী করতে গেলে অনেকগর্বাল তথ্য আমাদের জানা দরকার, সেটা প্রেই বলা হয়েছে এবং এখন মাস্টার প্ল্যান করবার আগে অনেকগর্বাল পরিকল্পনা কোচবিহারের কাছে এবং অন্যান্য জায়গায় গ্রহণ করা হয়েছে এবং সেই পরিকল্পনাগর্বাল আপনার কাছে পড়ে প্রনির্মেছি।

Shrimati Biva Mitra:

এই বন্যার জন্য কত লক্ষ একর জমি নন্ট হয়েছে এবং কত ফসল নন্ট হয়েছে এটা জানাবেন কি?

The Hon'ble Syamadas Bhattacharyya:

रमणे वनरा भावरा ना।

Unlawful Canja cultivation

*317. (Admitted question No. *914.)

শ্রীৰীরেন্দ্রনারায়ণ রায়: গত ২৬এ ফেব্রুয়ারী, ১৯৬৪ তারিথের অ-তারকিত ১৫৩নং (আডে-মিটেড প্রদন নং ২১১) প্রদেনাত্তর উল্লেখ করিয়া সমবায় বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বেক জানাইবেন কি-

- (ক) উক্ত (খ) প্রশেনর উত্তরে বর্ণিত বেআইনীভাবে গাঁজা চাষের ব্যাপার সরকার কোন্সময় জানিতে পারেন: এবং
- (খ) উক্ত গাঁজা চাষের ব্যাপারে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

দি জনারেবল তেনজিং ওয়াংদিঃ (ক) ১৪-৭-৬৩ তারিখের এক চিঠিতে বহরমপরে কোঅপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিঃ-এর সেক্রেটারী ১৯৬৩-৬৪ সালে গাঁজা চাষ করিবার
ইচ্ছা প্রকাশ করিয়া অনুমতি প্রার্থনা করেন। উক্ত সেক্রেটারীর ২২-৭-৬৩ তারিখের চিঠি
হইতে অন্তঃশ্বুক্ক অধিকার জানিতে পারেন যে বীজক্ষেত্র প্রস্তুত করার জন্য তাহারা কিছ্
জামতে গাঁজার বীজ বপন করিয়াছেন।

(খ) অনুমতি ক্রিন্তের উন্ত সমবায় সমিতি কেন বীজ বপন আরম্ভ করিয়াছেন তাহার কৈফিয়ত তলব করা হয়। জবাবে সমবায় সমিতির সেক্রেটারী জানান বে তাহারা অনুমতি পাইবেন এই আশাতেই চাষের ব্যাপারে অগ্রসর হইয়াছেন।

কিন্তু ইহার পর উত্ত সমবায় সমিতি চাষের ব্যাপারে কোনরূপ যত্ন লাই এবং কার্যতি গাঁ**জা** আবাদের ক্ষেত্র হইতে সরিয়া দাড়ান।

অন্তঃশৃহক বিভাগ হইতে গাঁজা চাষের মাঠ পাহারা দিবার জন্য প্রথা অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হইয়াছিল যাহাতে মাঠ হইতে গাঁজার চারা চুরি না হয়। অল্প কিছু গাঁজার চারা যাহা মাঠে জন্মিয়াছিল তাহা অচিরেই শ্কাইয়া যায় এবং গাঁজা উৎপন্নের সকল সম্ভাবনা নিম্ল হইলে সরকারী পাহারাদারদের তুলিয়া নেওয়া হয়।

[1-10-1-20 p.m.]

Shri Birendra Narayan Roy:

মাননীয় মন্দ্রিমহাশয় বললেন যে কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির সেক্রেটারী আবেদন করেছিলেন এবং তারপর তিনি আশান্র্প গাঁজার চাষ করেছিলেন। অথচ ২৬এ ফেব্রুয়ারট্ ১৯৬০ তারিখে, যখন আমি এই প্রশ্ন দিয়েছিলাম, তার আগেই ঐ কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটি লিকুইডেশান-এ গিরেছিল, তাহলে কি করে সেই লিকুইডেটেভ কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির সেক্রেটারী অ্যাম্পাই করতে পারেন, বা করেছিলেন?

The Hon'ble Tenzing Wangdi:

নিকুইডেশানটা অ্যাম্পাই করবার পরে হয়েছে। অ্যাম্পাই করা হয়েছিল ১০-৭-৬৩ তারিখে, আর ২২-৭-৬৩ তারিখে পারমিট-এর জন্য অ্যাম্পাই করা হয় এবং এটা লিকুইডেসান-এ গিয়েছিল নবেম্বার মাসে।

Shri Birendra Narayan Roy:

আমি যতদ্রে জানি যে কোথাও বে-আইনীভাবে গাঁজার চাষ হলে, তাকে ডেস্ট্রয় করে ফেলা হয় সরকার পক্ষ থেকে, এ ক্ষেত্রে যখন আপনারা জানতে পারলেন যে বে-আইনীভাবে গাঁজার চাষ হয়েছে, তখন তাকে ডেস্ট্রয় না করে, সেখানে পাহারা দেবার বাবস্থা করলেন কেন? আর গাঁজা কি শ্রকিয়ে গেলো ঐ পাহারা দেওয়ার জনা?

The Hon'ble Tenzing Wangdi: The Excise Department took the necessary action and they thought that in the best interest of the Society it would serve the purpose if some guards were put in the field.

Shri Sanat Kumar Raha:

ঐ কো-অপারেটিভ গাঁজা ফার্মিং সোসাইটির সেক্তেটারীর বিরুম্থে কোন লিগ্যাল আ্যাকসন নেওয়া হয়েছিল কি?

The Hon'ble Tenzing Wangdi: As far as I know, there has been no action taken.

Shri Sanat Kumar Raha:

এই গাঁচা কতটা রাইটার্স বিলিডং-এ এসেছে এবং কোলকে কোথায়, কোথায় দেওয়া হয়েছে, বলবেন কি?

(No reply.)

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্তিমহাশয় জানাবেন কি বহরমপুর গাঁজা ফার্মের জমি যা ছিল সেটা লিকুইডেশান-এর জনা জমি সংকৃচিত হয়ে গিয়েছে এবং সেই জমি থেকে সেকেটারী কি তার প্রাইভেট সম্পত্তি করেছেন?

The Hon'ble Tenzing Wangdi:

না আমি জানি না।

Shri Birendra Narayan Roy:

মাননীয় মন্দ্রিমহাশয় জানাবেন এই যে এল, ডি, এ, সির সেক্টোরী হচ্ছেন শ্রীমনি দ্বে, তিনি যে এখানে এইভাবে টাকা তর্ছর্প করেছেন এবং বহরমপ্রের আর একটি স্কুলের টাকা তছর্প করেছেন, আপনারা সেখানে পাহারার কোন ব্যক্ষা করেছিলেন কি?

The Hon'ble Tenzing Wangdi:

আমার জানা নেই।

Chaklalpur National Agricultural Co-operative Society

*318. (Admitted question No. *979.)

<u>রীসনংকুমার রাহাঃ ভূমি ও ভূমিরাজম্ব বিভাগের মান্নীয় মন্দিমহাশয় অন্যহপ্রেক জানাইবেন ক—</u>

- (ক) মেদিনীপ্রের স্তোহাটা থানার অন্তর্গত চকলালপরে জাতীয় সমবার কৃষি সমিতির পক্ষ হইতে খতিয়ান নং ৩৭৫ হাল ১ খাস, ৩১টি দাগের মোট প্রায় ৩০ একর জমি সরকার হইতে উক্ত সমিতিকে দিবার জন্য কোন আবেদন সরকার পাইয়াছেন কিনা:
- (খ) উক্ত সমিতির পক্ষ হইতে বর্তমানে কত বিঘা জমি চাষ-আবাদ করা হইতেছে: এবং
- (গ) ঐ জমির কত অংশ সরকারী নাস্ত জমি?

দি অনারেবেল শ্যামাদান ভট্টাচার্য: (ক) হ্যাঁ।

- (খ) ১৮ একর ৭৯ ডেসিমেল।
- (গ) 'খ' দফায় বণিত সমূহ পরিসানই সরকারে নাস্ত জমি।

Shri Sanat Kumar Raha:

সাার, এই প্রন্দন ৩১৮ নং আর ৩২৮ নং, একই ব্যাপারের কোরেন্দেনের উপর আমি যা আনসাদেথে এসেছি চাতে এইটাই প্রমানিত হয়েছে যে সরকার ঐ কো-অপারেটিভকে প্রায় ৩০ বিঘ জমি দিয়েছেন। এখানে ১৮ বিঘা আবাদ করে কো-অপারেটিভ, আর বাকী ১২ বিঘা জফিকারা আবাদ করে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

ন্থানীয় ল্যান্ড ডিন্মিবিউসান অ্যাডভাইসরি কমিটি রয়েছে, তারা ওথানকার ২৯ জন উদব্ত কৃষককে ১৯৭১ সালের জন্য জমি বন্দোবন্ত দেবার ঠিকা ঠিক করেন, তদন্যায়ী ঐ জমি -বন্দোবন্ত দেওয়া হয়েছে।

Shri Sanat Kumar Raha:

কো-অপারেটিভকে দেওয়া জমি, তার কাছ থেকে কেড়ে নিয়ে, কি ঐ ২৯ জন কৃষককে দেওয়া হল?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি যেটা বলৈছি শুনুন।

স্তাহাটা থানার অন্তর্গত কল্যাণপরে জাতীয় সমবায় সমিতির পক্ষ থেকে—থতিয়ান নন্বর ৩৭৫, খাল ১ নন্বর, আর থণিডত ৩১টি দাগের মোট ২৯·৭ একর জমি সরকারের পক্ষ থেকে ঐ সমিতিকে বন্দোবস্ত দানের জনা আবেদন পাওয়া গিয়েছিল। উক্ত জমির মধ্যে ১৮ একর পরিমাণ জমি উক্ত সমিতিকে ১৯৭০ এবং ৭১ সালের জন্য বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

শ্রীসনংকুমার রাহা:

সেই ২৯ একর জমি কেন '৭০--৭১ সালে দেওয়া হল না এইটাই প্রশ্ন?

मि जनारत्रका भागामान छहोहार्यः

স্থানীয় উপদেণ্টা কমিটির পরামর্শ নিয়েই দেওয়া হয় নি।

श्रीननश्कभात ताहा:

আবার সেই প্রশ্ন আসে কো-অপারেটিভকে দেবার পর সেই জমি ব্যক্তিগতভাবে দেওয়া হল কেন?

मि जनारत्रवन भागामात्र कर्रे।हार्यः

আমি বার বার বলেছি স্থান[†]য় জমি বিলি করবার জন্য যে কমিটি আছে সেই কমিটির পরা**মর্শ** আমরা অগ্রাহ্য করি না।

श्रीजनश्कुमात त्राष्ट्राः

"一直我是国际中的工

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকারের নীতি কি এইটাই যে স্থানীয় জমি বিলি সম্পর্কে যে পরামর্শ কমিটি তারা কো-অপারেটিভকে না দিয়ে ব্যক্তিগতভাবে দিলে সরকার কি সেই নীতি মেনে নেবেন?

नि **अनादावन न्यामाना क्रो**कार्य :

- (13) Hemanta Cold Storage, Khalishpur, P.O. Bhatar.
- (14) Memary Cold Storage, Memary.
- (15) Durgapur Ice and Cold Storage, Durgapur.
- (16) Srikrishna Cold Storage, Rangpur, Kalna.
- (17) Kailash Cold Storage, P.O. Digha, District Midnapore.
- (18) Chasi Cold Storage, P.O. Rasulpur.
- (19) Ambika Cold Storage, P. O. Memary.
- (20) Sarada Cold Storage, P.O. Memary.

#### 24-Parganas

- (1) Barrackpore Cold Storage, P.O. Barrackpore.
- (2) Messrs. Sonapur Cold Storage, Village Kusumba, P.O. Naiendrapur
- (3) Brooklyn Cold Storage, Paharpur, Kidderpore.

#### Howrah

- (1) Krishna Cold Storage, Ghusuri, Howrah.
- (2) Parbati Cold Storage, Howrah.
- (3) Calcutta National Cold Storage, 32 J. N. Mukherjee Road, Howrah.
- (4) Salkia Cold Storage, 51 J. N. Mukherjee Road, Howrah.
- (5) Howrah Cold Storage, 130 J. N. Mukherjee Road, Howrah,
- (6) Bharatia Sons Ltd., 100/10 Dharmatola Road, Howrah.
- (7) Mahalakshmi Cold Storage, 63 G. T. Road, Lilooah, Howrah.

#### Hooghly

- (1) Chowdhury Cold Storage, village Belachua, P.O. Karkula.
- (2) Ramkrishnapore Cold Storage, village Moktarpur, P.O. Champadanga.
- (3) Deshbandhu Industries and Cold Storage, Champadanga.
- (4) Tarakeswar State Warehousing Corporation Cold Storage, Tarakeswar.
- (5) East India Cold Storage, Dhaniakhali, Hooghly.
- (6) Narayanpur Cold Storage, village Narayanpur, Tarakeswar.
- (7) The Bengal Cold Storage (P.) Ltd., 58/1 G. T. Road, Baidyabati.
- (8) Modern Cold Storage, Serampore, Hooghly.
- (9) Seoraphully Cold Storage, P.O. Seoraphully.
- (10) Tarakeswar Cold Storage, village Balliguri, P.O. Tarakeswar.
- (11) Nalikul Cold Storage, Anandapur, P.O. Nalikul.
- (12) Eastern Cold Storage, Seoraphully.
- (13) Basudebpur Cold Storage, village Basudebpur, P.(). Brahmanpur.
- (14) Messrs. Ambika Cold Storage, 112 G. T. Road, Seoraphully.
- (15) Singur Cold Storage, village Dehugachhia, Singur.
- (16) Satyanarayan Cold Storage, Baidyabati.
- (17) Jangipara Cold Storage, (P.) Ltd., Jangipara.

- (18) Rajlakshmi Cold Storage, S. N. Mullick Road, Baidyanatı.
- (19) Jaysree Cold Storage, P.O. and village Pandua.
- (20) S. R. Cold Storage, Pandua.
- (21) Desh Bandhu Cold Storage, Pandua.
- (22) Pandua Cold Storage, Pandua.
- (23) Chinsurah Cold Storage, P.O. Chinsurah.
- (24) Jain Cold Storage, village Baichee, P.O. Pandua.
- (25) Kotrung Cold Storage, village Kotrung, Pursurah.
- (26) Sodepur Cold Storage P.O. Sodepur.
- (27) Bengal National Cold Storage Ltd., village Sodepur, P.O. Pursurah
- (28) Bhadreswar Cold Storage, Bhadreswar.
- (29) Delux Cold Storage, Hooghly district.
- (30) Gopekrishna Cold Storage, Baichee, P.O. Pandua

## Jute Cultivation in Pingla Block, Midnapore

712. (Admitted question No. 1348.)

¶**ভন-পালে**ছন দাসঃ কৃষি ও সমণ্টি উল্লয়ন বিভাগের মাননী**র মন্**ছমহা**শর অনুগ্রহপূর্বক** দানাইবেন কি—

- (ক) পাট চাষের স্বিধার জন্য প্যক্রিণী খনন বাবত মেদিনীপ্র জেলার পিংলা রকে গত ১৯৬২-৬০ এবং ১৯৬৩-৬৪ সালে কোন্ কোন্ গ্রামের কোন্ কোন্ বাল্তিকে কত টাকা দেওয়া হইরাছে ;
  - (খ) তাঁহারা প্রত্যেকে কত জামতে উক্ত দুই মাসে কত পাট উৎপাদন করিয়াছেন: এবং
- (গ) উক্ত ব্যক্তিগণ প্রকৃত প্রস্তাবে কাজ করিয়াছেন কিনা এবং তাহার ইউটিলিজেশন দার্টিফিকেট কে কোন্ তারিখে দিয়াছেন?

## The Minister of State for Agriculture and Community Development:

- ক) মেদিনীপুর জেলার পিংলা থানাতে ১৯৬২-৬৩ সালে কোন পাট পচানোর প্রকরিণী
  খননের জন্য কোন টাকা দেওরা হয় নাই।
- ১৯৬০-৬৪ সালে তিনটি প্র্ফরিণী খনন করা হইরাছে ও নিম্নোভ প্রত্যেক ব্যক্তিকে ১৫০ টাকা করিয়া অর্থসাহায্য করা হইরাছেঃ—
  - (১) শ্রী<mark>অনন্তকুমার বেরা, গ্রাম পিণ্ডরোই।</mark>
  - (২) শ্রীস্থারকুমার পাত্র, গ্রাম শম্বিয়া।
  - (৩) শ্রীহরিচরণ জ্বানা, গ্রাম সিতিবিন্দা।
- (খ) (১) শ্রীঅননতকুমার বেরা ১ একর ৫০ ডেঃ জমিতে গত বছরে পাট চাব **করিরা**-ছিলেন ও ২৪ মণ পাট পাইরাছেন।
- (২) গ্রীস্থাীরচন্দ্র পাত্র ২ একর ৫ ডেঃ জমিতে গত বংসর পাট চাব করিরাছিলেন ও ৩৩ মণ পাট পাইরাছেন।
- (০) প্রীহরিচরণ জানা ১ একর ৭৫ ডেঃ জমিতে পাট চাব করিরাছিলেন ও ২৮ মণ পাট পাইরাছেন।

(গ) হাা।	নি <b>ন্দো</b> ন্ত	সরকারী	কর্মচারিগণ	1	কমণ্টিশন	সাচিবি	क्टकंगे निद्राट	<b>ह्म</b> ।
	<b>নাহাব্য</b> প্রা	প্ত ৰাজি			কে কমপ্রিসন	শাৰ্টকি	কেট দিয়াছেন	কোন তারিশে
(১) श्रीचनखक्	শার বের।	•		•			ন্সান অফিসার এ:াসিপ্টেণ্ট,	J-J-68 I
(২) শ্ৰীস্থীরকু:	গার পাত্র				<b>'</b>			8-0-681
(৩) শ্রীহরিচরণ	व्याना	٠.			<b>D</b>			२-७-७8।

#### Home Cuards in Midnapore district

## 713. (Admitted question No. 1352.)

**ঐজিনপালেছন দাসঃ স্**বরা**ণ্ট (প**্লিস) বিভাগের মাননীর মণিল্মহাশর অনুগ্রহপ্রক জানাট্রেন কি—

- (ক) মেদিনীপরে জেলার কোন্ কোন্ থানার কত জন হোমগার্ড আছে ;
- (খ) প্রত্যেক হোমগার্ড বাহিনীতে কয়জ্ঞন করিয়া অফিসার আছে ;
- (গ) উক্ত হোমগার্ড গণকে কোন পোশাক বা লাইট ইত্যাদি দেওয়া হয় কিনা;
- (ছ) উহাদের কাজ কি; এবং
- (%) অনাত্র উহাদের ম্বারা কোন কোন কাজ করাইতে হইলে কোন ভাতা দেওয়ার ব্যবস্থা আছে কিনা?

# The Minister for Home (Police):

- (क) ও (খ) একটি তথ্য সম্বলিত বিবরণী যুক্ত হইল।
- (গ) পোশাক দেওরা হর। লাইট দেওরা হর না।
- (খ) দ্ব্রুতকারী এবং বিশৃৎথলাস্থিকারীদের বির্ণেধ জনসাধারণকে রক্ষাকার্যে প্রিলসের সহযোগিতা করা; অসামরিক প্রতিরক্ষা সংস্থার সহিত একত্রে কাজ করা; জনসাধারণের জীবন ও সম্পত্তির নিরাপত্তা রক্ষাকার্যে সরকার কর্তৃক নির্দিণ্ট পশ্থায় কাজ করা ইত্যাদি।
- (৩) হ্যাঁ, আছে। নির্মান্গ কার্যে আহ্ত হইলে অফিসারগণ ৫ টাকা ও ৪ টাকা এবং হোমগার্ডাগণ আড়াই টাকা হিসাবে দৈনিক ভাতা পাইরা থাকেন।

Statement referred to in reply to clause (Ka) and (Kha) of unstarred question No. 713.

	<b>दे छे नि</b> टा	जिम्माद्वेत मःच्या	হোৰগাৰ্ডেৰ সংখ্যা			
(>) (<)	বেদিনীপুর সদর (উত্তর) বেদিনীপুর সদর (দক্ষিণ)	••		••	>>	AG
	(১) ৰড়পপুৰ শহর				56	P ₂ O
	(२) शिवनी वाहे वाहे हैं				৬	88
(৩)	ৰাটাৰ				•	8>
(8)	ত্ৰৰূক				৬	89
(8)	बाईनेन	• •			•	89
(0)	<b>का</b> वि				৬	00
			•	ৰোট	دی	<b>8</b> 0₹

वि: ब:---(विश्वीनुन (वंगीव देशवंगीर्र्डावंव वंगीर्वेशवादी दिंगाव वार्यो दंव ना वर्गिको छोटी नीर्ज (लेखवं गडव वद । छेटा वहक्या जनवादी वार्या दह बनिवा छेन्द्राक छन्। नीदिर्वनिष्ठ हटेन ।

# Gultivable and fallow lands in Egra pelice-station, Midnapore

714. (Admitted question No. 1391.) Shri Hrishikesh Chakravarty:

ভূমি ও ভূমিরাজ্বন্দ্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার এগরা থানার মোট আবাদী ও অনাবাদী জমির পরিমাণ কড;
- (খ) তন্মধ্যে জমিদারী উচ্ছেদের ফলে কোন অগুলে কি প্রকারের কড জমি সরকারের দখলে আসিয়াছে?

#### The Minister for Land and Land Revenue:

- (ক) আবাদী জমি ৮৮,৯৪০-৩৪ একর অনাবাদী জমি ৪.৮৬২-৪৭ একর
- (খ) একটি তালিকা এতংসহ প্রদন্ত হইল।

Statement referred to in reply to Clause (Kha) of unstarred question No. 714

অনাবাদী	জাবাদী			<b>₩</b>	য		
80 OO	58¢			••	••		515
≥0.00	२०७			• •			ગર
95.50	585.						212
00.00	500						318
00.CV	ac						DIC
92.00	;						216
69.00	- >0	•					219
92.00	583						214
P8 .00	386	• •		٠			રાક
<b>63.00</b>	883					• •	રાર
63.00	454						રાઇ
b3.00	259			ė		• .	રાક
00.69	>63		••	•			રાહ
80.00	264	• •					રાક
૭૨.૦૦	>3			••		•	٠,
<b>36.00</b>	161			• •			
395.00	3,936						

# Compensation to the Intermediaries in Egra police-station, Midnapore

- 715. (Admitted question No. 1397.) Shri Hrishikesh Chakravarty:
  ভূমি ও ভূমিরাজ্ব বিভাগের মাননীয় মন্ত্রিমহাশ্র অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - কে) মেদিনীপুর জেলার এগরা থানার মোট কতজন মধ্যদ্বছাধিকারী ক্ষতিপ্রণ পাইবার অধিকারী হইরাছেন;
  - (খ) তক্মধ্যে এ পর্যক্ত কতজন ক্ষতিপ্রেণ বাবত আংশিক বা সম্পূর্ণ টাকা পাইয়াছেন;
  - (গ) বাকি ব্যক্তিগণ কতদিনের মধ্যে আংশিক বা সমগ্র টাকা পাইবেন :
  - (খ) ৫,০০০ টাকার নিচে কমপেনসেশন পাইবার যোগ্য কতজন আছেন এবং তাঁদের মধ্যে কতজন ক্ষতিপ্রেগ পাইয়াছেন : এবং
  - (৩) ৫.০০০ টাকার বেশি কমনপেনসেশন পাইবার যোগ্য কতজন আছেন এবং তলমধ্যে কত জন ক্ষতিপ্রেণ পাইয়াছেন?

# The Minister for Land and Land Revenue:

- (क) মোট ৬,৮৩১ জন।
- (খ) আংশিক ক্ষতিপ্রণ যাঁহারা পাইয়াছেন, তাঁহাদের সংখ্যা বাহির করা সম্ভব নর ; কারণ এ বিষয়ে থানাওয়ারী রেকর্ড রাখার কোন ব্যবস্থা নাই। চ্ডাস্ড ক্ষতিপ্রণ প্রদানের কেরে খানাওয়ারী রেকর্ড থাকায় বলা যায় এগরা থানায় মোট ৯০১ জন চ্ডাস্ড ক্ষতিপ্রণ পাইয়াছেন, আর ৬৭৮ জন চ্ডাস্ড ক্ষতিপ্রণ লইবার জন্য নোটিস পাওয়া সত্ত্বেও ক্ষতিপ্রণ লইতে আসেন নাই এবং ৫৬৭ জনের কোন নাট আয় না থাকায় ক্ষতিপ্রণ বাবত কিছইই দেয় নহে।
- (গ) আংশিক ক্ষতিপ্রণ প্রদান আবেদনপত্র সাপেক্ষ এবং ক্ষতিপ্রণের তালিকা চ্ডান্ত-ভাবে প্রকাশিত না হওয়া পর্যন্ত দেয়। সমগ্র ক্ষতিপ্রণ কতদিনের মধ্যে দেওয়া হইবে, তাহা বর্তমানে বলা সম্ভব নয়। তবে যত শীঘ্র সম্ভব ক্ষতিপ্রণ নিধারণ তালিকা চ্ডান্তভাবে প্রকাশের ও টাকা দেওয়ার বাবস্থা হইতেছে।
- (ঘ) ৫,০০০ টাকা পর্য'ত ক্ষতিপ্রণ যাহাদের প্রাপ্য তাহাদের সংখ্যা ১,১১৪ জন এবং উহাদের মধ্যে ৯২৯ জন চ্ডাণ্ড ক্ষতিপ্রণ পাইরাছেন।
  - (%) ২৮ জন, তদমধ্যে ২ জন চ্ডাল্ড ক্ষতিপ্রণ পাইয়াছেন।

## Sands on the side of Kansai River, Midnapore

716. (Admitted question No. 1424.)

**ঐজনপালোহন দাসঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীর মদিচমহাশর অন্**গ্রহণ্√বিক** জানাইবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার কাঁসাই নদীর পাশের্ব শ্রীকণ্টা গ্রামের নিকট হইতে রানীহাটী প্র্যুন্ত স্থানে স্থানে প্রচুর বালি পাওয়া যায় কিনা;
- (थ) উक्त वानि दा किश रह रह कान अभर नहेरा आदिर कि ना?

#### The Minister for Land and Land Revenue:

- (क) शी।
- (খ) না, মাইনর মিনারেলস র্লস অন্সারে সরকার হইতে বালি লওরার লিজ বাহার নামে মঞ্জুর হইবে, কেবলমাত্ত তিনিই মেয়াদকালের মধ্যে ঐ বালি লইচে পারিবেন।

#### Lease of coal-mining areas in Asansol subdivision

717. (Admitted question No. 1455.)

**শ্রীৰিজয় পালঃ** ভূমি ও ভূমিরাজম্ব িবভাগের মাননীয় মদ্যিমহাশয় অ**ন্তহপূর্বক** জানাইবেন কি—

- ক) আসানসোল মহকুমার খান মালিকদের কয়লা উত্তোলনের জনা বেসব জমি লীজ দেওয়া হইয়ছে তাহার পরিমাণ কত;
- (খ) উক্ত লাফ্তি দেওরায় জামির উপরিভাগ (সারফেস) চাষের উপযুক্ত জামির পরিমাণ কত;
- (গ) উক্ত চাষের জামর অধিকারী কে? সরকার না খনিমালিক:
- (ঘ) উক্ত চাষ আবাদের জনা কিভাবে এবং কি হারে জমি বিলৈ করা হইয়া থাকে ; এবং
- (৩) আজ পর্যন্ত কত জাম এবং কত লোককে বিলি করা হইয়াছে?

## The Minister for Land and Land Revenue:

- (क) ও (খ) এ সন্বশ্যে সঠিক তথ্য প্রদান বর্তমানে সন্ভব নহে, কারণ জমিদারী গ্রহণ আইনের ২৮ ধারা অনুযায়ী নৃতন লীজ এখনও সন্পাদন করা হয় নাই এবং যাহারা ২৯ ধারা অনুসারে প্রের লীজবলে ভোগদখলে আছেন, তাহাদের উক্ত লীজসমূহ যথোচিত পরিবর্তনের বে প্রয়োজন, তাহাও এখনও করা হয় নাই। যাহাতে এই কার্য গীয় সন্পাম হয় সেজনা তথ্যাদি সংগ্রহ বিষয়ে অনুস্থানের বাবস্থা হইতেছে।
  - (গ) খনিমালিক।
  - (घ) धीनमालिकगण्डे विलि-चल्लावरम्जत वावम्था कतिया थारकन।
  - (%) সরকারের জানা নাই।

#### Ferries in Tamluk subdivision

718. (Admitted question No. 1458.)

**ঐজনপ্রমেহন দাসঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মাননীয় মন্তিমহাশয় **অন্থহপ্রক** জানাইবেন কি—

- (ক) তমলকে মহকুমার কোন্ কোন্ ফেরী সরকার তত্তাবধান করিতেছেন;
- (খ) প্রতি ফেরী কোন্ সময়ে কি পন্ধতিতে বন্দোবস্ত দেওয়া হইয়াছে;
- (গ) গত ১৯৬০ সালে এই মহকুমার কোন্ কোন্ ফেরী কত টাকার বন্দোবস্ত দেওরা হইয়াছে এবং তক্ষধ্যে কত টাকা আদায় হইয়াছে ; এবং
- (ঘ) এখনও ঐ মহকুমার কোন্ কোন্ ফেরী কি কারণে সরকার দখল লয়েন নাই?

# The Minister for Land and Land Revenue:

- (ক) এতংসহ তালিকা প্রদত্ত হইল (তালিকা নং ক)
- (খ) প্রতি ফেরী বাংলা সনের মাঘ/ফাল্গন্ন মাসে, পরবতী এক বংসরের জনা (১লা বৈজাধ হইতে চৈত্র মাস তক) প্রকাশ্য নিলাম ডাকের মাধামে বন্দোবদত দেওয়া হয়। নিলামের বিজ্ঞাপত ৫০০ টাকার নিচের ফেরীগন্লির বেলায় বিভিন্ন অফিনে, হাটে, বাজারে প্রচার করা হয় এবং ৫০০ টাকার উধের ফেরীগন্লির বেলায় উত্ত প্রচার ছাড়াও প্রানীয় সংবাদপত্রে প্রচার করা হয়। বাংলা ১৩৭১ সালের পূর্ব পর্যান্ত নিলামের সর্বোচ্চ ডাককারীয় নিকট হইতে সিকি ভাকের টাকা গ্রহণপূর্বক উপযুক্ত কর্মচারীয় মঞ্জুরীসাপেক বন্দোবদত দেওয়া হইত; কিন্তু ১০৭১ সাল হইতে নিলাম ডাকের সমূহ টাকা এককালীন আদায়প্র্বক বন্দোবদত দেওয়া হইতেছে।
  - (গ) এতংসহ তালিকা প্রদন্ত হইল। (তালিকা—খ)
- ্বে) ঐ মহকুমার মাত্র নন্দীগ্রাম থানার অন্তর্গত তেরপেক্ষা ফেরণিট দেওরানী মোকন্দমা-বশত দখল লওরা হর নাই।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 718.

# তালিকা নং (ক)

১। মহিষডোল কেরী। २। नक्कतमीवि स्क्ती। ৩। দূর্বাচটা মৌজার ভোড়দা কেরী। ৪। বৃশানন চক মৌজান বৃশাচক ফেরী। ৫। খ্রীরামপুর ফেরী। ৬। বৃন্দাবন চক মৌজার বেলচান্দা ফেরী। ৭। টংতলা ফেরী। ৮। পূर्व स्मवानि रक्ती। ৯। শ্রীকণ্ঠা ফেরী। ১০। বাকচা ফেরী। ১১। নৈছনপুর ফেরী। ১২। রামদাসপুর ফেরী। ১৩। চৈতন্যমন্সল ফেরী। ১৪। বরগোদাপুরাসা ফেরী। ১৫। শ্যামরায় ফেরী। ১৬। আসনান নারকেলদা ফেরী ১৭। প্রজাঝড়ফেরী। ১৮। বলাইপাণ্ডা ফেরী। ১৯। রামচক্রপুর ফেরী। ২০। শ্রীধরপুর ফেরী। ২১। রাশ্চক্রপুর সফুল ফেরী। २२। (हेंद्रका थानी (क्सी। २७। इक्सिनि स्मती। ২৪। তেঁতু ল বেড়ে ফেরী। २৫। कुक्ज़ाशांकी बाहे ज्या। २७। क्लबाडी बाइ क्या ২৭। পদ্ধারিচক ঘট। २৮। विकृष्णीनि वारे क्या। २৯। भागुक् शनि वाडे जना। 20: হোচুখালি বাট জন্ম। ৩১। সন্ধ্যার চক বাট জনা।

৩২। বৃশাবন চক বাট পন। ৩৩। বাছুবনারী বাট পন। Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 718.

# তানিকা (ৰ)

	(कडीत नांग					বিলি বন্দোবক্তের টাকার পরিবাণ	আগারী <b>টাকা</b> পরিবাণ
	er genete-statistische fün Lie, -e-statistische					होक।	होंक।
۱ د	ৰহিষভোল কেবী					1	1
₹।	নক্ষরদীবি ফেনী					30	36
<b>3</b> 1	ভোরদা ফেরী	• •				œ	30
8 1	ৰ ুশাবনচক ফেরী		• •			00	90
ů i	বেলচন্দ। কেরী ু					60	60
<b>6</b> i	শ্ৰীৰামপুর কেনী		•• .	••	٠.	6,830	>,>२१
۹1	টংতলা কেরী _।	• •	• •	• •		680	080
ы	পূৰ্বদোবাদি ফেরী			• •		00	60
91	শ্রীকণ্ঠা কেরী			••		225	>><
01	বাকটা ফেরী	•				49	२३
1 6	নৈদুনপুর ফেরী			••		90	>0
۱ ۶	রমদাপুর ফেরী					200	300
ا د	চৈতন্যম <b>ঙ্গ</b> ল ফেরী					১১২	38
8 1	বরগোদাপুরুষা ফেরী					296	296
G I	শ্যামরার ফেরী		• •			३०२	<b>५०</b> २
৬ ৷	আসনান নারিকেলদা	ফেরী				৮৬৬	424
9 1	প্ৰজাবাড় ফেরী				••	90	90
ЬI	ৰলাই পাণ্ডা ফেরী		••	••		১৮৬	749
9 !	রাষচন্দ্রপূর ফেরী 🖁			••		746	74
01	শ্ৰীধরপুর ফেরী		••	••		<b>98</b> 9	२৫৩
<b>5</b> I	রাৰচক্রপুর স্থূল ফেরী	• •		••		74	24
₹1	তেতুনবেড়ে ফেরী		••	••		<b>૭</b> ૨૯	<b>૭</b> ૨૯
<b>3</b>	হরধানা কেরী		••	• •		৬৯৬	<b>6</b>
8 I	টেংরাখালা ফেরী	• •				२,>२०	<b>۵,۵۵</b> 6
ĊΙ	ৰুকড়াহাটা ঘাটজৰা		• •			3,900	5,400
ঙা	क्नवाड़ी वाठेक्या	• •		• •	• •	<b>პ</b> ≱ს	344
91	পরারচক বাটজনা		• •	• •		8.0	80
ЬI	श्विकृष्ठ्यानी वाद्यमा					900	600
۱ 6.	শালুকখালী বাটজৰা			• •		91	31
10	হোড়ৰানী বাটজৰা		• •	••		P>0	P.90
16	গঙাৰহক বাটকৰা			••		<b>68</b> 5	48>
₹1	ৰুশাৰনচক বাটজনা			••		२४२	२४२
31	वाङ्ग्यानी वाद्रेक्ष्या	••	• •	• •	••	066,6	810
						~~~~~	,

Enquiry into the death of Shri Jagai Chand Shaw at Bakultala, Behala

719. (Admitted question No. 1484.)

্লীরবীন্দ্রনাথ মুখোপাধরুর: স্বরাজ্র (প্রালস) বিভাগের মাননীয় মন্দ্রিমহাশর অন্ত্রহপ্রেক জানাটবেন কি—

- (ক) গত ১৩ই জান্যারি ১৯৬৪ তারিখে বেহালার বকুলতলা অণ্ডলে প্রিলসের গ্লোডে নিহত জগাইচাল সাউ-এর মত্যে সম্পর্কে এ পর্যস্ত কোন তদম্ভ হইয়াছে কিনা :
- (খ) তদনত হইয়া থাকিলে উক্ত তদন্তের ফল কি: এবং
- (গ) তদনত না হইয়া থাকিলে, কারণ কি?

The Minister for Home (Police):

(क), (খ) ও (গ) জগাইচাঁদ সাউ ১৩ই জানুয়ার, ১৯৬৪ তারিখে প্রিলসের গ্রেলীতে আহত হন এবং ২৪এ জানুয়ারি ১৯৬৪ তারিখে শম্ভুনাথ পশ্ডিত হাসপাতালে মারা যান। প্রিলস রেগ্লেশনস অনুযায়ী নির্বাহিক তদন্ত এখনও আরম্ভ করা হয় নাই, কারণ ঐ ঘটনা সংশিক্ষণ্ট একটি মামলা বর্তমানে আদালতের বিচারাধীন রহিয়াছে।

Repairs of roads in Midnapore town

- 720. (Admitted question No. 1540.) Shri Syed Shamsul Bari: Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—
 - (a) whether Government has any proposal for repairing the concrete and tarmacadam roads in Midnapore town maintained by the Public Works Department during the current year:
 - (b) if so, when the work will be taken up and when completed; and
 - (c) whether repair work of any of the tramacadam roads in Midnapore Block in police-station Midnapore will be taken up during the current year?

The Minister for Public Works: (a) Yes.

- (b) Shortly after the rainy season is over and completed within the current financial year.
- (c) Yes. So far as Public Works Department roads are concerned the repair work will be done as far as funds permit.

Establishment of a Thana Health Centre at Dhulian, Murshidabad

721. (Admitted question No. 1555.)

শ্রীলনংকুমার রাহাঃ স্বাস্থাবিভাগের মাননীয় মণিতমহাশয় অন্গ্রহপ্রেক জানাইবেন কি-

- (খ) প্রস্তাব থাকিলে, তাহা কতদিনের মধ্যে কার্যকরী করা হইবে?

The Minister for Health:

(ক) ও (থ) ধ্লিরানে কোল স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠার প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন নাই। কিন্তু ধ্লিরান যে উন্নয়ন সংস্থায় অবস্থিত, সেই সামশেরগঞ্জ উন্নয়ন সংস্থায় একটি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য উপব্যক্ত জমির সম্থান করা হইতেছে।

Arrangements for giving shelter to the refugees

722. (Admitted question No. 1588.)

ঋজনপটনোৰে **বলঃ উদ্বাদ্তু,** লাগ ও পুনর্বাসম বিভাগের মাননীর বাদ্যবহাশর অনুভ্রত্প্রক্ জানাইবেন কি, এই রাজ্যে কোন্ কোন্ স্থানে কতজন করিয়া উম্বাদ্তু থাকিবার ব্যবস্থা সর্কার হইতে করা হইরাছে?

The Minister for Refugee Relief and Rehabilitation:

প্রশ্নতির দ্বারা যদি নবাগত উদ্বাস্ত্দিগের থাকিবার ব্যবস্থা সম্পর্কে জানিতে চাওরা হইরা থাকে, তাহা হইলে ইহা বলা যায় যে, নবাগত উদ্বাস্ত্দিগের থাকিবার জন্য কোন ব্যবস্থা এই বাজ্যে করা হয় নাই। বাঁহারা পশ্চিমবশ্গের বাহিরে প্নর্বাসন গ্রহণেচ্ছ্র, কেবলমার তাঁহা-দগের জন্য গেদে, পেট্রাপোল, হাসনাবাদ ও বানপ্রস্থিত সামারিক আশ্ররকেন্দ্রে অন্য রাজ্যে । । । । এই পর্যস্ত এইর্প আশ্ররজাভ করিয়াছেন বাগত উদ্বাস্ত্র সংখ্যা ১,৬৯,২২৬

Engineering and Technical institutions in West Bengal

724. (Admitted question No. 1589.)

ীজনগামোহন দাসঃ শিক্ষাবিভাগের মাননীয় মিল্মিহাশর অনুগ্রহপ্র'ক জানাইবেন কি, এই

াজ্যে ইঞ্জিনীয়ারিং ও কারিগরি শিক্ষার জন্য কোন্ কোন্ স্থানে কতগঢ়িল প্রতিষ্ঠান সরকারের
গরিচালনার প্রতিষ্ঠিত?

The Minister for Education:

এই রাজ্যে ইঞ্জিনীরারিং ও কারিগরি শিক্ষার জন্য রাজ্যসরকারের শিক্ষাবিভাগের পরিচালনার প্রতিন্ঠিত শিক্ষারতনগুর্নির বিভিন্ন পর্বারের চারিটি তালিকা উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 723.

NAMES OF THE ENGINEERING COLLEGES FOR DEGREE COURSES

- 1. Bengal Engineering College, Sibpur, P.O. Botanic Gardens, Howrab.
- Regional Engineering College, Durgapur, Mahatma Gandhi Avenue. Durgapur-4.
- 3. Jalpaiguri Engineering College, P.O. and district Jalpaiguri.
- North Calcutta Engineering College, c/o Bengal Engineering College, P.O. Botanic Gardens, Howrah.
- College of Engineering and Technology, Jadavpur University, Jadavpur. Calcutta-32.

H - 52

TECHNICAL INSTITUTIONS FOR DIPLOMA COURSES

- 1 Acharya Prafulla Chandra Ray Polytechnic, Jadavpur, Calcutta-32.
- 2. Rama Krishna Mission Silpamandira, P.O. Belurmath, Howrah.
- 3. M.B.C. Institute of Engineering and Technology, Burdwan.
- 4. K. G. Engineering Institute, Vishnupur, Bankura.
- 5. Hooghly Institute of Technology, Hooghly.
- 6. Jalpaiguri Polytechnic Institute, Jalpaiguri.
- 7. B. P. C. Institute of Technology Krishnagar, Nadia
- 8. Shree Ram Krishna Silpa Vidyapith, Suri, Birbhum
- 9. Iswarchandra Vidyasagar Polytechnic, Jhargram, Midnapore.
- 10. Purulia Polytechnic, Purulia.
- 11. Murshidabad Institute of Technology, Murshidabad, Berhampore.
- 12. Ram Krishna Mission Shilpapith, Belghoria, 24-Parganas.
- 13. Jnan Chandra (Hosh Polytechnic, 7 Maurbhanj Road, Calcutta.
- 14. Asansol Polytechnic, Dhadka, Asansol, Burdwan.
- 15. Malda Polytechnic, Madla.
- 16. Polytechnic at North Calcutta, 15 Gobinda Mondal Road, Calcutta-
- 17. Jagadish Chandra Polytechnic, Berachampa, 24-Parganas.
- 18. Birla Institute of Technology, 56 B. T. Road Calcutta-50.
- 19. School of Printing Technology, Jadavpur, Calcutta-32.
- 20. Central Calcutta Polytechnic, 21 Convent Road, Calcutta-14.
- 21. Composite Polytechnic and Junior Technical School for Women, 2 Convent Road, Calcutta-14.
- 22. Cooch Behar Polytechnic, Cooch Behar.

JUNIOR TECHNICAL SCHOOLS FOR JUNIOR DIPLOMA COURSE

- 1. Rama Krishna Mission Boys' Home, Rahara 24-Parganas.
- 2. Satis Chandra Silpa Vidyalaya, Burdwan, Kalanabogram, Burdwan.
- 3. Sevayatan Silpa Vidyalaya, Jhargram, Midnapore, P.O. Sevayatan,
- 4. St. Xavier's School, Basanti, 24-Parganas.
- 5. Saraju Prosad Junior Engineering Institute Durgi, Jhalda, Puruh
- 6. Hooghly Junior Technical School, Hooghly.
- 7. Jalpaiguri Junior Technical School, Jalpaiguri.
- 8. B. P. C. Junior Technical School, Krishnagar, Nadia.
- 9. St. Vincent Junior Technical School Asansol, Burdwan.
- Junior Technical School, attached to R. K. Mission Silpa Mandi P.O. Belurmath, Howrah.
- Junior Technical School at Chhotojagulia, P.O. Chhotojagulia, Distri 24.Parganas.
- Swami Mahadevananda Vidyayatan (Junior Technical School Manirampur (Bholagiri Road), Barrackpore, 24-Parganas.
- 13. Junior Technical School at Subhasnagar, Subhasnagar P.O., Benga District Hooghly

TECHNICAL INSTITUTIONS FOR ONE YEAR CERTIFICATE COURSE IN ENGINEERING TRADES

- 1. Fulia Polytechnic, P.O. Fulia Colony, district Nadia.
- Sibpore Polytechnic, c/o B. E. College, P.O. Botanic Gardens, Howrah.
- 3. Asansol Polytechnic, P.O. Asansol, district Burdwan.

Admission of students to the Medical Colleges

724. (Admitted question No. 1593.)

শ্রীক্তিভূষণ মন্ডল: স্বাস্থ্যবিভাগের মাননীর মনিয়মহাশার অন্গ্রহপ্রবিক জানাইবেন কি-

- (ক) বর্তমান বংসরে সর্থমাট কোন্ মেডিকালে কলেজে কত ছাত্র ভর্তি হইয়াছে : এবং
- (খ) কিসের ভিত্তিতে এইসকল কলেজে ছাত্র ভর্তি হইয়াছে?

The Minister for Health:

- (ক) কোন কোন মেডিক্যাল কলেজে এখনও ছাত্রছাত্রী ভার্ত **চলিতেছে**; স**্ক্রোং এই** প্রদেশর উত্তর এখন দেওরা যাইতেছে না।
- (থ) সংশ্বিকট বোর্ড বা ইউনিভার্সিটি পরীক্ষায় প্রাণ্ড নন্বর অনুসারে মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির নির্দেশ সরকারী মেডিক্যাল কলেজগুর্নিকে দেওয়া হইয়াছে।

Calling attention to matters of urgant public importance

Mr. Speaker: Hon'ble Minister-in-charge of Education Department will please make a statement on the proposed cease-work of the College and University Teachers' Association called attention by Shri Sambhu Charan Ghosh.

The Hon'ble Rabindraial Sinha: The West Bengal College and University Teachers' Association handed over a memorandum containing their demands and stated that they had decided to cease-work for a day on the 18th September 1964. Thereafter, they wrote to the Education Minister seeking an interview with him before the said date. The Education Minister met a deputation of the said Association on the 5th September 1964 when their demands—seven altogether—were discussed. The deputationist pressed for regular payment of grants, for improved salary for college teachers in accordance with the U.G.C. scale, and the Education Minister assured them that the Government would try for the payment of grant to colleges in respect of improved salaries of college teachers in four quarterly instalments from the next financial year. Accordingly, the Government have already sanctioned grants for first six months of this financial year.

They also pressed for extension of benefit of U.G.C. scales of pay to new entrants. The Education Minister explained that new teachers appointed in the existing colleges in old posts to which benefits of U.G.C. scales of pay were allowed are getting the U.G.C. benefit. In respect of posts created after 31st March 1963, he told the deputationists that Govrnment cannot take unspecified financial responsibility. But as regards the question of extension of such benefits to teachers appointed to new posts already created, Government will examine individual cases and consider them sympathetically. The U.G.C. have also been addressed in the matter. Government will not, however take any financial responsibility for any post to be created in future without prior approval of the State Government.

Government also agreed to sympathetically consider the question of extending the benefits of Contributory Provident Fund on the difference of pay between U.G.C. scales of pay and the college scales of pay by additional grants, and the matter is already being examined by the Government.

With regard to new colleges established during the Third Plan period the Education Minister explained that Government cannot assume an unspecified financial responsibility because the Government have no control in the matter of affiliation of private colleges.

(2-2-10 p.m.)

It is appropriate that any college set up in the Third Plan period should have provided for the revised scale of pay, i.e., the U.G.C. scales of pay. But as many of the teachers in these colleges are not getting this scale, covernment will sympathetically consider their cases if such colleges conform to the standard and requirement of the U.G.C. But in no case Government will undertake responsibility in respect of colleges to be created bereafter if they are started without the prior approval of the State Government.

The deputation also pressed for placing education in the concurrent dist of legislation. The Education Minister stated that the State Government would keep an open mind on this issue and would examine it on its merits when the occasion would arise.

As regards the Association's demand for upward revision of pay scales grants of D.A. at the rate of Rs. 60 per month to each individual teacher, Government are unable to accept them in the present stringent position of State finances. The Education Minister told the deputation that it would not be possible to undertake upward revision of salary scales during the Third Plan period. The revision of salary scales of college teachers would appropriately be considered by the Government of India and the U.G.C. on an All-India basis. The Education Minister however assured that the State Government would take up the matter with the Government of India, the U.G.C. and the Planning Commission in the Fourth Plan. Naturally the Planning Commission would consider the matter on an All-India basis.

Thereafter the Government had received no communication from the Association. But it appears from the newspaper report that the Association has stuck to its call for cease work on the 18th September.

India honours her teachers and holds them in highest regard. I would appeal to them to kindly consider whether the proposed course would be consistent with the noble ideals and great traditions of Indian teachers. I would only hope that they would desist from the proposed cease work.

Mr. Speaker: The Hon'ble Minister-in-charge of Home (Police) Department will please make a statement on the arrest of 110 student-strikers of Kanthi Prabhat Kumar College, called attention by Shri Sudhir Chandra Das.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: Sir, in connection with the Calling Attention Notice of Shri Sudhir Chandra Das, M.L.A., regarding the strike by the students of Contai Prabhat Kumar College, I want to make the following statement:

A group of students of Contai Prabhat Kumar College took up the cause of expulsion of a student, Shri Akhil Jana, from the college and organized processions in Contai on 31st August 1964 demanding withdrawal of expulsion order and removal of the Principal and also some other demands. On 1st September 1964 the students picketted near the college gate and also organized a procession in the evening in the town.

On 2nd September 1964, a public meeting was organized by the students in which it was declared that hunger strike and satyagraha will be organized by the Students Federation group with effect from the 7th September, 1964 on the issue. On 6th September the students with the help of some outsiders organized a meeting at Town Hall, Contai, in which they reiterated their demands. On 7th September 1964, six students resorted to hunger strike in the college premises and a procession was organized with them in Contai town. Though the S.D.O. informed the students that the college authority was agreeable to withdraw the expulsion order still the students did not accept the offer and was determined to continue the agitation. On 8th September 1964, the students again picketted in front of the college gate preventing other students from attending their classes and also organized procession in the town although the District Magistrate assured them of looking into their grievances.

On 8th September 1964 evening on the complaint of Shri Sisir Adhikari, a student of the college, case No. 6(9)64, under section 143/323, I.P.C. was started against some of the students of the S.F. group. On the 9th Sept. 1964 picketing by students continued in the college premises for which, on the written complaint of about 56 students, Contai P.S. case No. 7(9)64, under section 143/341 was started against those students of the S. F. group who obstructed their entry. On this day, even the Principal was also obstructed from entering the college premises and some schools in the town were also picketted by them. On 9th September 1964, when some students physically obstructed entry of other students into the college, the S.D.O. along with the S.D.P.O. and the C.I., Contai, hastened to the college and found that some students and outsiders were giving inflamatory speeches and inciting the students. When attempts were made to arrest some outsiders, there was violent resistance and scuffle with the police. At this stage 100 persons, mostly students, were arrested to bring the situation under control, and a case under sections 143/352/186, I.P.C. was started. All the arrested persons were subsequently released on P.R. bond. As the situation became serious an order under section 144 Cr.P.C. was promulgated for seven days in Contai town. Six student hunger-strikers were arrested on 9th September 1964, vide Contai P.S. case No. 9(9)64, under section 309 I.P.C., and removed to hospital. On 10th September 1964, three ring leaders were arrested under D. I. Rules. Out of those 100 persons who were released on P. R. bond on 9th September 1964, 94, mostly students, organised a procession in violation of orders under section 144 Cr.P.C., and went to the court of the Subdivisional Magistrate, Contai. On their refusal to be released on P. R. bond they were taken into custody and removed to Midnapore Central Jail. Another batch of 38 students entered the court and interrupted the court proceedings by shouting slogans for which they were convicted under section 228 I.P.C., and sentenced to detain till rising of the court. On 11th September 1964, at the intervention of local leading persons, settlement between college authorities and students was arrived at and the hunger strike agitation was withdrawn by the students. There was no lathi charge by the Police.

Mr. Speaker: I have received two Notices of Calling Attention; one from Shri Ananga Mohan Das on Leprosy patients in West Bengal; and the second one from Shri Birendra Narayan Ray, Shri Radhakrishna Singha, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri Monoranjan Bakshi, Shri Lakshmi Ranjan Josse and Shri Deo Prakash Rai on 'Shifting of Sugar Mill from Ahmedpur to Madras.' I have selected the notice of Shri Birendra Narayan Ray and others. The Hon'ble Minister-incharge will please make a statement to-day or give a date.

The Hon'ble Prafulla Chandra Sen: With reference to the Notice of Calling Attention regarding shifting of the National Sugar Mills Ltd., Ahmedpur, in the district of Birbhum, tabled by Shri Birendra Narayan Ray, Shri Radhakrishna Singha, Shri Bejoy Kumar Banerjee, Shri Mahananda Haldar, Shri Monoranjan Bakshi, Shri Lakshmi Ranjan Josse and Shri Deo Prakash Rai, I beg to make a statement.

A proposal has been received from the National Sugar Mills Ltd., for shifting the factory from Ahmedpur. Birbhum, to Madras State. Their proposal in a nutshell is: (1) to shift the factory from Ahmedpur, Birbhum to Madras State, (2) to have an integrated plan of development of a Paper Mill along with the Sugar Mill, (3) to revive the Sugar Mill at

Beldanga which is lying idle for nearly sixteen years, (4) physical shifting of the unit would be effected by the Company after they have made proper arrangements for repayment of the Government dues. These are the proposals put forth by the Sugar Mill Company. The Company's performance so far has been unsatisfactory and the financial position is also not at all sound. How far the Company will be able to give a concrete shape to the proposed integrated scheme is doubtful.

In view of the unsatisfactory financial condition of the company a committee was appointed by the Government in October 1963 to examine the affairs of the National Sugar Mills Company. The Committee made a study of these affairs and considered the financial position of the company to be unsatisfactory. The recommendations of the committee were duly considered by the Government and in accordance with one of those recomendations the Government of India was requested in February 1964 to take over the management of the business of the company under the Industries Development and Regulation Act 1951. The Government of India in the Ministry of Food and Agriculture in their letter dated the 22nd August have agreed to order an investigation into the affairs of the National Sugar Mills Limited under section 15 of the Industries Development and Regulation Act, 1951, and requested to nominate an officer to represent the State Government in the panel of officers to be constituted by them to undertake the work. The Director of Industries, West Bengal, has been nominated by the State Government to be associated with the proposed investigation. This Government have informed the Government of India that the proposal for shifting of the mill from West Bengul to Mudrus cannot be considered for the present. If the company can satisfy all the creditors by making full payment of the arrear dues and thereafter put up such a proposal, the State Government will consider the proposal on its merits. At this stage we are not in a position even to consider such a proposal.

Messages from Council.

[2-10-2-20 p.m.]

The Secretary (Shri P. Roy): Sir, the following messages have been received from the West Bengal Legislative Council, namely:—

(1)

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 8th September 1964, agreed to the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1964, without any amendment.

Calcutta:

The 9th September, 1964.

SUNITI KUMAR CHATTERJI.

Chairman,

West Bengal Legislative Council'.

(2)

"Message

The West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, was considered by the West Bengal Legislative Council at its meeting held on the 9th September 1964, and is returned herewith to the Assembly with the intimation that the Council has no recommendations to make in regard to the Bill.

Calcutta:

The 10th September, 1964.

SUNITI KUMAR CHATTERJI.

Chairman,

West Bengal Legislative Council".

Sir, I lay popy of the Messages on the table.

Shri Cirish Mahato:

ন্ধাননীয় অধ্যক্ষ মহোদর, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মুখ্যমন্টীর দুন্তি আকর্ষণ করতে চাই। আমি পূর্বেও একদিন বর্গোছলাম, একথা হল, কলকাতায় চাল পাছি না, সেজনা আমরা বাড়ি থেকে চাল এনে খাছি। বাজারে গ্রুড একেবারে পাওয়া যাছে না, আমাদের প্র্রুলিয়া ক্ষেলার মানবাজার থানা এলাকায় সর্বে তেল ন্যায়াম্লো কোথাও পাছি না। এ জন্য এ বিষয়ের প্রতি আমি মুখ্যমন্টীর দুন্তি আকর্ষণ করছি।

Shri Deb Saran Ghosh:

স্যার, আমি আপনার মাধ্যমে খাদামদ্বী তথা মুখামদ্বীর দৃণ্টি আকর্ষণ করছি যে, মুর্শিদাবাদ দ্বেলার বেলডাপ্যা থানার গম ও মরদার সাংলাই বন্ধ আছে। গত দু সংতাহ ধরে মরদা বা দেওরা হয় তার পরিমাণও খুব কম। এখন বিশেষ করে আউস ধান উঠছে স্পত্তার্থই তাই মনে হতে পারে যে, সরকারী সাহায্য দেওরার প্রয়োজন নাই, কিন্তু আমি জানাছি যে বেশীর ভাগ লোকেই এই আউস ধান পার নি বা তাদের নাই, তারা সরকারী সাহায্যের উপরই প্রধানত নির্ভার করছে, এই অবস্থার গম বা ময়দা সরবরাহ কম হওরার অবস্থা খুব খারাপ হরে দাঁড়িয়েছে।

Complaint against Covernment Storing Agent, Jalpalguri

Shri Sailendra Nath Adhikary:

মাননীর স্পীকার মহাশর, আমি আপনার দৃতি আকর্ষণ করছি বে, আপনি এর আঙ্গে একদিন বলেছিলেন যে এইরকমভাবে বে দৃতি আকর্ষণ করা হয় তাতে মন্দ্রিমহশররা জবাব দেবেন কিনা বলতে পারেন না। তাঁরা উত্তর দিতে পারেন আবার নাও দিতে পারেন, বেহেতু এটা প্রপার কলিং আ্য়টেনশন নয়। কিন্তু আপনি একখা বলেন নি বে, দৃতি আকর্ষণ করলে মন্দ্রিমহাশররা কোন আক্সান নেবেন কিনা।

Mr. Speaker:

প্রকটা কথা বলে দিই মিঃ অধিকারী। আপনি বোধ হয় আগে থেকে এথানকার ভেটার্যান ক্রেবার। তাঁরা জ্যাকসান নেবেন কিনা সেটা আমার উপর নির্ভব করে না।

•

Shri Sailendra Nath Adhikary:

বেটা দৃশ্তি আকর্ষণ করা হয় সেটার অ্যাকসান মন্তিমহোদররা নেনই না। এখানে আগনার কাছে বলছি এই হাউসে মাননীর কাশীকাতে মৈন্ত মহাশার একটা টেলিয়ার জলগাইগৃছি সংবাদে পড়েছিলেন, আপনি সেটা অ্যালাউ করেছিলেন। তাতে ছিল জলপাইগৃছি জেলার মিঃ রামকুমার কিশোরীলাল, গভনমেন্ট স্টোরিং এজেন্ট, তার নানা কান্ড সে ট্রাক বোঝাই চাল পার করে দিছে এবং সেদিন মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত ছিলেন এবং টেলিগ্রামের কপি বোধা হয় তাঁকে দেওরা ইরেছিল। তারপর দেখা গেল—আমি কালকে একখানা চিঠি পেরেছি, সেই চিঠি খুব মর্মান্তিক চিঠি, বিনি এই টেলিগ্রাম করেছিলেন তিনি লিখেছেন, তার একটা লাইন আমি পড়ে শোনাই তাহলে আপনি বুঝতে পারবেন

if no action is being taken, my life may be endangered by the black marketeers.

তার অপরাধ হয়েছিল এই কিশোরীলাল এবং এই কোম্পানী তাদের সপো ওধানকার ডিসিট্ট কন্টোলার জড়িত আছে, তারা যেভাবে স্টোরিং এজেন্ট হিসাবে সমস্ত চালগালি পার করে দিছিল তাতে সেটা সে ধরেছিল। সাার, আপনি জানেন, মুখামল্টীও তার নাম জানেন, তিনি হছেন জলপাইগ্রাড়ির প্রন্থের নেতা দেবেন সরকার, তিনিও ছিলেন। কিন্তু তারপর দেখা গেল এস পি, ডি, সি, কোন আ্যাকশান তো নিলেনই না, উপরস্তু সেই ভদ্রলোক তার অপরাধ হয়েছিল বে তিনি এই ইনফর্মেশান দিয়েছিলেন, তার লাইফ হাজে বিন এনডেঞ্জার্ড এবং আপনি জানেন সাার, স্বর্গতঃ হেমচন্দ্র সানালের মতার পর থেকে সকলেই চিন্তিত হয়েছেন।

COVERNMENT BILL

The West Bengal Official Language (Amendment) Bill, 1964

Mr. Speaker: We now take up the Official Language Bill.

Shri Sambhu Charan Chosh:

আমাদের হাউসের সামনে যে বিলটা আনা হচ্ছে আমি মনে করি যে বিলটা ইজ নট ইন অর্ডার। প্রথমতঃ.....

Mr. Speaker:

এখন উনি ইন্টোডিউস্টা করে দিন।

The Hon'ble Bijoy Singh Nahar: Sir, I beg to introduce the West Bengal Official Language (Amendment) Bill. 1964.

(Secretary read the title of the Bill.)

Shri Sambhu Charan Chosh:

আমাদের কাছে যে বিকাটা দেওরা হরেছে এটা অ্যামেন্ডমেন্ট বিল হিসাবে আমাদের কাছে দেওরা ইরেছে। ১৯৬১ সালে সরকারী ভাষা আইন ষেটা গ্রহণ করা হরেছে তারই সংশোধন হিসাবে এই বিলটা এসেছে। এই বিলের উদ্দেশ্য হচ্ছে একটি মান্ত সেকশানকে নতুনভাবে প্রোন বিলের সাথে যোগা করা। কুল্প ৪ যেটা এখানে আনা হচ্ছে সেই কুজের স্বর্তে বেকথা লেখা আছে সেটা হচ্ছে

notwithstanding the appointment of any day under Section (2) or Section 3 for the coming into operation of the provisions thereof.

১৯৬১ সালের অ্যাক্টে সেকশান ২ এবং সেকশান ৩-তে কোথাও ইংরাজী সম্পর্কে কোন কথা বলা হয় নি বা ইংরাজী ভাষার কণিটনিউরেন্সি বা ডিস-কণিটনিউরেন্স সম্বন্ধে কোন কথা বলা হয় নি। সেজন্য এই কুজ ৪-এর প্রথম কথা দিয়ে বোঝা বায় যে,

it is not an amendment,

এটা অল-ট্লেদার একটা সেপারেট বিল হিসাবে আমাদের সামনে আসা উচিত ছিল। সেকেন্ডাল স্যার, যে বিলটা আমাদের হাউসের সামনে আনা হয়েছে সেই বিলটা আনা হয়েছে সংবিধানের আর্টিকেল ২১০(২) ধারা অনুযায়ী। মিঃ স্পীকার স্যার, আমি আপনাকে দেখাব এই বিলটা ঠিক এই আর্টিকেলের ধারা অনুযায়ী আনা সম্ভব নয়। সংবিধানের আর্টিকেল ২১০ বলছে—

"Notwithstanding anything in Part XVII but subject to the porvisions of article 348, business in the Legislature of a State shall be transacted in official language or languages of the State or in Hindi or in English."

এবং কুজ (২)-এর বলছেন

"Unless the Legislature of the State by law otherwise provides, this article shall, after the expiration of a period of fifteen years from the commencement of this Constitution, have effect as if the words "or English" were omitted therefrom."

[2-20-2-30 p.m.]

অর্থাৎ আপনার আর্টিকেল ২১০(২) এটা ডিমিং প্রভিসন যে যদি বিধানমণ্ডলী অন্য কোনরকম আইন প্রণয়ন না করে তাহলে সংবিধান প্রবর্তনের ১৫ বছর পর অর্থাৎ ১৯৬৫ সালের ২৫এ জানুয়ারীর পর থেকে ইংরাজী কদিটানউ করবে না এবং সেটাকে বাঁচাবার জন্য বিলটা আনা হয়েছে। এই বিলটা আনার মধ্য দিয়ে আর্টিকেল ২১০(২) অনুযায়ী বলা হচ্ছে যে ইংরাজী কদিটানউ করবে ২৫এ জানুয়ারীর পর একথা বলা হয়েছে, অর্থাৎ ২১০-এ যে প্রভিসান আছে

official language or languages of the State in Hindi or in English.

মিঃ স্পীকার, স্যার, এখানে আর্চিকেল ২১০ ক্লজ ২ অনুযায়ী যে বিলটা আনা হয়েছে সেই বিলের ক্লজ ৪ দেখলে দেখবেন সেখানে বলা হচ্ছে ইংরাজী মানে হচ্ছে

as an additional language.

কিন্তু আর্টিকেল ২১০ কুর্র(১)-এ বলা হচ্ছে যে ইংরাজী সেখানে অন্টারনেটিভ ল্যাপোরেজ হিসাবে থাকবে। আমার বন্ধবা হচ্ছে আর্টিকেল ২১০-এ অন্টারনেটিভ ল্যাপোয়েজের কথা বলা হচ্ছে, ২১০ অনুযায়ী অ্যাডিসনাল ল্যাপোয়েজের কথা বলা হয়েছে। অ্যাডিসনাল ল্যাপোয়েজে আনবার যদি উদ্দেশ্য থাকবে তাহলে অন্য একটা আর্টিকেল ছিল। ১৯৬১ সালে আমাদের যে আইনটা আনা হয়েছিল সেই আইনটা আর্টিকেল ৩৪৫ অনুযায়ী আনা হয়েছিল

Article 345 of the Constitution of India

বলছে।

"Subject to the provisions of articles 346 and 347, the Legislature of a State may by law adopt any one or more the languages in use in the State or Hindi as the language or languages to be used for all or any of the official purposes of that State."

র্ষাদ সরকার মনে করতেন যে এর সাথে অ্যাভিসনাল ল্যাপ্যোরেজ হিসাবে ইংরাজী ত্কবে তাহলে ২১০-এর সাহায্য না নিয়ে তাঁরা আটিকেল ৩৪৭-এর সাহায্য নিতে পারতেন। সেখানে বলা হয়েছে ৩৪৭-এ

"On a demand being made in that behalf, the President may, if he is satisfied that a substantial proportion of the population of a State desire the use of any language spoken by them to be recognised by that State, direct that such language shall also be officially recognised throughout that State or any part thereof for such purpose as he may specify."

অর্থাৎ ধদি ৩৪৫ ধারান্যায়া এই আইন তৈরি করার বাপারে সরকার বিবেচনা করতেন বে ইংরাজী ভাষাকে আমাদের রাজ্যে শাসনকার্যে বাবহার করার জনা রাখা উচিত ভাহ**লে তারা** আচিকেল ৩৪৭-এর সাহাযা নিতে পারতেন, কিন্তু তা না নিয়ে আচিকৈল ২১০-এর সাহাবা নিতে গিয়ে দেখা যাচ্ছে যে তারা ইংরাজীকে অ্যাভিসনাল লাাগোয়েজ করছেন অথচ পরিন্দ্রার ভাষায় আছে ইংরাজী অল্টারনেটিভ ল্যাগোয়েজ হিসাবে ইউজ হবে। তারপর সাার, এই বিশটার মধ্যে আপনি যদি ভালভাবে লক্ষ্য করেন তাহলে দেখবেন যে, কন্দ্রাভিকশন রয়েছে। এখানে অবজেকট্স আশত রিজিন্সের মধ্যে বলা হয়েছে থার্ড প্যারাগ্রাফে

"As practical difficulties are likely to arise for the change-over from English to Hindi or such State languages within the times referred to above it is proposed to make law enabling the continuance of the use, after such times, of English both for the purposes of transaction of business in the State Legislature as also for the official purposes of the State, in addition to Hindi and the abovementioned State languages."

তনং প্যারাগ্রাফে বলা হচ্ছে যে, সরকার মনে করছেন কিছু ওভার, অর্থাৎ আমরা বাংলাতে রুপার্ন্তারত করার দিকে অস্বিধা বোধ করতে পারি সেজনা সরকার কণ্টিনিউয়াস্স অফ ইভরাজীর কথা চিন্তা করছেন।

একদিকে কুজ ৪-এ বলছেন যে, কুজটা আমাদের সামনে আনা হুয়েছে যে

English be continued as an additional language

আবার অবজেক্টস অ্যান্ড রিজনস-এ বলছেন যে চেঞ্চওভারএ ডিফিকাল্টি হতে পারে, অর্থাৎ সরকারের সমস্ত প্রশাসনিক কাজকর্মে বাংলাভাষা নিলে অস্থাবিধা হতে পারে। অতএব সেই অস্থাবিধার কথা চিন্তা করে ইংরাজীকে কন্টিনিউয়ান্স বলে এই আইন আনা হয়েছে। অর্থাৎ এই অবজেক্ট আন্ড রিজনস-এর প্যারা (৩)-তে যে কথা বলা হয়েছে, সেই অন্যারী অতান্ত পরিক্তারভাবে সরকারের মনোভাব এখানে পরিক্ষটে হয়ে উঠেছে যে ইংরাজী

not as an additional language but the only language

ষেহেতু বাংলাতে করতে পারবো না, অতএব ইংরাজী চাল, থাকবে। সেইজনা এই আইন তানা হয়েছে। আমার বস্তুব্য স্যার, ১৯৬১ সালের আইনে, ষেখানে পরিক্ষারভাবে বলা হয়েছে বে বাংলা ভাষাকে রুপান্তরিত করবার জন্য সরকার ক্যাসর হবেন।

Mr, Speaker:

আপনি আপনার পয়েন্ট অফ অডারটা বলনে।

Shri Sambhu Charan Chosh:

আমার পরেন্ট অফ অর্ডারটাই বলছি।

১৯৬১ সালের মূল আইনটাকে যথন ১৯৬৩ সালে অ্যামেন্ড করা হল, তাতে স্পৌর্সাফক ডেট-এর কথা বলা হর বে, ১১ই নবেন্থর, ১৯৬৫ সালের মধ্যে সরকার বাংলা ভাষাকে সরকারী ভাষা হিসাবে চাল, করবেন। বেখানে এই কথা বলছেন, অর্থাৎ ১৯৬১ সালেব ফাল আটন জ্যানেন্দ্রেড অকন্যার বেটা আছে, যে ১১ই ন্যেন্দ্রর ১৯৬৫ সালের মধ্যে সরকার বাংলাভাবাকৈ সরকারী ভাষা হিসাবে চাল্ করবেন, আবার এই বিলের অবজেষ্ট্রস অ্যান্ড রিজনস-এ বলছেন যে ডিফিকালিট হতে পারে ইংরাজী চেঞ্চ ওভার-এ। অতএব ইংরাজীর কলিটনিরেন্স আমরা চাই। অ্যাডিসন্যাল ল্যান্ডোরেজ যেখানে ক্লজে বলছেন, এখানে তার অর্থ অ্যাডিসন্যাল নর, ধনলি ল্যাপ্যোরেজ ইংরাজীকে আমরা করবার চেন্টা কর্রছি।

তারপর স্যার, আমার নেক্সট পয়েল্ট হচ্ছে বেখানে ঐ প্যারা ৩, অবজ্ঞেইস অ্যান্ড রিজ্ঞন্স-এ বলছেন যে.

as practical difficulties are likely to arise for the change-over from English to Hindi or such State Languages within the time referred to above

মিঃ স্পীকার স্যার, এটা অত্যত গ্রেছপূর্ণ পরেন্ট। বেখানে মূল আইনে বলা হয়েছে—
জর্মণ ১৯৬১ সালের আইন, মেটা জ্যামেন্ডেড অবস্থার ছিল, যে ১১ই নবেন্বর ১৯৬৫
সালের মধ্যে সমস্ত সরকারী কাজ-এর জন্য বাংলাকে সরকারী ভাষা রূপে গ্রহণ করা হবে।
আবার এই ক্লজ (৪)-তৈ বলা হছে যে, সেই সমস্তের মধ্যে আমরা বাংলা ভাষাকে গ্রহণ করতে
নাও পারি। অর্থাৎ মূল আইনের বে স্পিরিট সেই স্পিরিট-এর এসেনস্ট-এ এই অ্যামেন্ডমেন্ট
নিরে আসা হছে যে, "১১ই নবেন্বরের মধ্যে আমি রূপান্ডরিত করতে নাও পারতে পারি। সেই
জন্য আজকে ইংরাজী ক্রিটিডেমেন্ট-এর কথা আমি বন্ধছি। ইংরাজী ভাষা যাতে চাল্য থাকে
ভার জন্য আমি এই আইন এনেছি।"

মিঃ স্পীকার, সাল, আমি আপনার কাছে বলতে চাই—এই আামেন্ডমেন্টটি সন্ধন্ধে বৈ it is a negation of the original act

বে অ্যাষ্ট আমাদের সামনে আছে, যার অ্যামেন্ড করে এই বিল আনা হরেছে, সেটা সম্পূর্ণ নৈলোসন।

Mr. Speaker:

আপনি পয়েন্ট অফ অর্ডারটা বলুন।

Shri Sambhu Charan Ghosh:

আমার পয়েল্ট অফ অর্ডারটা হচ্ছে যে এই বিলটি

not in order. It should not be considered.

Mr. Speaker:

Point of order

श्वात्नहे रुख, बढ़े रून बढ़ीत। दक्तन शक्तर को रून बढ़ीत, म्परेंगे वार्शन कान।

Shri Sambhu Charan Ghosh:

আমি বলছি—

this should not be considered as an amendment to the original Act of 1961. It should be treated as a separate Bill.

Mr. Speaker: I will give my decision later on.

The Hon'ble Bijoy Singh Nahar:

নিঃ স্পীকার স্নার, এই পরেন্ট অফ অভার সূত্রশে আমি এই কথাই বলতে চাই বে, উমি অনেক লাখা করে বলেছেন, অনেকর্তো সেকখন সাখাখে বলেছেন। আহ্বা বে কিনটা এসেছি আমানের ক্যান্টিটকালয়ের সেকখন ২১০৩এর উপরে কিরে এসেছি, এবং ফ্রটা অন্যার করে। সাঞ্চারি দেওরা আছে যে স্প্রেট কোজসলেচার ইচ্ছা করলে মাড্ডাবা কলাতে পারে এবং রাথতেও পারে। আমাদের এখানে অফিসিরাল ল্যাপ্যোরেজ বিল বেটা আছে, তাতে বাংলা কিম্ম দেপালী আমরা রাথতে পারি এবং তার সপো ইংরাজীও বাডে রাথতে পারা বার, সেই সম্পর্টেশ বিল এনেছি। কাজেই উনি বেটা পরেন্ট অফ অর্ডার-এ বলছেন, সেটা প্রবোজ্য নর।

Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, be taken into consideration.

Shri Sambhu Charen Ghosh:

माद्र.

another point of order, under rule 110 of the Rules of Procedure

এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে পরেন্ট অফ অর্ডার ভূলেছি, আমি মনে করি এই পরেন্ট অফ অর্ডার-এর মধ্যে সংবিধানের প্রণ্ন আছে এবং সংবিধানের এই প্রন্নটা অত্যন্ত গ্রেছ্পণ্ণ। আমি মনে করি এই পরেন্ট অফ অর্ডার-এর মধ্যে আমানের আইনগত কতকার্লি প্রন্ন আছে। সেইজন্য রূল ১১০ নন্বর অন্বায়ী, আমি আপনার কাছে মৃত করিছি যে এই বিলের ডিসকাসনটা আ্যাডজরন্ড করে রাখা হোক।

মিঃ স্পীকারঃ মিঃ ঘোষ, আপনি এটার কনসেন্ট চান নি, অতএব

at this stage let it go on. The point of order will be decided later on.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ আমার একটা পরেণ্ট অফ অর্ডার আছে। এর আগে শম্পুবাব, যে পরেণ্ট অফ অর্ডার তুলেছেন তার সংগ্য আমি আপনার কাছে আর একটা পরেণ্ট অফ অর্ডার তুলছি। কনস্টিটিউশনের আটিকেলে যেটা এক্সিলিসিটিল বলে দিয়েছে তার উপরে সংশোধন করে বা তার ন্তন কিছ্ করবার ক্ষমতা লোজসলেচারের আছে কিনা এবং আজকে আপনি বে স্পীকার কনস্টিটিউশনের আটিকেলের বলে সেই কনস্টিটিউশনকে ভায়লেট করে এই একটা আইন আনবার জন্য যে অনুমতি তা আপনি দিতে পারেন কিনা?

विक प्रशासिक विकास शहा शहा ।

[2-30-2-40 p.m.]

The Henthle Bijer Singh Mahart

স্পাঁকার মহোদর, এই বিলেতে সাধারণভাবে যেটা ররেছে সে ইংরাজী ও বাংলা ও নেপালীর সপো থাকা দরকার। এইটা দেখে অনেকেরই হরত ধারনা হতে পারে বে, ইংরাজীই আনদার রাখতে চাই। বাংলা কিন্বা দাজিলিং-এর যেসব অঞ্চলে নেপালী ভাষা বাবহার হবে সেটা আমরা করতে চাই না। কিন্তু আমি অলপ কথার বলতে চাই বে বাংলাটা এথম খেকেই জারাভ হবে এবং আপনারা লক্ষ্য করে দেখেছেন যে আমাকে এই বিলটা এখানে পেল করবার জন্য ইংরাজীতে পঞ্চতে হল। তার কারণ আমরা বতক্ষ না এই পশ্চিমবংগা বাংলাটা পূর্ণভাবে চালু করতে পারীই আমরা এই হাউস-এতে বাংলার বিল মৃত করতে পারীই মা। এটা আনবার

দুটি কারণ আছে। একটি আপনারা দেখেছেন পালিরামেন্ট-এ তারা নতেন করে নিয়েছেন কিছুদিন পূর্বে যে ইভরাজ্ঞীও চলবে হিন্দির সপো। এবং তার সপো এট পার নিরে-আসার জন্য আমাদের এখানেও দরকার হয়ে পড়েছে। দ্বিতীয় প্রদন এর সংশ্যে জড়িত রয়েছে এবং সেইটিই বড প্রশ্ন যে আমরা তাড়াতাড়ি এটা কি করে নিয়ে আসতে পারি। আমাদের ষেটা অফিসিয়াল বিল হয়েছিল তাতে আমরা দু বংসরের সময় তখন চেয়েছিলাম এবং সেটা ১৯৬৫ সালের নবেন্বর মাস পর্যনত। কিন্তু আমরা এখন কি করে তাডাতাডি নিয়ে আসতে পারি তার ব্যবস্থার জন্য যথন দেখা গেল যে অনেকগর্নাল জান্ধগায় ছোটখাট আইনেতে আটকে যায় ইংরাজী না হলে এবং যার জন্য আমরা এখন বাংলা প্রয়োগ করি অনেকগুলি জায়গায় টেকনি-कान ডिফिकान्टिन राष्ट्र। म्हिकनारे रेश्ताकींटो नामतन त्रतथ आमता वीन वारना निस्करान्त्र মত করে নিতে পারি তাহলে কাঞ্জের অনেক স্ক্রিধা হবে। তা ছাড়া আরো আমাদের ছোটখাট অস্ববিধা যেগ্রিল হচ্ছে নোটিফিকেশান তাড়াতাড়ি করবার জন্যে যদি ইংরাজী তার পিছনে **থাকে** তাহলে আরো তাড়াতাড়ি করতে পারি। আমি প্রেদিনেই আলোচনায় একটু বলে-ছিলাম যে আমরা চাচ্ছি আগামী যে সেসন হবে তাতে আমরা যেন বিল বাংলায় নিয়ে আসতে भारित, তাতে অস্কৃবিধাটা হচ্ছিল যে আমরা যদি ইংরাজী না রাখি, নোটিফিকেশন যদি না করি, তাহলে আমরা বিল আনতে পারবো না এবং বিল আনলেও এই হাউস-এ যেভাবে কাজকর্ম হয় তা বাংলায় হওয়া সম্ভব নয়। किन्छू প্রেরাপ্রিরভাবে বাংলা এখন চাল্ব করা সম্ভব হচ্ছে না. **अत्नकर्भान काद्रत्।** जाद এको वर्ष काद्र्य शक्त अत्नकर्भान ভाষा याद कान वाश्ना आमार्पद তৈরি হয় নি। যদিও বাংলায় ট্রানন্সেশন হয়েছে, তিন খণ্ড বেরিয়ে গিয়েছে, কিল্টু সেই ভাষা র্ষাদ আজকে এখানে পুরোপর্নির প্রয়োগ করা যায়, বাবহার করা যায়, তাহলে অনেকেরই ব্রুবতে অসূর্বিধা হবে। সেইজন্য তাকে কিভাবে সহজ করে নেওয়া যায়, ইংরাজী অনেক কথা আছে বেটা আমাদের এখন চলতি হয়ে গিয়েছে, সেইগুলি যদি বাদ দিয়ে বাংলায় নিয়ে আসি তাহলে অনেকেরই বোধগম্য হবে না। আপনারা নিশ্চয়ই দেখেছেন মাঝে মাঝে বাংলায় ক্যালকাটা গেজেট বের হয়, আমি জানি না সেটা পড়লে কয়জন সদস্য তা বুঝতে পারেন। অস্কবিধা ছচ্ছে। সেইজন্য যাতে ইংরাজীর কিছ্ অংশ তার মধ্যে রেখে আমরা সহজ্ব বাংলা করতে পারি. বাতে এইরকম ভাষা এর মধ্যে না আসে সেটাও তার মধ্যে একটা লক্ষ্য রয়েছে। এর মধ্যে আমরা পরীক্ষা করে দেখছিলাম যে আবার কি কি করলে বাংলা হয় অথচ কোন আইনগত বাধার আটকে না যায়, সেইটা আমরা প্রীক্ষা করে দেখছি। তার জন্য টাইপরাইটার দরকার, টাইপ-রাইটার সন্বন্ধে আমরা একটা সিম্ধান্ত নিয়েছি এবং টাইপরাইটার তৈরি করবার জন্য দিয়েছি। <u> विक्रेश्राहेवेत ना इटल म्॰व्यत्र काल स्ना ७ व्यव्य इट्स यात्र। टात्रश्र, स्न्वेत्नाधार्थि, ७-७</u> শিক্ষা দেওয়া হচ্ছে। যদিও এখন কেউই সর্টহ্যান্ড শিখে নিয়ে লিখতে পারেন তাহলে উপযুক্ত টাইপরাইটার না থাকার জনা অস্ত্রবিধা হচ্ছে। যত শীঘ্র পারা যায় এসব অস্ত্রবিধা দরে করার জনা চেণ্টা হচ্ছে। এই বাধাগুলি দুরে হলে তবেই আমরা বাংলায় কাজ আরম্ভ করতে পারি। নেপালী সম্পর্কে আমরা এখনো এগতে পারছি না নেপালী সম্পর্কে একট্র সময় লাগবে। এগুরিল না করা সরকারের উদ্দেশ্য নয়। আপনারা সকলেই জানেন স্টেট ল ল্যাপ্সোয়েজ কমিশন হয়েছে। তারপর ১৯৬৩ সালে যে আইনগর্নল পাস হয়েছে. বাংলা পরিভাষা হয়েছে. ট্রানস্লেশান হয়েছে তা ছাপতে দিয়েছি, ছাপা হলেই আপনাদের সামনে আসবে। টেকনিক্যাল ডিফিকালিট ষা দেখা দেয় সেগালি যথাসাধ্য সহজবোধ্য করে তোলবার জনা লক্ষ্য রাখা হয়েছে। আমি অধিক কিছু বলতে চাই না। আমরা চেণ্টা করছি আগামী অধিবেশনে সমসত বিষয় বাংলায় নিয়ে আসবার জনা। বাংলা ভাষার প্রয়োগ ঠেকিয়ে রাখার জন্য এই বিলটা আনা হয় নি।

Shri Niranjan Son Gupta:

বাংলার সহজ পরিভাষার কি ব্যবস্থা করছেন?

The Hon'ble Bijoy Singh Nahar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার আমাদের বিধানসভার কর্মস্টোতে ভাষা সংশোধন বিলের ই যুখন দেখলাম তখন আমি অবাক হয়ে গেলাম যে যে ছেলে হাঁটতে শেখেনি তার জত্তার গ পরিবর্তনের কি প্রয়োজন ঘটে গেল, আমি অবাক হয়েছিলাম কিন্তু এখন দেখে ব্রুছি বিং পাবার পর যে ঐ শিশ, যাতে কোর্নাদন হাঁটতে না পারে তার জন্য একটা পাকাপোন্ত ব্যব এখানে আইন করে করা হচ্ছে। যদি পাশাপাশি ইরোজী চলে তাহলে আর কোনদিন বাংলাছ आजात रुष्णे रुरव ना এ विषय कान अस्मर तारे। विरास रेजियस रिग्मी ভाषा ठानाः গেছে। আমি সেদিন বিহারের আদালতের একটা রায় দেখলাম. সেটা হিন্দীতে লেখা हिन्दी गर्नामध्य यस्त सामे हाथा हासाह एएथिছ किन वाश्मापरण सामे हुए भारती আমি সেটা ভেবে ঠিক করতে পার্রাছ না। আমাদের গোপিকাবাব, বললেন যে যদি ১১ मारमंत्र नर्रुच्यत त्थरक वाश्मा हाल, इस छारला रकान ममना कि वनरङ भारतन रय छौता ह ইংরাজীতে কথা বলবেন না? তা হয় না কিন্তু একটা প্রচেণ্টা শ্রুর, হয় একথা ঠিক। 🕔 কারণ প্রোনো পয়সার বদলে তো নৃতন পয়সা কয়েক বছর হল চাল, হয়েছে কিন্তু লে এখন হিসাব করে দেখেছে সেই প্রোনো পয়সার হিসাবে। কেউ ৫ নয়া পয়সার জিনিস একটা বিক্রী করে না, হয় ৬ নয়া পয়সা, না হয় ১২ নয়া পয়সা, না হয় ১৯ নয়া পয়সা, না ২৫ নয়া প্রসা, কিন্তু তাই বলে ন্তন প্রসা আর প্রোনো প্রসা পাশাপাশি রাখা হয় তুলে দিলেন কি করে। কাজেই তাঁর এই যুত্তি তো খাটতে পারে না। এই ১৫ বছর সংবি হবার পরও বাংলাভাষা হবে না কেন, অস্কবিধা কোথায় গিয়ে দাঁড়াচ্ছে? ও'রা বলছেন যে 🛚 লিখন যত হয় নি, কিন্তু আনরা মাঝে মাঝে বিধানসভায় বক্ততার যে অনুলিপি পাই, অধ মহাশয় সেটা শব্দ লিখন যতে ছাপা হয় আমাদের কাছে পৌছে যায় এবং এগালি আমরা প দেখোছ ব্রুতে এতট্রকুও কণ্ট হয় না, সমস্ত ব্রুবা যায়। কাজেই সেই যদ্র আরো হবে কেন ভেবে পাই না। রেমিংটন কোং বিজ্ঞাপন দিচ্ছে, আমার মনে হয় আমাদের মাননীয় মা মহাশয়কে আহ্বান করে তাঁরা বিজ্ঞাপন দিচ্ছেন এই বলে যে আমরা ভারতের বিভিন্ন ভা শব্দ লিখন যন্ত্র হাওড়া কারখানায় বাংলাদেশে বসে বের করে দিয়েছি, আপনারা এসে দে যান। সতেরাং সেদিক থেকে অসূবিধা হবে একথা তো মনে হয় না। এখন বলতে পা যে, পরিভাষা হচ্ছে না। বহু পরিভাষা মাঝে মাঝে এমন লোক দিয়ে করান যে তা ব মুস্কিল হয়ে পড়েছে। যেমন খাদা ও সরবরাহ বিভাগ বল্লে আমরা সবাই বুঝি কিন্তু ধ হয়ত বলবেন না, পরিভাষা কমিটিকে দিয়ে করে নিয়েছেন জনসংভরণ। সেদিন আমার জৈত এক সরকারী কর্মচারী যেই বলতে গেলেন জনসংভরণ অর্মান তাঁর উপরের পার্টির বাঁধা मंद्रशास्त्र हिएक भए शिन्।

[4-30-4-40 p.m.]

কাজেই এইরকম পরিভাষা হলে, খুব অস্বিধা হয়ে পড়ে। প্লিশকে প্লিশ বলেই আফলনি, তাকে 'আরক্ষা' বলার কোন প্রয়েজন আছে বলেত মনে হয় না এবং পরিভাষা তৈরি কর যে খ্ব অস্বিধা হবে, তাওত মনে হছে না। যদি কেউ মনে করেন যে পরিভাষা তৈরী কর গেলে, সাহিত্যের আচার্যকে না নিয়ে এলে পরিভাষা হবে না, তাহলে ম্মিকল। পরিভ তৈরী করতে গেলে দেশের অতি সাধারণ মান্য যে ভাষা বোঝে, সেই ভাষার প্র লক্ষা রেখে করতে গেলে দেশের অতি সাধারণ মান্য যে ভাষা বোঝে, সেই ভাষার প্র লক্ষা রেখে করতে হবে। পরিভাষা তৈরী করতে গেলে দেশের প্রতি মমতাথে থাকা দরকার, সাধারণ মান্যের প্রতি ভালবাসা থাকা দরকার, আর নিজের ভাষার প্রতি দ থাকা দরকার। এটা যদি হয়, তাহলে সাহিত্যের আচার্য হওয়ার কোন প্রয়োজন নেই। আ এমন সব লোকের সংবাদ দিতে পারি যারা সাহিত্যের আচার্য নন, কিন্তু, দৈনিক, প্রতাহ অং বিদেশী ভাষা থেকে, তাকে বাংলায় অন্বাদ করে সাধারণ মান্যের বোধগম্য ভাষা করে তুলছে শুখু প্রশাসনিক ভাষা বা রাজনৈতিক ভাষার অন্বাদ নয়, অর্থনীতির ভাষা, বিজ্ঞানের ভা ভূগোলের ভাষা, প্রভৃতির অজস্ত্র অন্বাদ করে তারা দৈনিক সাধারণ মান্যের কাছে পেণ্ট দিছেন।

মানলীর অধ্যক্ষ মহাশর, আপনি যদি বাংলাদেশের দ্রদ্রান্তরে, গ্রামের কোন এক নিভ্ত शाल्ड जिंदा (भीषान, प्रथरिन राभार मध्यात मध्यात मध्या प्रथरित एक्टिस कार्यन स्थाप তারা পড়ছেন। একজন পড়ছেন, আর সবাই বসে বসে শ্বনছেন। এবং সেইসব সহজ বোধা পরিভাষার মাধ্যমে, সমস্ত অর্থ হ্লয়ঞাম করতে তালের খ্ব অস্বিধা হচ্ছে না। আমি সেই সব লোক, বাদের কথা বলছি, তারা এখানেই আছেন, হাতের কাছেই আছেন। অর্থাৎ বাংলা দৈনিক সংবাদপত্তের যারা সংবাদদাতা, তারা আব্দ হতে ৩০ বছর আগে থেকে বিভিন্ন সংবাদপত্তের সাথে ঘনিষ্টভাবে জড়িত আছেন দেখে আসছি এবং আনন্দ পেয়েছি যে তাঁরা সক**লের অগোচ**রে এবং হাততালি না কুড়িয়ে, এবং সাহিত্যে উপাচার্ফের খেতাব সংগ্রহ না করেও, তারা দিনরাত, প্রত্যহ অঞ্চন্ন ভাষার মালা তৈরী করে জনসাধারণের কাছে পাঠিরে দেন এবং সেই মালা বাসী रुल, आवाद न्उन माला करतन धवर भारा श्रामित विषय नव, जब विषय श्रीत छात्रा छात्रा छिन्नी करतन। তাদের काष्ट्र সরকার একট্র কান পেতে শোনবার চেষ্টা করলে কি হয়? তাদের কাছে अको. दिग्ध थात निर्मा कि रशः अस्पत एएरक निर्ध अस्प अको, व्यारमाधना कतरम कि रशः তা ন। করে অনেক মোটরগাড়ী চড়া, অনেক খেতাবধারী বিদ্যান লোককে নিয়ে এসে দাঁতের পার্টি খলে যাওয়ার মত পরিভাষা তৈরী করার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। এখন বাাপারটা দাঁডিয়েছে কোথায়? ব্যাপারটা সম্বন্ধে অনেকে বলেছেন ইউ এস এ-তে হয়েছিল। ইউ এস এ-তে একটা সময় ছিল, যে ইউ, এস এ-তে সমস্ত জাত, যেরকমই তাদের মাতৃভাষা হোক না কেন, তারা যদি ফরাসী ভাষায় কথাবার্তা বলতে না পারতো, তাহলে তারা অভিজাত সম্প্রদায় বলে গণা হত না। তাদের ধমনীতে নীল রক্ত প্রবাহিত হচ্ছে বলে গণ হত না। স্তরাং ইউ এস এ-৫০ একদিন ফরাসী ভাষাটা একটা উল্লাসক, একটা অনুস্বার দেওয়া স্বে, বলার রেওয়াজ ছিল। আজকে আমাদের দেশে সেই অভিজাত সম্প্রদায় মরে যায নি। তাদের একট ইংরাজী ভাষায় না বললে চলে না। দিবজেন্দ্রলালের সেদিন শতবাধিকী হয়ে গেল। তিনি বলেছিলেন "আমরা ফরাসী ধরনে হাসি, আমরা বিলেতি ধরনে কাশি, আর পা ফাঁক করে সিগারেট থেতে বড ভালবাসী।" সেটা তিনি অভিজ্ঞাত সম্প্রদায়কে লক্ষ্য করেই والماليس والمالة

মাননীয় অধাক্ষ মহাশয়, এককালে স্বর্গের দেব-দেবীর কাছে মতের মানুষের আর্রজি পেশ করে দিতে গেলে, মতের সাধারণ মান্যের ভাষায় চলতো না, তার জন্য বিশেষ ভাষার প্রয়োজন হত। সেটা হচ্ছে সংস্কৃতের শেলাক। আর সেই ভাষা দিয়ে পেণছে দেবার জনো বিশেষ সম্প্রদায়ের মণিট হংরছিল, তাঁরা হলেন পুরেরাহিত। পুরেহিতের মাধ্যম ছাডা স্বর্গের স্বেদেশীর কাছে আজি পেশ করা সম্ভর ছিল না। আজকের দিনে রাইটার্স বিল্ডিংস-এর দেবদেবীর কাছে স্বধারণ মানুষের ভাষায় আজি পেশ করা সুস্ভব নয়। সেইজন্য বিশেষ ধরনের কারণীকের প্রয়োজন আছে যাদের মাধ্যমে এই ভাষাটিকে পেণছে দিতে হবে। কাজেই এ মনের দিক থেকে শিকড় গজিয়ে গিয়েছে সেটার জন্যে আজকে এখানে সরকারের তরফ থেকে নানারকফ অছিলা করা হয়েছে এই জনা হচ্ছে না, ঐজনা হচ্ছে না। जामन कथांको टा नरा, जामन कथांको २८६६ अथारन रय शीनमनाठा जाङ्गरक मतकाती ए॰एतथाना বিশেষ উচ্চস্তর পর্যন্ত এই হীনমনাতা পেণীছে গিয়েছে। এই জন্য তারা মনে করেন যে, ইংরাজী ভাষা না হলে অস্ক্রবিধা হবে এটা আমার কথা বলছি না, সর্ব রাজ্যে এই হীনমনাতা প্রশাসনিক বিভাগের সর্বস্তরে পেণিছে গিয়েছে। শোনা যায় সংস্কৃত উপাধিধারী ভারতের প্রধানমন্ত্রী ব্রিটিশ কমনওয়েলথ সন্মেলনে যে গেলেন না তার কারণ হল ঐটেই হীনমনাতার ছোঁর। সাহেবস্ববোর দেশ কি জানি কি হয় গিয়ে কি করে ফেলি সেইজনা নাকি তাঁর পেটের অসুখ আর জরুর দেখা দিয়েছিল। একথা ট্রেনের জনসাধারণ বলে। কিন্তু এই পর্যায় ধাদ পেণিছে গিয়ে থাকে, এই দূর্বলতা যদি এসে থাকে যে আমি আমার ভাষায় কথা বলতে পারবো না, প্রথিবীকে শোনাতে পারবো না। অন্য দেশকে, অন্য প্রদেশকে এবং দেশের বাইরে প্রথিবীর অন্য দেশকে বাধ্য করাতে পারবো না ষে, তোমাকে যখন আমার কাছে আসতে হবে আমার কথা েমাকে শ্নতে হবে এবং শিখতে হবে, এ যদি না হয়, এই মনোভাব যদি সৃষ্টি না হয়, তাহ**লে** কোনদিন যত পরিভাষাই তৈরী হোক আন বত শব্দ লিখনষদাই হোক, তাতে করে কোনদিন স্মস্যার সমাধ্যন হবে না। গোপিকাবাব্য জেনে রাখ্ন তেমন ধরনের লোক বাংলাদেশে অনেকে এগিরে এসেছে কিন্তু সরকারী দশ্তর জানতে পারেন না বলে বাংলাতে তাঁরা অভিজ্ঞান পদ্র বাংলাভাষার লিখে দেন না, সেইজনাই ইংরাজীতে সাটিফিকেট লিখে দিতে হয়। নইলে এইন বহু লোক আছেন এবং এই বিধানসভার বহু সদস্য আছেন বাঁরা বাংলাভাষার অভিজ্ঞান পদ্র লিখে দিয়েছেন কিন্তু পরে শোনা গিরেছে তাতে নাকি সরকারী দশ্তরখানার কর্তাদের কানে কথাটা, সেই অভিজ্ঞানপদ্রের ঠিকমত পেশিছার না সেইজন্য মাঝে মাঝে করতে হয়। তাই আমি বলি বে এই হীনমন্যতা ত্যাগ করে এগিয়ে আসা উচিত। হাাঁ, বাধা পাবো, কিছু অসুবিধা হবে, গনেশবাবু বলে গিয়েছেন বে, বশ্বনীর মধ্যে, রাজকট-এ ইংরাজী শব্দটা বসিরে দেওয়া বেতে পারে, অসুবিধা হয় না, কিন্তু চেন্টা হোক এই শিশু হাঁটা স্বরু করুক তারপর চড়াই উৎরাই-এ বাধা বা থাকবে আমরা ৪ কোটি বাপ্যালী, রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, বাজ্মচন্দ্রের বাপ্যালীরা তাকে নিশ্চরই দ্ব-পা দিয়ে, দ্ব-হাত দিয়ে ঠেলে ঠেলে নিয়ে গেরে সেই ভাষার বিজয়বৈজয়ন্তি উড়িয়ে নিয়ে বেতে পারবো, সাধারণ মান্বের কাছে পৌছে দেবো আমাদের চিন্তার কথা, মনের কথা, পেশিছে দেবো প্রশাসনিক বিভাগের সর্বোচ্চ ন্তরের কাছে। সেইজন্য আমি এই বে বিলটি আনা হয়েছে এর আমি তাঁর প্রতিবাদ করছি এবং আমি মন্দ্রমহাশয়কে অনুরোধ করছি তিনি এই বিল প্রত্যাহার করে নিন, এ অধিবেশনে যেন না আনেন এবং ঐ '৬৫ সনের নবেন্দ্র মাস থেকেই বাংলাভাষাতে সব কাজকর্মা চালা, হোক এই আবেদন জানাছি।

[4-40-4-50 p.m.]

Shri Lakshmi Ranjan Josse: Mr. Speaker, Sir, in August, 1963, about 13 months ago a similar language amendment Bill was brought in and we debated that Bill. Now, after 13 months another language amendment Bill has come. Though the objects of the two differ, the references differ, all the same these are language Bills. In the Bill that was introduced in 1963 there was a limit of time—two years—for the continuance of Eng 18h language until Benguli and Nepali languages were perfected. This Bill is for perpetuation of English language for State Legislature purposes and for other official business transactions. That is what I can see in this Bill. Well, that is good in its own way in a sense. This House has had to deal with these Bills and there were amendments three times the number of the Bills. Now, that this language is being perpetuated and this House will be spared the trouble, or, Sir, you will be spared the trouble of having to deal with amendments in another three or five years' time again.

Language and religion, as history tells us are two subjects very much charged with emotion. They have led to many mischiefs not only here, not only in the Seventeenth Century and the Nineteenth Century, but even in the Twentieth Century. These two factors have led to many mischiefs. Sir, to every man and woman his or her mother tongue is dear. It should be developed. But the task of developing one's mother tongue, the language, should be left to those few who can dedicate themselves to the develop of that language. There is no reason why it should be the obsession of everybody in the State. That is what I find to be a fact. It has been an obsession and there is fanaticism. Devotion to a language, love for one's mother tongue is a good thing but obsession and fanaticism are not good. What is the meaning of language? Language is the articulation of one's feeling through the lips, tongue and palate. But that is not all. Language serves more; it is more important as a vehicle, a vehicle for exchange of one's ideas with other people. Now that India has got international relations with other countries of the world, we should not only learn English, we should develop English if we want progress for India. We should not live an isolated life. We should be in communication with other parts of the world, with other nations of the world. For that a common language is essential. That common language for us happens to be English because perhaps due to political circumstances, we happened to adopt English. We could not adopt French which is another lingua franca in

the world. Since we have adopted English language through the last four generations we should not unlearn it. India has now about 40 diplomatic mission in different parts of the world. How are we to fill this cadre if we are so fanatic about the language? I love my language. Everyone loves his own language. But there should be a limit to it. This is very well illustrated when we think of the great masters of Bengal like Swami Vivekananda and Netaji Subhas Chandra Bose. Why do we forget those lessons of history? How did Swami Vivekananda propagate the philosophy of Paramhasa in Chicago and Sonfrancies and had attracted the Amaziana and the Chicago and Sanfranciso and had attracted the Americans and the Europeans to the Indian philosophy? Well he did it through the vehicle of the English language which brought the Americans along with the dollers here, and but for that there would have been no Ramkrishna Mission now, there would have been no Belur Math now. Similarly, our Netaji, who made such a name, when he went to Japan, had attracted the Japanese, pleaded for the political cause of India, for the Independence of India but through which vehicle?—through the vehicle of the English language, not through Hindi, Marathi, Punjabi or Tamil or Telegu. We must have a vehicle. In these days we do not live in the bullock cart age. A bullock cart or a cycle would not take us very far-may be, a few miles away. Then came the planes. Now we hear to jet planes. But even then they do not give any satisfaction to the civilization of the world; so we want a more versatile vehicle. Now they have produced an amphibious vehicle which can work on land and water. And not satisfied with this they have produced hovercrafts. The urge that brought about the production of hovercrafts is the urge for versatility. Similarly, our language is our vehicle of approach to other nations of the world. But here we depend upon many many things. Our should be a versatile language and that versatile vehicle is English.

Sir, in his opening address while introducing this Bill our Hon'ble Minister made two remarks about which I have to say something now. He said that from the next session i.e., the Winter Session, he would be introducing all the Bills in Bengali. Sir, why he has not given any consideration for us. Are not we, the elected members, the citizens of Bengal? Is not Nepali recognised as additional language? And what is the meaning of that additional language? If we get a copy of a Bill in Bengali which I do not understand then what is the good of my coming here? What is the good of holding elections in the district of Darjeeling? So, I would request the Hon'ble Minister to see that when Bills are printed in Bengali, at least English translations of the same are givn for our convenience. We may be very few in number here, still we deserve certain consideration because we are the citizens of a very important part of Bengal which is the frontier area.

Sir, he made another remark that quite a good progress is being made for the introduction of or making. Bengali a full-fledged State language trom the next session; but he himself admitted in the same breath that little progress has been made in the same direction in respect of Nepali. I cannot understand as to why this discrimination is being made. When it was announced in 1961—may be that I was not in the House then—that Bengali would be the official language of the State it was also announced in the same breath on the same day that Nepali would be an additional language for the three subdivisions of Darjeeling district. Now I understand that while Bills and notices are being issued from courts and that while Bills and notices are being issued in Nepali. It is a very simple thing to do. There are hundreds and hundreds in people in the district who can well translate these simple Bengali focioce.

Sir, I would like to mention another point. When it is recognised, of I would say, it has been recognised—it would come into effect after some time in the districts—that the language of the civil court or the courlanguage should also be Nepali, I hope there will be no discrimination and the minorities will get all the consideration.

Thank you, Sir.

[4-50-5 p.m.]

8hri Daya Ram Beri:

माननीय अध्यक्ष महोदय, (व्यवधान) नहीं मैं हिन्दी में बोलूंगा, आप मुनिए। भाइयो आप डिस्टर्व मत करो। वृपचाप मुनो।

में जो बिल हमारे श्री विजय सिंह नाहर ने सदन में रखा है, में उसका हृदय से समर्थन करता हूँ और उसका स्वागत करता हूँ। डेढ़ सी वर्ष के राज्य में अंग्रजों ने भारतवासियों के दिलों में अंग्रेजी के लिए सम्मान और अपनी भाषा के लिए घृणा उत्पन्न कर दी। कोई भी चाहे बंगाली हो, चाहे राजस्थानी हो और चाहे मद्वासी हो, तमाम भारत में अंग्रेजी की ध्वजा को फहराया और समों ने अपनी मातृभाषा का अपमान किया और उपेक्षित किया। किसी गवर्नमेन्ट को पहले जनता के काम को और अपने सारे काम को अपनी भाषा में करनी चाहिए।

बंगाल के अन्दर अंग्रेजी पढ़े-लिख महानुभावों ने कोटि-कोटि बंगालियों को नीचा करने के लिए अंग्रेजी को इज्जत दी। उससे बंगला भाषा की मर्यादा को बहुत बड़ी हानि हुई। आज हमारे मुल्क के अन्दर १७ वर्ष हो गए, स्वराज्य की स्थापना हुए। आज अभी तक जिस तरह से बंगाल में बंगला भाषा का प्रचार और प्रसार होना चाहिए था, वह अभी नहीं हुआ। साथ ही आज हमने अपने विरोधियों के भाषण को घ्यानपूर्वक सुना। उनसे यह मालूम हुआ कि बंगाला भाषा के ठीकेदार केवल वही हैं, दूसरे नहीं। में बता देना चाहता हूँ कि यहाँ का प्रत्येक बंगाली चाहे वह उधर का हो, चाहे इधर का हो, वह अपनी मातृभाषा को प्यार करता है। इसलिए बंगाल के अन्दर बंगला भाषा का प्रचार और प्रसार ज्यादा होना चाहिए और यह केवल असेम्बली तक महदुद न हो। केवल आफिस तक वह महदुद न हो। अपने घरों में भी अपने लडके-लडिकयों से आपस में जो शिक्षित लोग है, वे बंगला में बातचीत करें।

अब अंग्रेज चले गए और अब अंग्रेजी को भी तलाक देना चाहिए। अंग्रेजी भाषा को विदा करना चाहिए। अंग्रेजी की जगह हमने राष्ट्रभाषा हिन्दी को मर्यादा दी है। राष्ट्रभाषा हिन्दी सारे हिन्दुस्तान की भाषा रहेगी। जो दर्जा अंग्रेजी को प्राप्त थी वह दर्जा अब राष्ट्र भाषा हिन्दी को प्राप्त होगी। और बंगाल के अन्दर प्रत्येक कार्य, सब कुछ बंगभाषा में होगा। हमको अपनी सरकार पर पूर्ण विश्वास है। हमारे मंत्री और हमारे सदस्य बंगभाषा के प्रेम में किसी से भी समानता में कम नहीं हैं।

यह खरूर है कि वह दिन आनेवाला है, जिस दिन हमारी असेम्बली का ही नहीं, सारे बंगाल के प्रत्येक आफिस का काम बंगभाषा में होगा। यह मैं कहे देता हूँ। तो यह कहकर मैं समर्थन करता हूँ। अगर चिट्टी लिखनी है, तो वह खुद अच्छा से अच्छा बंगला लिख सकता है, किन्तु अंग्रेजी के बग्रैर उसका काम नहीं चल सकता। हमारी भाषा किसी भाषा से नीची नहीं है, किन्तु अंग्रेजी में लिखने से ज्यादा काम होवा। इसिक्ष्य वह अंग्रेजी पड़े-लिखे लोग के पास जाता है और उनको कुछ पैसा देकर अपना काम अंग्रेजी में कराता है। और वह तीन बार अग्रेजी में लिखता है, फिर भी जो वह चाहता है, वह अंग्रेजी में नहीं होता। इतनी बड़ी दुर्दशा प्रदेश में होती है, अंग्रेजी मापा के प्रचार और प्रसार से।

बड़ी बुची की बात है कि इस प्रस्ताव के द्वारा हमारे यहाँ बंगला भाषा के लिए जो कदम उठाया गया है, वह कदम अवस्य ही सफल होगा और बंगला का व्याजा बंगाल के अन्दर कर्रायेगा। साथ ही साथ राष्ट्रभाषा का मर्यादा और इज्बत प्रत्येक बंगाली देगा। जो अभी तक बंग्रेजी को देता था।

Shri Jyoti Basu:

প্রশীকার মহোদর, উনি যে বস্থৃতা দিলেন হিন্দিতে সেটা তো কেউ লিখলেন না যাঁরা সাঁইয়ান্ড লিখেন। আমাদের কি হিন্দির কেউ নেই? হিন্দি রিপোর্টার তো আগে ছিলেন আমাদের হাউসে।

Mr. Speaker: Mr. Basu, our Hindi reporter is absent today. This portion of the speech will be taken from the tape recorder.

Shri Kanai Pal:

িমঃ স্পীকার, স্যার, আজকে এই যে পশ্চিমবণ্স রাষ্ট্রভাষা সংশোধনী বিল মাল্যমহাশন্ন এনেছেন এটাকে আমি সংশোধনী বিল না মনে করে সংহার বিল মনে করছি এবং মাল্যমহাশন্ন মুখে যতই সাফাই গাইবার চেন্টা কর্বন তাঁদের যে আসল উদ্দেশ্য এই বাংলাভাষাকে ভাড়াভাড়ি কার্যকরী হলে না দেওয়া সেটা অভ্যন্ত স্পন্ট। আজকে টাইপরাইটার, সর্টহ্যান্ড ট.ইপিসট, পরিভাষা ইত্যাদি নানা রকম অজ্বহাতের অবতারণা করা হছে এবং আজকে শুখু নয় বরাবরই এই একই অজ্বহাত দেখাবার চেন্টা হছে। অথচ তাঁরা একথা অস্বীকার করতে পারেন না যে কোন দেশকে উন্নতি করতে গোলে তার নিজের মাভভাষায় সমসত কিছু চাল্ করা একান্ত প্রয়োজন। এ কথা স্বীকার করা সত্তেও আজকে মাভভাষায় সমসত কিছু চাল্ করা একান্ত প্রয়োজন। এ কথা স্বীকার করা সত্তেও আজকে মাভভাষায় সমসত কিছু চাল্ করা একান্ত প্রয়োজন। এ কথা স্বীকার করা সত্তেও আজকে মাভভাষায়ে কার্যকরীভাবে চাল্ না করার যে প্রটো তার পিছনে তাঁদের নিজস্ব স্বার্থ, গোষ্ঠীর স্বার্থ ভড়িত রয়েছে। আজকে আমি এই কথা বলতে চাই আপনারা যে কোন প্রদেশে যান, সেখানে গেলে সেখানকার যানবাহন, যেকোন জায়গায় সাইন বেন্ড দেখলে ব্বুবতে পারবেন যে আপনারা কোন প্রদেশে এসেছেন। কিন্তু আজকে আপনারা বাংলাদেশের কলকাতা শহর বা যেকোন জায়গায় যান ট্রামে, সরকারী বাসে স্ব জায়গায় দেখবেন কোথাও বাংলার স্থান নেই।

[5-5-10 p.m.]

সেজনা বলতে চাই বে এটা অজ্হাত ছাড়া অন্য কিছু নর এবং এই অজ্হাত দেরাটা শৃথ্ তারই অপদার্থতার পরিচর নর—আমি একথা বলতে বাধ্য ছচ্ছি যে একটা প্রাদেশিক সরকারের পক্ষে এই ১৫ বছর পরে এ ধরনের সংশোধনী বিল আনা তাদের বির্দেষ অনাম্বা প্রশুতাৰ আনার সংগত কারণ। যে সরকার নিজেদের জাতীয় ভাষাকে চালা করতে পারে না এই ১৫ বছর, তার জন্য যে বিবর্গম্পি কলপনা করা যার না, বেমন টাইপরাইটারের অভাব, স্টেনো-ারের অভাব এই অজ্হাত যে সরকার দেশের লোকের সামনে এনে উপন্থিত করে সেই সক্রারের অপসারণ এখনই দরকার, সেই সরকার জনস্বার্থ বিরোধী সরকার এবং আজকে এই সক্রার ভেস্টেড ইন্টারেন্টের সরকার, কারেমী স্বার্থের সরকার এটা প্রমাণ করছে এই ভাষা

সংশোধনী বিলের মধ্য থেকে। আঞ্চকে আমার পরিম্কার কথা হচ্চে বে দেশের মুন্টিমের শোষণ-বাদী কায়েমীস্বার্থের লোক রয়েছে, তাদের শোষণকে অব্যাহত রাখার জন্য তাদের জারিজারিকে অবাহত রাখার জন্য আজকে রাশ্মভাষাকে বাংলাভাষাকে কার্যকরী করতে দেয়া হচ্ছে না, আজকে পরিব্দারভাবে তাদের কাজের স্বারা একথা তাঁরা ব্রবিয়ে দিচ্ছেন যে ইংরেজ সরকার তাদের শিখন্ডী খাড়া করে স্বাধীনভার নামে শোষণকে অব্যাহত রাখতে চেয়েছেন, এই সরকার তাদের শিখতী হিসাবে তাদের স্বার্থকে অব্যাহত রাখবার জন্য, নিরুকুশ রাখবার জন্য আপ্রাণ एको जानित्र **ज्ञान**—এই ভाষা সংশোধনী বিলের মধ্য থেকে এটা অত্যন্ত স্পন্ট হয়ে উঠেছে। কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছে যে আমরা তো কেউ এমন কি বিরোধিপক্ষের সদস্যরা কোন সার্টিফিকেট দিচ্ছি না বাংলায়, কোন রেকমেন্ডেসন বাংলায় করি না—সে উত্তর দেবীবাব, আগেই দিয়েছেন, শুধু একথা বললেই যথেন্ট হবে যে তাঁরা যে ভাষাটা চাল্য করতে চান, বন্ধায় রাখতে চান, সেটাকে বজায় রেখে যতটকু সূযোগ-সূবিধা দিতে চান সেটা বজায় রেখে চললেই তবে পাওয়া থায়, তা না হলে অস্ক্রিধার সূতি হয়। বাংলাভাষার দরখাস্ত করলে তাঁরা সেটাকে মনোযোগ্ধ দিয়ে 🗄 পছেন না। এটা পরিক্ষার হয়ে গেছে, রাইটার্স বিল্ডিংস-এ কেউ কেউ যারা চেন্টা করেছেন বাংলা-ভাষাকে চাল্ম করার তার বিরুদ্ধে যথেন্ট বিরোধী শক্তি রয়েছে, ঐ রাইটার্স বিল্ডিংস-এর মধ্যেই তা একাধিকবার স্পণ্ট প্রমাণ হয়ে গেছে। আজকে তাঁরা বলছেন যে এই কাজ বাংলাভাষার করা স্বাবে ना, धे काक वाश्माভाषात्र कता मुच्छव नत्न, धशातन हाम, इरम मर्वनाम इर्त वारव— व्याप्त धक्था वर्णीह य हैश्ताकी ভाষा আक्रल मिट्न अर्क क्रम लाक दृद्ध मा. स्मर्ट ভाষाয় काक्र कतल यीन मन জাহামমে না যায় তাহলে যে একটা দেশের অধিকাংশ লোক বুঝে সেই ভাষায় কান্ধ করা সম্ভব হবে না এটা কোন দেশী যুক্তি? এটা যুক্তি নয়। এটা হচ্ছে অযুক্তি। জনস্বার্থের বিরোধিতা করবার জন্য এবং নিজেদের ভেস্টেড ইন্টারেন্ট বজায় রাথবার জন্য, এই সমুস্ত অজ্ঞহাত সূচ্টি করা হচ্ছে। একথা আমি আজকেই বলছি না, আমি প্রথম যেদিন বিধান সভায় আসি, সেদিনও এই বাংলা-ভাষার জন্য বলতে উঠেছিলাম। মুখামন্ত্রী বিধানচন্দ্র রায় মহাশর, বাংলাভাষার ভাষণ না 🚐 দেওয়াতে তখন সে কথা আমি উত্থাপন করেছিলাম। তখন স্বর্গত বিধানচন্দ্র রায়, ঐখান থেকে नाफिर इ उर्छ वर्ष्माहरनन या, भान भगारे कीभ कथांगे रेश्ताकी ना वाश्ना। जात्र जेखद्र जा সংগ্যে সংগ্যে দিয়েছিলাম—আপনি বিচক্ষণ মুখামন্ত্রী, আপনার একথা জানা দরকার এই রক वर, विरामभी भाष्म आधारण करत वाश्मा छाया समान्य शरहाह, भूषो शरहाह । सूजतार এই का কথাটা আজকে ইংরাজীতেও বলতে পারেন, আবার সংগে সংগে বাংলাতেও বলতে পারেন (এ ভয়েস--বাহাবা।) নিশ্চয়ই আজকে এই রকম বহু বিদেশী শব্দ আত্মহত করে প্রতিটি ভা াদন দিন পুৰুট হয়ে উঠছে। আপনারা যে সমুস্ত পরিভাষা চাল; করতে যাচ্ছেন, সেটা যে ক জঘন্য এবং অবোধগম্য তা একাধিকবার আমাদের বিরোধী পক্ষের সদস্যগণ দেখিয়ে দিয়েছেন সরকারের এই যে পরিভাষা স্থিতির প্রচেষ্টা, এটা পরিভাষা চাল্ম করবার ইচ্ছা নয়; মধ্যে থেটে এমন জিনিষ তারা স্থি করছেন যে অনেকে যারা ইংরাজী খুব সহজে বোঝেন, তাঁদের পণ্ড এই পরিভাষা ব্রুবতে অনেক পশ্ভিতি দরকার অনেক মাথাচালনার দরকার। স্টেশন না বহে তার পরিবর্তে দিক দিক ধান্ধিকার সূচি করে বসে আছেন। এইভাবে যে সমুল্ত পরিভা চ্যাণ করা হচ্ছে, তা বোঝা সত্যিই খবে মান্ত্রিল হয়।

আমি সমসত দিক বিবেচনা করে বলছি, এটাত আমার কথা নয়, জাতীয় অধ্যাপক শ্রীসার্গে বোস, তিনি দীর্ঘকাল ধরে জারের সহিত বলে আস্ছেন—তার যে সাবজেক্ট, তার যে বিষয় সেই দ্রুহ বিষয়ের মতন বিষয়ও বাংলা ভাষায় করা যায়। চেণ্টা থাকলে যে কোন জারগার এমন কি দার্য প্যানেও যাওরা সম্ভব। এই সমসত বিষয় উল্লেখ করে আমি বলতে চাই হৈ আপনারা সতিছে বাদ ঐ মুন্দিনেয়ে স্বার্থকে রক্ষা করতে না চান, আপনারা বাদ সতিছে দেশের সাধারণ লোককে ভাল বাসেন, এবং দেশের গুন্টিকরেক শোষক শ্রেণী, কারেমী স্বার্থের দলকে না বেংকান, ওাছলে এই সকত লোককে ও অপচেন্টা বাদ দিরে, এখনও এক বছর সমর রক্ষেত্র আকিচনে বাতে এই এক অব্রের মধ্যে বাংলা ভাষার সকত কাল চাল্য করার প্রকেট হর জি

Shri Haridas Chakravarty:

মাননীয় অধ্যক্ত মহাশয়, রামায়ণের গণ্পে আছে যে রাক্ষসরাজ রাবণ যখন সীতাকে হরণ করতে ধান তখন তাঁর ছম্মবেশী ভিক্ষ্ কের পোষাক পরে নেওয়া দরকার ছিল। শুধ্ তাই নয়. সেই সীতা হরণ কার্যকে সমাধা করার জন্য স্বর্ণ-মায়াম্পের মায়া বিস্তার করাও তার প্রয়োজন হরেছিল। আমাদের মাননীয় মন্দ্রী গ্রীবিজয় সিং নাহারও ঠিক সেই ধরনের ছম্মবেশ ধারণ করে সীতাকে হরণ করার মত মায়াজাল বিস্তার করেছেন। অবশ্য স্বর্ণ-ম্গ হিসাবে এখানে ঐ টাইপরাইটার আর ঐ পরিভাষা ইত্যাদির সাহাষ্য তিনি নিয়েছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে একট্ব আগে যে এ সন্বন্ধে বিস্তৃত অংলোচনা হয়ে গিয়েছে, তা থেকে দেখা গিয়েছে যে ১৯৬৫ সালের নভেন্বর মাসের মধ্যে বাংলাভাষার পূর্ণ ধর্মাদা দিয়ে এই সভার কাজ-কর্ম এবং সরকারের অন্যান্য বিভাগের কাজ-কর্ম বাংলাভাষায় পরিচালনা করার ব্যবস্থা গ্রহণ করা হবে বলে একটি আইন এই সভা থেকে পাশ করা হয়েছিল।

[5-10-5-20 p.m.]

সেই আইনকে পরিবর্তন করার প্রয়োজনীয়তা বিজয়বাবরে কেন হল তার কারণ তিনি নিজেই এই সভায় পেশ করেছেন এবং সেই কারণগালিকেই বিশেষভাবে গ্রহণ করে এই বিলটির পঞ্চ থেকে বিভিন্ন বন্ধব্য রাখার চেণ্টা করা হর্মেছল। মাননীয় অধাক্ষ মহাশয়, একথা জতাস্ত পরিক্ষার করে বলা দরকার যে এই ইংরাজীভাষাকে আরো কিছুদিন চাল রেখে বিশেষ স্বিধাবাদী গোষ্ঠী, যে স্বিধাবাদী গোষ্ঠীর অস্তিছকৈ বন্ধায় রাখতে পারলে এই শাসক গোষ্ঠীর স্বার্থ বজায় থাকে এবং যেটি করতে পারলে শ্রেয়মার যে গণতন্তার নাম উচ্চারণ করে মন্ত্রীরা প্রতিদিন এই সভায় বস্তুতা করেন সেই গণতন্ত্রের গণসাধারণ বা জনসাধারণ যাকে আমরা বলবো সেই জনসাধারণকে গণপিন্ড হিসাবে দেখার যে দুভিভঙ্গী সেই দুভিভঙ্গীর কোন নিন্দা না করে এই বিলের উপর কিছু সমালোচনা করা চলে বলে আমি মনে করছি না। তার কারণ হচ্ছে আমাদের দেশের এই শাসনবন্দ্র আমাদের পশ্চিমবন্দের এই সরকারের যে শাসনবন্দ্র তার যে সমুহত নির্মাবলী তা সাধারণ মানুষের বৃদ্ধির বাইরে রাখা, সাধারণ মানুষের জানার वार्टरत त्राथा. এটাই হচ্ছে এই সরকারের প্রধান উদ্দেশ্য এবং সেই উদ্দেশ্য সিম্ধ করার জনাই বিজয়বাব, আন্তকে এখানে এই বিল আমাদের সামনে পেশ করেছেন, যাকে সংহার বিল বলে এইমার কানাইবাব, আখ্যাত করলেন। এবং এটাই বিজয়বাব্র কাছে আমরা এই বিল আনতে দেখে মোটেই আশ্চর্যান্বিত হই নি, কারণ বিভিন্ন দেশের শাসকগোণ্ঠীর কাছে এই ধরণের সংবিধাবাদী গোষ্ঠী এই ধরণের আমলাতলের পরিপ্রাণ্টির জন্যে এই ধরণের সংশোধনী বিল । আনা থবেই স্বাভাবিক। কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জ্ञানেন এই ভাষা এবং শিক্ষা এবং এতে জনসাধারণের উন্নতির জনো তাদের ভাষা এবং সাংস্কৃতিক উন্নতি লাভের জন্যে তার যে মূল প্রচেণ্টা বা মূল যুদ্ধি এবং বুদ্ধি তার বিরুদ্ধে এই শাসকগোষ্ঠী অত্যন্ত সবত্ব পরিশ্রম করবেন এবং এই কারণেই আমরা জানি বিখ্যাত মনীধী টলস্টরের একটি উদ্ভি আছে, মাননীর অধাক মহাশয়, আমি আপনার মাধ্যমে বিজয়বাব কৈ সেই উদ্ভিটি উপহার দিতে চাই। টলস্টর বলেছিলেন

"The strength of the Government lies in the people's ignorance and the Government knows this and will, therefore, always oppose to enlighten them"

এবং বিজরবাব্র পক্ষে এটা খ্ব স্বাভাবিক। সাধারণ মানুষের, গ্রামে আগ্রহ খ্ব বাড়তে পারে, সাধারণ মানুষের বৃদ্ধির চেতনা খ্ব বাড়তে পারে এবং তাদের এই শাসনবল্য সম্পর্কে ধারণা আরো স্পত্ত হতে পারে এমন কোন ব্যাপারে বিজয়বাব্রা সম্মতি দিতে বা আইন প্রণান করতে ব্যুব স্বাভাবিক কারণেই অনিজ্ঞাক থাকবেন। তাই আমরা দেখি আমাদের দেশে পিকার উর্মাত,

আমাদের দেশে সাংস্কৃতিক উর্নাত, আমাদের দেশের সর্বাঞ্গীণ উন্নতির জন্যে বিরাট জনসাধারণের ব্যাপক প্রচেণ্টা, সেই বিরাট জনসাধারণের আশা আকাঞ্চাকে মূর্ত করে তুলতে পারবে এমন যে অবস্থা, এমন যে পরিবেশ, এমন যে মনোভাব সেটা স্যুণ্টি করার জন্যে মাতৃভাষার সাহাষ্যই এক-মাত্র সম্ভব এবং যেটা না করলে পরে এই বিরাট জনসাধারণকে সেই ধরণের অত্যন্ত কলকজনক আখ্যা দিয়ে, গুণপিন্ড খাখ্য দিয়ে তাদেরকে বাইরে রেখে বিজয়বাব, এবং তাঁর আগ্রিত কতিপয় ইংরাজ্য জ্বানা নকলনবিশী করনেওয়ালা মান্যকে নিয়ে তিনি একটা গোষ্ঠী তৈরী করতে পারেন যে গ্রোষ্ঠীর আচরণ, যে গোষ্ঠীর বিহার এবং যে গোষ্ঠীর বিচরণভূমি বলতে পারি, ঐ আমলাতান্ত্রিক দুক্তরগুলি ঐ রাইটার্স বিভিঙ্ নিউ সেকেটারিয়েট, তারা আমাদের দেশেব সাধারণ মানুষের যে চাহিদা সাধারণ মানুষের যে আশা আকাঙ্খা তাকে পিণ্ট করার জনো ভার। তাদের ইংরাজ সাম্রাহ্যবাদের যে প্রদত্ত জারজ সন্তানের পরিবেশ যা এখানে স্মৃতি করে গিয়েছেন তাকেই পরিপ্রেট করা, তাকেই আরো লালন করা, এই সংশোধনী বিলের মাধ্যমে তারই একটা আভাস পেতে পারি। বিজয়বাব, যে বিল এনেছেন তাঁকে শুধ, একথাই বলতে চাই বাংলাভাথাকে তিনি ঐ পরিভাষা এবং টাইপরাইটার-এর কথা বলেই আরো সময় আমাদের কাছ থেকে নিতে চেয়েছেন। বিজয়বাব কে একটা প্রশ্ন করতে পারি কি. আপনি কি জ্বানেন জাপানে ঠিক এই ধরণের অবন্থা ছিল। তাদের জাপানী ভাষা নিশ্চয়ই বাংলা ভাষার চাইতে উন্নত নয়। তার গ্রহণ ক্ষমতা বা তার পরিবেশন ক্ষমতা, জাপানী ভাষা বাংলাভাষার চাইতে শক্তিশালী ত ছিলই না বরং আনেক পরিমাণে দূর্বল ছিল, কিল্ডু আমরা দেখেছি সেখানে তাঁরা এক দিনে তৈরী করতে চায় নি। তারা বলেছেন যে একটা দিন দেরী করার অর্থ হচ্ছে আমরা বিরাট ক্ষতির সম্মুখীন হচ্ছি। তাই আন্তকে হয়ত হতে পারে তাতে ভূল হবে, চুটি হতে পারে কিন্তু আন্তকেই আমাদের এটা গ্রহণ করতে হবে। বিজয়বাব কে বলতে চাই রবীন্দ্রনাথের কথা, যে, যদি ছেলেকে मान स कन्नरू इस जाराम एसमितमा स्थरकरे जात राज्यों कतरू रात, नरेमा राज एसमारे भाकरव মান্য হবে না। বিজয়বাব্ যদি বাংলাকে এবং ব'ংলাভাষার মাধামে আমাদের দেশকে এবং আমাদের দেশের আশা আকাণ্থাকে ফলবতী করে তুলতে চান, যদি তাকে ফলে ফলে সমস্থ करत एमारक এवर एमारात्र मान्यरक नमान्य करत जुनारक हान ठावरन अथन स्थरक, এই मूद्रार्ज বাংলাভাষার মাধ্যমে সমস্ত কাজকে পরিচালিত করার যে সিম্ধান্ত তাকে গ্রহণ করা দরকার এবং **हाल** कदा एतकात छ। ना राल राज भारत ना।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরেকটা কথা বলতে চাই, এবং তার সমর্থনে ্রেএন্ট্রের একটা <mark>উদ্ভি বাবহার করতে চাই। রবীন্দ্রনাথ বর্লোছলেন, "যে বেহারা বসিয়া বসিয়া পাখা টানিবে আর</mark> যে গর মানি টানিবে তার পক্ষে আকাশের আলোর চেয়ে চেমেথর ঠালিই বড় সহার।" বিজয়-বাব্রা অন্ধকারে নিমণ্ন হয়ে রয়েছেন, তাঁদের পক্ষে আলোকে শত্র বলে ভাবা স্বাভাবিক। তাঁরা স্বার্থান্ধ, স্বার্থবাদী একটা সমাজের প্রতিভূ, সেই ঘেরাটোপের বাইরে কি ঘটছে সেটা তাঁরা চিন্তা क्रत्र भारतन ना। भाननीय स्भीकात भराभय लब्जात कथा आकृरक यथारन आभारनत মাতভাষা বাংলার মধ্যে দিয়ে শিক্ষার বিকিরণের মতো যথেষ্ট সংখ্যক বিদ্যালয় স্থাপিত হয় নি. সেই ক্ষেত্রে এই সরকার ইংরাজির মাধ্যমেই জনগণকে শিক্ষিত করে তোলবার প্রচেষ্টা দেখাচ্ছেন। প্রসংগক্তমে এখানে উল্লেখ করতে পারি, কিছুদিন আগে পণ্ডিত নেহরুর জীবন্দশার মুখামন্ত্রী শ্রীপ্রফাল্যান্দ সেন আন্বাস দিয়েছিলেন যে, চিত্তরঞ্চন বেল সহরের সাধারণ শ্রমিক এবং কর্মচারী-দের ছেলেমেরেদের শিক্ষার জনা সেখানে বাংলা মাধামিক বিদ্যালয় স্থাপন করবেন। কিন্তু আমি কিছুদিন পূর্বে শ্নলাম সেই পরিকল্পনা বাতিল হয়েছে। মিছামিছি রেল কর্তৃপক্ষ এবং সরকারের কিছ্য টাকা নদ্ট হল। ইংরাজি ভালো কি মন্দ সে কথার মধ্যে আমি এখানে যেতে চাই না। একটা কথা বলা হয়, বাংলাভাষার মাধ্যমে বিজ্ঞানের বিষয় সম্যক প্রকাশ করা যায় না। এই প্রসংগ্রেও আমি ববীন্দ্রনাথের একটি কথা এই সভার কাছে রাখতে চাই, রবীন্দ্রনাথ বলেছিলেন, বিজ্ঞান সভায ইংরাজি ভাষায় প্রোতন বিষয়ের পানর স্থি করিয়াছি, অথচ আশ্চর্য হুট্যা বলিয়াছি দেশের লোক আমাদের বি**ন্তান স্**ভার মর্যাদা বোঝে না। ইংরাজি ভাষার মাধ্যমে আপনারা সব কান্ড চালিরেছেন, সভা-সমিতিতে ইংরাজিতে প্রস্তাব গ্রহণ করেছেন, কিল্ড দ^{ুংখ}

প্রকাশ করে বলেছেন জনসাধারণের মধ্যে রাষ্ট্রীয় কর্তবিবাধ জাগাতে পারেন নি। কি করে জনসাধারণ রাষ্ট্রীয় কর্তবিবাধে উদ্বৃশ্ধ হবে সেটার প্রতিই আপনারা চরম উদাসীনা দেখিয়েছেন। মাজকে আপনারা বলছেন, বাংলা এখনো এমন পর্যায়ে আসেন যে পর্যায়ে এলে বাংলার মধ্যে জ্ঞানায়ারের প্রহণযোগ্য পরিভাষা তৈরী কবা যেতে পারে। আমি অভারত বিনীতভাবে বিজ্ঞানীবলের একটা প্রশন করাত চাই, এখনও কি আপনারা ইংরাজি ভাষাকে জনসাধারণের মধ্যে এমন করে দিতে পোরেছেন যাতে করে তারা ইংরেজি ভাষার মধ্যেম তাদের আশা-আকাংখা মার্ড বা তুলতে পারে। তাও আপনারা পারেন নি। আমি মানে করি বাংলাভাষা অভারত সম্প্রভাষা, মানুবের আশা-শোকাংখা সমাকে বাস্তু করার যথেও শক্তি এর মধ্যে নিহিত রয়েছে। তাই আমি এই সংশোধনী প্রভাগার করার জন্য ওাকে অনুবের জালাভি, এবং ইতিপ্রের্থ যেইন পাশ হয়েছিল সেটা কার্যকিরী করে সর্বরক্ষ প্রশাসনিক বাজে বাংলা ভাষা চাল্যু করার জন্য সন্বরেষ জানাজিছ।

'5-20-5-30 p.m.]

মামি মনে করি দুই স্তরে শিক্ষা ব্যবস্থা, দুই স্তরে শাসন ব্যবস্থা এর মধ্যে জাতীয় সংহতির প্রশন লুক্তারিত রয়েছে। তাই বলছিলাম দেশের মধ্যে একটা স্বিধাবাদী গোণ্টী তৈরী না করে আপনারা একটা বলিণ্ট সিম্পান্ত গ্রহণ কর্ন। বিজয়বাব্ একজন বিজ্ঞ, বিচক্ষণ ব্যক্তি তিনি এই বিল এনেছেন এবং তিনি জানেন ফরাসী দেশে যে বিশ্লব হয়েছিল তার ৩টি এস্টেট ছিল— ফাস্ট এস্টেট, সেকেন্ড এস্টেট এবং থার্ড এস্টেট। এই তিন এস্টেট—এ তিন গ্রেপীর স্বিধাবাদী গোণ্ঠীর অস্তিভ ছিল। থার্ড এস্টেট হচ্ছে কমোনার। কিন্তু তারা সমস্ত মান্বের স্বার্থ জলাঞ্জাল দিয়ে, তাদের স্বার্থের প্রতি আঘাত করে, আক্রমণ করে পর্যান্দত করে দিয়েছে। তাই বিজয়বাব্বে অন্ব্রোধ করছি এটা কোন দলের প্রশন নর। দয়ারাম বেরী কংগ্রেস পক্ষ থেকে যে বন্ধুতা করলেন তাতে তিনি বললেন আমরা যা বলেছি তা তিনি মনোযোগ দিয়ে শ্নেছেন। তাহলে বোঝা যায়, এবং আশা করা যায় বাংলাভাষায় যে বন্ধুতা হয় তা তিনি ভালভাবে বোঝেন এবং বাংলাভাষা হলে তার অস্বিধা হবে এই যাজ্ঞ অচল হয়ে যায়। তাই বলছি দলাদিল ছেড়ে দিয়ে সাধারণ মান্বের দাবী নিজের ভাষায়, মাহভাষায় দেশ শাসন কর্ন্ন এবং এই বিল প্রত্যাহার করনে। একথা বলে অমি বন্ধবা দেশ করিছি।

শ্রীঅভয়পদ সাহা: মাননীয় স্পীকার মহাশয়, ১৯৬১ সালে সরকারী ভাষা বিল এই আইন मनाय गुरुवि रवात शत श्राराक मतकाती व्यायसम वालानाया हाल, कतवात এकहा हैएमान एनथा দিয়েছিল। আমরা দেখেছিলাম **ধানা রেজিস্টী অফিসে ছোট ছোট আদালতে বাংলাভা**ষায় াজকর্ম চালাবার জনা সরকারী কর্মচারীদের একটা উদ্যোগ বা চেন্টা চলছিল। সরকারী কর্মচারীদের অবশ্য তখন কিছু কিছু অসুবিধা হচ্ছিল এবং তারা বলাবলি করছিলেন যে বাংলাভাষায় কাজকর্ম চালান দরে হ ব্যাপার। তবতে তাদৈর কাজকর্ম চালাতে হচ্ছিল, থানাতে এছিয়ার বাংলাভাষায় লিখতে হচ্ছিল এবং অন্যান্য কাজকর্ম বাংলাভাষায় চালাতে হচ্ছিল। মামরা তখন দেখেছিলাম যদিও তাদের অস্কবিধা হচ্ছে কিন্ত তারা তা রুত করতে চেন্টা করছেন। াবপর আমরা দেখলাম সরকারী ভাষা বিল আইন সভায় সংশোধিত হোল, সময় বাড়িয়ে দেওয়া েল। এটা যথন হোল তথন আমুৱা দেখলাম এইসব অফিসে বাংলাভাষায় কাজকর্ম চালাবার ফে চেণ্টা হচ্ছিল তাতে ভাটা পড়ে গেল এবং ইংরেজীতে কাজকর্ম আবার আরম্ভ হোল। এই প্রিক্তন কেন যে হোল সেটা সহক্রেই বোঝা যায়। উধর্তম কর্মচারী যারা আছেন তাদের ^{নিম্}চয়ই সহান,ভতি এবং সমর্থন ছিল যাতে ইংরেজী আবার চলে এবং সেটা **ছিল বলেই নি**শ্নতম कर्म हातीता आवात हैश्ट्राक्कीट काक्षकर्म आवन्छ करत्र फिल। किन्छु मात्रात, वाश्लाखाया यथन हनार्छ াব্দুভ করেছিল তখন আমরা জনসাধারণের মধ্যে একটা চরম উত্তেজনা দেখেছিলাম এবং তারা মনে করেছিল বে হাাঁ এবারে সরকারী কাজকর্ম বাংলাভাষায় চলবে এবং আমাদের অনেক সাবিধা হতে।

ভারপর আবার বখন পরিবর্তন হল তখন তারা হতাশ হয়ে গেল, মনে করল আবার কি হল, এই ৰাংশাভাষা চাল্ল; হতে হতে আবার কেন পরিবর্তন হল। সরকারী কর্মান্ডালে কাছ থেকে জানতে প্রসাম যে বাংলাভাষা চলবে না, আবার ইংরেজী ভাষাই চলবে—এটাই ঠিক হয়েছে। এইভাবে আমাদের আইন সভায় যে উদ্দেশ্য নিয়ে সরকারী ভাষা বিল অন্মোদন হয়েছিল ও পাশ হয়েছিল সেই উদ্দেশ্য বানচাল হতে আরম্ভ করল। এখন আবার আমরা দেখছি যে আবার এই বিল সংশোধন করার জন্য উত্থাপন করা হয়েছে। এইবার ষেভাবে উপস্থাপিত করা হয়েছে তাতে যে আশা ছিল সে আশাও সমলে শেষ হয়ে যাবার অবস্থা হয়ে দাঁড়াল। আইন পাশ হবার পরেও বাংলাভাষাকে চাল্ম করতে উদ্যোগী না হয়ে যেভাবে বিলটাকে সংশোধনের জন্য আনা হয়েছে তাতে বাংলাভাষার সণ্গে ইংরেজী ভাষাকে অনিদিশ্টি কালের জন্য রাখা হচ্ছে, এটাই দেখতে পাচ্ছি। ভারতবর্ষে কোর্নাদন বাংলাভাষা চাল্ব হবে না, ষেভাবে চলছিল সেইভাবেই চলবে। কেন যে আইন গৃহত্তি হওয়ার পরে এই রকম পরিবর্তন হচ্ছে এটা বুঝে উঠতে পারি না। এই সরকার জনগণের সরকার, জনগণই সরকারের মালিক, কিন্তু জনগণ যে ভাষা বুঝতে পারে, যে ভাষায় কণাবার্তা বলে, যে ভাষায় মনোভাব আদান-প্রদান করে সে ভাষা চাল, হচ্ছে না, এই হচ্ছে সরকারী ব্যবস্থা। এটা অত্যন্ত দৃঃখের কথা। সরকারী কাজকর্মে যদি জনগণের সপ্সে যোগাযোগ রক্ষা করতে হয়, সংযোগ স্থাপন করতে হয়, যদি জনগণের সপ্সে সরকারের একযোগে চলতে হয় তাহলৈ জনসাধারণ বে ভাষায় কথাবাতী বলে, যে ভাষায় আদান-প্রদান চালায় সেই ভাষায় সরকারের কাজ-কর্ম চালাতে হবে, সেই ভাষা সরকারকে বাবহার করতে হবে। আমরা দেখেছি ইংরেজ আমলে স্কুল-কলেজে বিজ্ঞান, পদার্থবিদ্যা, শরীর বিদ্যা স্বই ইংরেজীর মাধ্যমে পড়ান হত, এখন স্বই পরিবর্তিত হয়ে গেছে। এখন কেমিস্ট্রি, ফিজিক্স সবই বাংলায় পড়ান হয়, রসায়ণ, পদার্থবিদ্যা बाश्लाय পढ़ात्नात्र वावभ्था আছে, তাহলে সরকার কেন বাংলাভাষা চাল, করতে পারেন না ব্রেথ উঠতে পাচ্ছি না। বেসব অজ্বহাত মন্ত্রিমহাশয় উপস্থিত করেছেন সেগ্রাল বাজে অজ্বহাত, সেই অজ্বহাতে খুব বৃদ্ধি নেই। বাংলাভাষায় যখন আমরা দৈনন্দিন কাজ কর্ম করতে পারি, দৈনন্দিন সেই ভাষায় কাজকর্ম চালাই, জীবনযাত্রা চালাই, তথন কেন সরকারী অফিসে এই ভাষায় কাজকর্ম চলতে পারে না-–এটা বুঝে উঠতে পারা যায় না। তাঁদের যদি ইচ্ছা থাকত তাহলে নিশ্চয়ই বাংলাভাষার কাজ চাল, করা যেত। যদি পরিভাষা না হয়, যে শব্দের পরিভাষা আছে অভিধানে সেই পরিভাষা নিয়ে যদি ইংরেজীতেও থাকে তাতে কি আসে যায়, কাজ চলতে পারে. र्योप উल्प्यमा थारक वाश्माভाষारक हाला, कत्ररवा। वाश्माভाষा या আছে সমৃन्धरे আছে, এ पिरस নিশ্চয়ই কান্স চালিয়ে নিতে পারা যায়, এটা নিন্ধের ইচ্ছার উপরই নির্ভার করে, এই যে টাইপ রাইটার নেই, স্টেনোগ্রাফার নেই এই অজ্বহাতে ভাষা চাল্ব হতে পারে না—এটা কোন যুক্তি নয়, আসল হচ্ছে ইচ্ছার ব্যাপার। যদি আমরা কতকগুলি উধর্বতন কর্মচারীকে বা অন্য শ্রেণীকে রক্ষা করর জন্য বাংলাভাষা চাল ্ব করতে না চাই, সেটা হচ্ছে স্বতন্ত্র কথা। যদি আমরা জনসাধারণের কল্যাণ চাই, তাহলে বাংলা ভাষা চাল্ব করতে হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে, যেভাবে এই বিঙ্গ আনা হয়েছে, তাতে এটা প্রত্যাহার করে নেওয়া উচিত। অংগ যেভাবে তাঁরা সংশোধন করেছিলেন, সময় বেশি চেয়েছিলেন, এখন হয়ত আরও কিছুটা সময় নিতে পারেন, কিল্টু যেভাবে সংশোধন করবার চেষ্টা করছেন যে ইংরেজী ভাষা অনির্দিষ্টকালের জনা থাকবে, তাতে এটা আমরা সমর্থন করতে পারছি না। সেজন্য আমি এই বিলের বিরোধিতা কর্রাছ।

[5-30-5-40 p.m.]

Shri Bhadra Bahadur Hamai:

-ক্রিঃ-স্পীক্রর, স্থার, অ্যুক্তের এই বুগ হক্ষে লাইন লাগার বুগ। ৩ বছর লাইন লাগাবার পরে বিজয়বাব, বলছেন যে আবার পিছনে বাও, লাইন লাগাও, এবারে হবে না পরে হবে। এটা সারি আমি ব্রুতে পারলাম না। আর নেপালী ভাষার বিষয়ে এখানে অনেকবার বলেছি, পাশও ^{হরে} गाह । किन्छु जात छेलदात अको कथा वीन त्रांगे हत्क त्नशानी छाया भाग हवात भव आर्थीन দাজিলিংএ যান, বিজয়বাব, দয়া করে ভাল মোটরে যাবেন, দেখবেন যত লেভেল ক্রসিং আছে সেখানে ইংরাজীতে ডেঞ্চার লেখা আছে, বাংলার বিপদ লেখা আছে কিন্তু নেপালী ভাষায় কিছু लिया तहे। अथा तभानी ভाষा आभनाता प्राप्त निराहकन। এই বাংলা এবং ইংরাজী ভাষা না ব্রতে পেরে অনেক নেপালী ড্রাইভার বহু আাকসিডেন্ট করেছে। তারপর, ইংরাজীতে হেলথ সেন্টার লেখা আছে, বাংলায় স্বাস্থাকেন্দ্র লেখা আছে কিন্তু নেপালীতে কিছু লেখা নেই। লিপ্স্ইেন্টিক মাইনরিটির যে ভাষা সেই ভাষাতে কিছু লেখা নেই। আমাদের প্রচার মন্ত্রীর বলনে আর আমাদের বাংলা সরকারের বলনে তাদের যদি এই মনোভাব হয় তাহলে তাঁরা কি করে উন্নতি করবেন জানি না। অবশ্য ষেরকম আমাদের বেলায় করছেন সেই রকম বাংল। দেশের বেলায়ও করছেন। আমরা না হয় লিঙ্গাইন্টিক ম ইনরিটি জাতি আছি, আমানের না হয় এক জারগার ফেলে দিরেছেন, বলছেন যে তোমরা মর, তোমাদের কিছু ব্রুতে দেব না। কিন্তু वाश्ना प्रभक्त बृद्धि पार्यन ना ७ कि व्याभाव? ७ थान थे लाएकब शास्त्र आहा यादा है देउँद्रािशशान, हे वाक्षानी, म्हलना अथातन देश्ताकी काव। हन्तर, वाश्ना कावा हम्रत्य ना। জানি না বিজয়বাব, লিপাইস্টিক মাইনিরিটির ভাষা সন্বন্ধে কতটা এক্সপার্ট। উনি একটা কথা वरम निरमन स्य त्मभामी ভाষাতে টाইপরাইটার নেই। विজয়বাব,র একট, জানা দরকার ছিল যে নেপালী ভাষাতে টাইপরাইটার আছে। হিন্দী টাইপরাইটার নেপালী ভাষাতে চলে। যে রকম হিন্দীতে টাইপ হল ম্যায় যা রাহা হ'ু, সেই রকম হিন্দী দেবনাগরি অক্ষরে ম যা রইছ' নেপালী ভाষাতে টাইপ হয়ে পেল। সূত্রাং নেপালীতে টাইপরাইটার নেই একথা আপনাকে কে বলে দিল সেটা একট্ব দয়া করে জানাবেন। নেপালী বিদ্যায় যাঁরা এক্সপার্ট যাঁরা নেপালী ভাষা **बाह्नन विकारवादः कि छोटात मरभा कनमान्छे करत्राह्नन धर्णे इरव कि इरव ना? आधदा वाद वाद** ৰলেছি যে নেপালী ভাষাবিদদের নিয়ে একটা কমিটি কর্ন এবং ঐ কমিটির মতামত নিয়ে আপনারা নেপালী ভাষা চালা কর্ন। করার আপনাদের ইচ্ছা নেই। লোক যাতে ব্রুতে না পারে, যাতে জানাত না পারে ওদের উপর শাসন করব, ওদের ব্রুতে দেব না এই নীতি আছে <u> वे विराण या आर्थीन সংশোধন कরছেন। একটা সাইনবোর্ড পর্যন্ত আপনারা করলেন না। ব্রক</u> ডেভেলপমেন্টের মিটিং হবে, মেন্বার হচ্ছে গ্রামের চাষীরা, তাদের কাছে নোটিশ দিচ্ছেন ইংরাজীতে। মিটিং হয়ে গেল। আমরা বলি তোমরা কেন আস নাই ভাই। তারা বললে, কোথায়? আমাদের তো জানান হল না। তখন বলি এই রকম ছোট ইংরাজী চিঠি পেয়েছিলে? তারা বললে ও তো একটা ছিল, ছি'ডে ফেলে দিয়েছি। এই হচ্ছে অবস্থা। আর একটা কথা বলি—বিজয়বাব, ভাষা জানার জন্য একটা কসিস কর্ন। আপনি যাদ দাজিলিংএ গিয়ে বলেন ষে গরুর দুধে চাই, লোকে বিজয়বাবুকে দেখে হাসবে। আমি যেমন আমার নেপালী ভাষাকে ভালবাসি তেমনি বাংলাভাষাকেও ভালবাসি। আমি আপ্রাণ চেন্টা করে বাংলা শিখেছি, আমি রবীন্দ্রনাথের ভাষাকে ভালবাসি। আমি বাংলা দেশে থাকি সেব্রুনা বাংলা দেশের ভাষাকে আমি ভালবাসি, সেন্ত্রন্য আমি বাংলাভাষা শিখেছি। আপনিও তেমনি লিংগাইেদ্টিক মাইনরিটির যে **हावा स्मिणे अक्षेत्र कान्**न। पाकि निश्व विकारवाद, शिरत यि वर्तान स्व शत्र त प्र पाछ ठाइरा लाक वनत क अत्मर्ह त वावा, भन्ती नाकि? भन्न पर ठाएक ख? किन्ठ वाश्मा *फार*न भन्न प्र न्य वनला शरात मूथ प्रत्व। किन्छु मास्त्रिनिष्ठक शरात मूथ वनला मिएछ भारत ना। णत भारन अथारन शतु भारन वनम, वनरमत मृथ जाशल एमरन कि करत, विकासवाद कि राजा मिरा भारत्य ना। रमहे त्रकम वनमत्क वर्तन भरत्—धहे हम तिभारमद ভाষा। रमञ्जना वनिष्ट आमारमद ভাষাটা কিছ, স্টাডি কর্ন আপনি। আপনি বলবেন নেপালী ভাষার টাইপ নেই-দেবনাগরী আছে, হিন্দী টাইপ আছে। আপনি ওখানে কনসত করুন। আজ পর্যন্ত দেখলাম না যে আপনি নেপালী ভাষাকে মেনে নিয়েছেন, ব্লক ডেভেলপমেণ্টে একটা মিনিটও নেপালীতে নাই। আমরা বার বার বলেছি নেপালী ভাষা কর্ন, করবেন না। রাণীর দালাল লোক আছেন তো, रैरवाकी क्षाफ़ा वरमन ना। श्राप्त स्थरिक वासन हैरवाकीरिक कथा कहेरनन, **ला**स्क कि वृत्यस्त? ^{ক্তট}্কুন আপনাদের নিজেদের দরকার ততট্কুন করেছেন। আমরা দেখেছি যখন আপনাদের र्धीय हाना रत्व रुपरे नमन्न जाननात रुपेत्नाशाकारतत मनकात रेत्व ना. हानात कानरकात मनकात कम ^{পড়া}ন না। দেখাছ বিজয়বাব, ভাষণ দিয়ে দিচ্ছেন নেপালীতে ভাষণ লেবার মিনিন্টার

श्रविजय सिंह नाहारनु भाषण दिलुभ हेयरन् आशास्त्र ।

এবং এ াকুই দরকার, আপনার প্রচারের জন্য এটাকু দরকার, তাই নেপালীতে কবে দিলেন কিন্তু আপনার এখানে কি রকম আডমিনিস্টেশন চলছে, কি রকম কোট চলছে, কি রকম গুলানের শুসন চলছে তা তদের বুঝাত দেবেন না, নেপালীদের ব্রুতে দেবেন না, মহান্ বাজ্ঞালা আত্তকেও ব্রুরতে দেবেন না। সেজন্য বলছেন ইংরাজী থাকবে, ইংরাজী চলবে। বাংলাদেশে বলে আত যা ইংরাজী মুরগা ডাকবো, বাংলায় মুরগা ইংরাজী বুলি এই তো চলছে। সেজন। আম নিবেদন করবো একটা ভেবে দেখান, আমাদের দাবী ছিল লিংগাইসিটক মাইনিরিটির জন্য কোট কাছ গাঁতে যা কাজ করবেন সেগলে নেপালীতে হোক ডেডেলপমেণ্টের তামাম কাজ হোক। আপনারা সাইন বোর্ড পর্যান্ত দিচ্ছেন না। আপনারা বাংলাতে নেপালীতে সাইন বোর্ড দিন। আমি বাংলাভাষাকে ভালবাসি, আমি লিঙ্গইেস্টিক মাইনরিটির জাতির ভাষাকে ভালবাসি। আপনারা ভাষাকে ভালবাসতে শিখনে, তিরস্কার করবেন না। ভাষা বিল পাশ হওয়া সত্ত্বেও আপনারা তিরস্কার করেছেন, নেপালী ভাষাকে। আমাদের বিজয়বাব ঢোল পিটিয়ে বলবেন আমরা পশ্চিম বাংলায় নেপালী ভাষাতে কাগজ বের করেছি—লেবারের কাগজ—এ ছাড়া আর কিছু বলবেন না। আপনার বিল নেপালীতে আনুন, আমরা চাই অ্যাসেম্বলী প্রসিডিংস নেপালীতে দিয়ে দিন, নেপালীরা ব্যুক্ত আপনারা কি বলছেন, আমরা কি বলছি, আপনারা কি করবেন। তা না হলে ভেজাল সরকার--- গিনি সোনায় চলছে তো। বিজয়বাব, প্রচার মন্দ্রী-তাঁকে বলছি তিনি শুনুন আমাদের দাবী হল নেপালী ভাষাতে সব কাজ করতে হবে. এই বিল করা চলবে না যে বিল পাশ হয়েছিল সেই অনুষায়ী কান্ত করে বাবেন, তামাম ভাষা নেপালীতে করতে হবে, তা না করলে ওরা জানবে যে আপনারা যেসব বড় বড় বড়তা দিচ্ছেন, সব ভণ্ডামী। আপনাম বড় বড় বড়তা দিয়ে বলছেন এই করে দিচ্ছি, তাই করে দিচ্ছি, যেমন তেনজিংকে বললেন তুমি হিমালয়ে চড়েছো, খুব তুলে দিলেন কিন্তু নেপালী ভাষার তো কিছ্ করলেন না। আপনি এগ্লি শ্লে হাসছেন-এখানে হাসছেন, ওখানে গিয়ে ধমক খাচ্ছেন। বিজয়বাব অতানত নরম নরম মিণ্টি মিণ্টি কথা বলে গেলেন কিন্তু আমি তো প্রেটি বলেছি যে শুং বিজয়বাব,কে দোষ দেব না, বাংলা দেশের আডিমিনিস্টেশন যাঁদের হাতে তাঁরা আপনাকে সামনে ঠেলে দিয়েছেন হাতীর দাঁতের মত করে।

[5-40-5-53 p.m.]

মিষ্টি কথা যতই বল্ল, কাজ করবার লোক পিছনে আছেন তাদের আপনারা কাজ করতে দেবেন না। রাইটার্স বিলিডং এমন একটা জারগা, যে ওখানকার ব্যাপার শনেলে ভয় লাগে। ইংরাজী আমরা জানি না, আমরা বাংলায় বলি, আর ও'রা ইংরাজীতে তার রিপ্লাই দেন। এইত অবস্থা চ**লেছে। সে**ই জন্য আমি বলছি, আমরা চাই যে হেলথ সেণ্টার থেকে শরে করে সমস্ত জায়গায় নেপালী ভাষায় সাইনবোর্ড দিন। অন্ততঃ রেলওয়ে লাইনের কুসিং এ নেপালী ভাষায় লিখে সাইন বের্ডে দিতে বলুন। কারণ নেপালী ড্রাইভার সঞ্চেত ব্'শতে না পারলে, সেখানে আ্রাকসিডেন্ট হয়ে বহু লোক মারা যাবার সম্ভাবনা আছে। আমি স্টে জনা স্বধান করে দিচ্ছি। আর কোর্টে এবং অন্যান্য সমস্ত জায়গায় নেপালীতে কাজকর্ম হোক, সাকুলার নেপালীতে ছাপান হোক এবং সব বিল নেপালীতে লেখা হোক। র্বাসদ নেপালীতে ছাপান হোক। আর সেখনে ঐ রকম লোক বা অফিসার পাঠান যারা तिभानी कात. याता तिभानी कथा द्वारा भारत. याता तिभानीर्क मत्रथाम्क निभारक भारत। আমি একবার নেপালী ভাষাতে দরখাসত লিখে দিয়েছিলাম, তাতে দেখলাম সেখানকার অফিসার কিছ.ই ব.মতে পারলেন না। তিনি বললেন, আপনি কি লিখেছেন আমি পড়তে পারছি না। আমি বললাম নেপালী ভাষা চাল, করার জন্য পাশ হরে গিয়েছে। আপনি দেখন এতে কি লেখা আছে। ঐ রকম লোক ত আপনারা সেখানে পাঠান। তস্যা দান্তিলিং-এ গিয়ে কি করবে ? সেখানকার লিপাইস্টিক মাইনবিটিলের ভাষা আপনার আডমিনিস্টেশন-এর লোকেরা कारमन ना, जांद्रा माक्षिनिश-ध कि काक कदाव ? जादा ज किছ है व बरू जादव ना। निश्न है-

শ্চিক মাইনরিটিদের যে ডিম্যান্ড, তা কি তারা ব্রুতে পারবে ? ব্রুতে পারবে না। সেই জন্য আমি বলছি যে সমস্ত অফিসারকে দার্জিলিং-এ পাঠাবেন, তাদের অন্ততঃ নেপালী ভাষা শেখাবেন।

আর কি বলবো, আপনি যে বিল এনেছেন, খ্য কড়া ভাষায় আমি ভার বিরোগিতা কর্মছ। আমি অন্তোধ নহছি ১৯৬৫ সাখের মধ্যেই এই চাল্ব হোক, এই বলে আমার ভাষণ শেষ কর্মছ।

Shri Naai Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1964.

Shri Somnath Lahiri: Sir. I beg to move that the Bil, be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1961.

Shri Naresh Nath Mookerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই বিলটি সম্বন্ধে কিছু বলবার ইচ্ছা ছিল না, এবং ইংরাজী ভাষার প্রতিষ্টা দেশে চিরদিনের জন্য যাতে হয়, এই কথা সমর্থন করতেও আমি উঠিনি। কিন্তু ওদিকের বন্ধারা এমন একটা ইন্দুজাল বিস্তার করবার চেণ্টা করেছেন যার ফলে ও'রা বোঝাতে চান যে বাংলা সরকার আমাদের বাংলা ভাষাকে গঞাযাত্রায় পাঠিয়ে ইংরাজীকে চিরদিনের জনা দেশে প্রতিষ্ঠা করবার চেণ্টা করছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের অবজেক্টস অ্যান্ড রিজনস পড়লে বোঝা বায় বে

"as practical difficulties are likely to arise for the changeover from English to Hindi".

সেই জনা বিলটি আনা হচ্ছে। মাননীয় অধাক্ষ মহাশয়, আজকে এই বিলটি যদি বিজয়বাৰর মতে প্রত্যাহার করা হয়, তাহলে এর ফল এই হবে যে হিন্দী ভাষা কমপালসরি অলটারনেটিড ল্যাংগোয়েক্ত হবে। আমি জানি না ওদিকের বন্ধরো সেটা সমর্থন করবেন কি না। আমি সমর্থন করতে প্রস্তৃত আছি। দঃথের বিষয় এই আমাদের সংবিধানে ১৫ বংসর সময় দেওয়া হরেছিল যাতে আমাদের বাংলাদেশে শুখু নয়, অন্যান্য সমস্ত প্রদেশে যাতে আমাদের রাষ্ট্রীয় ভাষা অর্থাৎ হিন্দী চর্চা এবং প্রসার হয়, যার ফলে আমরা ১৫ বংসর পরে এই বিদেশী ভাষাকে বর্জন করতে পারবো। কিন্তু আমরা সেটা করি নি। আমরা ১৫ বছরে বাংলা শিংখনি ভাল করে, ইংরাজীও শিখিনি ভাল করে, আর হিন্দীও তাই। হিন্দী চাই, এইটাই শুধু আমরা প্রচার করে এর্সোছ। শুধু আমরাই নয়, ভারতের প্রত্যেক প্রদেশের লোকেরা এই প্রচার করে এসেছে: ফলে আজকে এইটা দাঁড়িয়েছে যে ইংরাজী ভাষা যদি অলটারনেটিভ ল্যাপোয়েজ হিসাবে আপনারা না রাখেন, তাহলে মাদ্রাজে আমাদের বন্দুদের সংগা, ভারেদের সংগা কেন কথাই বলতে পারবো না। আমরা আরো দক্ষিণে গেলে তাঁরা তেলেগা, বলবেন, আরো আহারা ব্রুতে পারবো না। আরো দক্ষিণে গেলে মালায়ালাম বলবেন, আরো আফদের মশেকিল হবে, বশ্বের দিকে গেলে মহররাণ্ট্র ভাষা ছাড়া তাঁরা কিছ বলনেন না, পাঞ্চাবে গেলে পাঞ্চাবী ভাষা ছাড়া আর কিছ, বলতে পাবেন না, ফলে হবে কি? ভারতবর্ষ একটা ডিসইউনাইটেড ডিসইন্টিগ্রেটেড স্টেট হয়ে থাকবে। দুঃ খেল বিষয় আমি বাংলার ছেলে, আপনারাও বাংলার ছেলে, বাংলার মাটিতে জন্ম, বাংলার হাওয়া, বাংলার তল সেবন করে আমরা বে'চে আছি কোন সন্দেহ নেই। আমরা বাংলার চিস্তা করি, বাংলা ভাষার আমরা লিখি, বাংলা ভাষার আমরা বস্তুতা দিই এবং দেব। কিন্দু আঞ্চকে র্যাদ আহবা সাহস করে বলতে পারি যে, হার্ট ইংরাজী তলে দেওয়া হোক, আমাদের রাণ্ট্রভাসা হিন্দাকৈ আমরা অলটারনেটিভ কমপালসরি লয়পোয়েক হিসাবে প্রতিষ্ঠা করি রাষ্ট্রে তাহাল এই বিলকে সমর্থন না করতে আমি প্রস্তুত আছি। কিন্তু আমার একটি বন্ধত্ব ওদিকে একথা সমর্থন করবেন না আমি জানি, সেই জন্য আমি এই বিলটি সমর্থন করছি।

অধ্যক মহাশর, আর একটা কথা, আজকে ভারতবর্বে আমাদের বাংলাদেশের ছেলেরা প্রতিযোগিতার যদি বোগদান করতে চায়, যে কোন একজামিনেশন আজ দিতে চায়, ভারতবর্বের অন্যান্য ছেলেদের সংশ্যে আমাদের প্রতিযোগিতা করতে হলে আমাদের ইংরাজী ছাড়া উপায় নেই। বিদেশে গেলে, এমন কি এখানে হায়ার এডকেশন. ইউনিভারসিটিতে পডতে গেলে. যে কোন জিনিষ্ট আপনি নিন, এক্সপেরিমেন্টাল সাইকোলজি পাওয়াই যাবে না বাংলায় বই বা হিন্দীতে বই। আপনার ফিলসফিতেও বাংলার অনুবাদ বই পাওরা যাবে না। সায়েন্স-এর কথাই নেই. তাহলে আজকে ইংরাজী অলটরনেটিভ ল্যাগেগয়েজ থাকবে কি না এ নিয়ে এত বিতকের কি কারণ তা আমি ব্রুতেই পারি না। বাংলাভাষাকে দেশ থেকে তাডিয়ে দেওয়া হচ্ছে না, আমরা বাংলাভাষাতেই বন্ধতা দেবো এবং বাংলাভাষাই আমাদের মাতভাষা এ বিষয় কোন সন্দেহ নেই। কিন্ত যদি আজকে সত্য কথা বলতে হয় তাহলে আমাদের বিরুদ্ধে দলের নেতারা, বন্ধরো, তাঁরা কি সতিয়ই একথা বলতে পারেন বকু ফুলিয়ে যে ইংরাজী ভাষা দরে করে দেওয়া হোক, হিন্দী ভাষা আমরা অলটারনেটিভ কমপালসরি ল্যাপোয়েজ করবো। এ কেট বলবেন না আমি জানি সেই জন্য অধ্যক্ষ মহাশয়, আমরা আজকে এই বিলটি সমর্থন করতে চাই। আর একটি কথা, আজকে আমি দেখেছি, আপনার দশ্তরের বিষয়েই বলতে হয় বাংলায় সব বন্ততা যেগলে হাতে করে লেখা, মাঝে মাঝে আমরা পাই কারেকণনের জনা, আমরা সেগ,লি পড়তে পারি না, তা টাইপ করবার ব্যবস্থাই নেই। আমি আপনাকে বহুবার অনুরোধ করেছি, আপনি তার উত্তর দিয়েছেন दि পाउड़ा यात्र ना। मिछा कथा, वारना मिटेशान्छ बदर वारना होरेशिन्हे बचनल एवन मारेतन দিলেও পাওয়া যায় না, যে কয়েকজন আছেন তাঁরাই কোন রকমে চালান। আর আমাদের কথাও वर्तन काळ तन्हें, वाश्ना वनारंख वनारंख छ वन्यतम्त्र मर्लग कछ हेश्ताको कथा या छात्र मध्या वर्तन स्मिन তার সংখ্যা নেই। একটা ভাষা অন্ততঃ আমরা ভাল করে লিখি, অধ্যক্ষ মহাশয়, বাংলাটাই আমরা লিখতে আরম্ভ করি। আমি সর্বাশ্তকণে সমর্থন করি ইংরাজী যত শীঘ্র দরে করে দেওয়া বার ততই ভাল। কিন্ত একটা অলটারনেটিভ ল্যাপোরেজ আমাদের শিক্ষা করার ফেটা করা দরকার। আমরা বাণ্গালীরা বাংলা ভাল করে শিখব, কিন্তু একটা অলটারনেটিভ ল্যাপ্গোয়েজ যে থাকার দরকার, সেটার কি হবে? ইংরাজীকে সরিয়ে দিয়ে কোন ভাষাকে আপনারা চাল, করবেন এটাই আমরা জানতে চাই। আমি অনর্থক বিতকের পক্ষপাতী নই। যাতে এই বিলটা পাশ হয় তার জনা আমি অনুরোধ জানাচ্চি।

The Hon'ble Bilov Singh Nahar:

স্পীকার মহাশয়, আমি দেখলাম স্টেটমেন্ট অফ অবজেক্ট্স অ্যান্ড রিজনস নিয়ে শন্তুচরণ ঘোষ মহাশয়ের আপত্তি আছে। আমি চিন্তা করে দেখলাম স্টেটমেন্ট অফ অবজেক্টস আদেড রিজনস থেকে ঐ ক্লব্ধ উইথড়্র করে নিলে কোন অস্ক্রিধা হবে না। আশা করি এর পর ও'রা পয়েন্ট অফ অর্ডার থাকবে না।

Shri Sambhu Charan Chosh:

স্যার, আমার ম'ল বন্ধবা স্পেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস-এর থার্ড প্যারাগ্রাফ-এর উপর। আমি বলেছিলাম এই প্যারাগ্রাফটা বদি রাখেন তাহলে এই আমেন্ডমেন্টে অরিজিনালে আক্টেএর বিপরীত হরে যায়। আমি অত্যন্ত খুসী হরেছি মন্দ্রিমহান্দর এই প্যারাগ্রাফটা তুলে নিয়েছেন। আমিও আমার প্রেণ্ট অফ অর্ডার প্রতাহার করে নিচ্চি।

Adjournment

The House was then adjourned to 5-53 p.m. till 1 p.m. on Tuesdy, the 15th September, 1964, at the Legislative Building, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 15th September, 1964, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 144 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-1-10 p.m.]

Scheduled Castes and Tribes people holding certain categories of Government post

- *353. (Admitted question No. *1133.) Shri MAHANANDA HALDAR: Will the Hon'ble Minister-in-charge of the Home (G.A.) Department be pleased to state—
 - (a) how many of the Divisional Commissioners, District Magistrates, Directors of different Directorates, District Judges, I.G.s, D.I.G.s., S.P.s of Police under the State Government hail from Scheduled Castes and Scheduled Tribes of West Bengal;
 - (b) whether Government follow the principle of reservation in these appointments;
 - (c) if not, the reasons therefor; and
 - (d) in what cases, if any, the Government follow the principle of reservation in these appointments?

The Hon'ble Ardhendu Sekhar Naskar:

(a)				Scheduled Castes	Scheduled Tribes
	(1) Divisional Commissioners			Nil	Nil
	(2) District Magistrates			2	Nil
	(3) Heads of Directorate			1	Nil
	(4) District Judges			1	Nil
	(5) I.G.s			Nil	Nil
	(6) D.L.G.s	•••		Nil	Nil
	(7) Sugdts. of Police	•••	•••	,1	MI

(b) No.

